ৰুদ্ধেৰ জীবন ও বাণী

শ্রীশরৎকুমার রায়

ৰ্ব্য বারো আনা মাত্র

প্রকাশক শ্রীপ্রিয়নাথ দাশগুপ্ত ইণ্ডিয়ান্ পাব্লিশিং হাউস ২২।১ কর্ণওয়ালিস ষ্ট্রীট,কলিকাতা

কান্তিক প্রেস

২০, কর্ণওন্নালিস ব্রীট, কলিকাতা—শ্রীহরিচরণ নারা দ্বারা মুদ্রিত এই পুশুকের ১ হইতে ৬৪ পৃষ্ঠা কলিকাতার ২১নং কালিদাস সিংহ লেন "কিনিল্ল প্রিণ্টিং ওরার্কস"এ মুদ্রিত।

উৎসর্গ

হে অচিনীয় হে বন্দনীয়, এই কয়টি প্রশ্নবাণী রচিত হইরাছে, তুমি এই আসনে উপবেশন কর। মনোযোগ করিয়া আমার এই উক্তিপ্রবণ কর। তোমাকে যাহা আমার দেওরা হয় নাই, তাহা আজ আমি তোমার চরণে নিবেদন করিতেছি। তুমিও যাহা আমাকে এখনও দাও নাই, তাহা আমাকে দাও। তুমি ষে আমাদের সকলের স্থা, আমাদের সকলের প্রম বন্ধু।

(অথর্ক সংহিতা)

ধিনি সমগ্র জগতের কবি, এই আশ্রমের আচার্য্য এবং আমাদের অর্চনীর ও বন্দনীর সেই পূজ্যপাদ আচার্য্য শ্রীযুক্ত রবীস্তনাথ ঠাকুর মহাশরের শ্রীচরণে আমার রচিত এই সামান্ত অঞ্জলি ভক্তিভরে নিবেদন করিতেছি। তিনি রুপাপূর্ব্বক ইহা গ্রহণ করিয়া তাঁহার প্রসন্ন আশির্বাদের ধারা আমাকে চরিতার্থ করন।

শান্তিনিকেতন, }
২৫এ বৈশাথ, ১৩২১

ভক্তি-প্রণত

শ্রীশরংকুমার রার।

নিবেদন

এই গ্রন্থে মহাপুরুষ বুদ্ধের সাধনার সংক্ষিপ্ত ইতিহাস এবং স্থুল স্থুল উপদেশগুলি সঙ্কলিত হইল। এই রচনাকার্য্যে আমি বৌদ্ধ শাস্ত্রীয় কয়েকথানি গ্রন্থ এবং রিসডেভিড, পলকেরাস, এড্মাগুহোম্স, ভিক্ষুশীলাকর, স্কুক্ প্রভৃতি মহাত্মাদিগের রচনা হইতে সাহায্য পাইয়াছি। উল্লিখিত গ্রন্থকার মহাশমদিগের নিকটে আমি অস্তরের কৃতজ্ঞতা জানাইতেছি।

শ্রদ্ধাম্পদ বন্ধ শ্রীযুক্ত ক্ষিতিমোহন সেন ও ভক্তিভাজন পণ্ডিত
শ্রীযুক্ত বিধুশেথর শাস্ত্রী মহাশয় আমার রচিত এই গ্রন্থথানি আছস্ত
পাঠ ও সংশোধন করিয়া দিয়াছেন। ক্ষিতিমোহন বাবু এই
প্রকের ভূমিকা লিথিয়া দিয়াছেন। প্জনীয় পণ্ডিত শ্রীযুক্ত
হরিচরণ কাব্যবিনোদ মহাশয় গ্রন্থের প্রফ সংশোধন করিয়া
দিয়াছেন। এই সকল শুভার্থী বন্ধদিগকে আজ গভীর ক্বতজ্ঞতা
জানাইতেছি।

এই পুস্তকের জন্ম শ্রীমান মুকুলচন্দ্র দে, শ্রীমান সম্ভোষ কুমার
মিত্র এবং শ্রীমান মণীক্রভূষণ গুপ্ত চিত্র অঙ্কন করিয়া দিয়াছেন।
তাহাদিগকে আস্তরিক ধন্যবাদ দিতেছি। ঘাঁহাদের উৎসাহে এই
পুস্তক রচিত এবং মুদ্রিত হইয়াছে তাঁহাদের মধ্যে অধ্যাপক শ্রীযুক্ত
চুণীলাল মুখোপাধ্যায় ও স্কুছদ্বর শ্রীযুক্ত হরেক্ত নারায়ণ কবিরঞ্জন

মহাশয়দের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। তাঁহাদিগকে আমি আস্তরিক কৃতজ্ঞতা জানাইতেছি।

নানা অনিবার্য্য কারণে এই পুস্তকথানি ছই প্রেসে মুদ্রিত হইল এবং মুদ্রান্ধণে বহু ক্রটী ও ভ্রম-প্রমাদ রহিয়া গেল।

শাস্তিনিকেতন বোলপুর ৯ই বৈশাথ ১৩২১

শ্রীশরৎ কুমার রায়

ভূমিকা

(অধ্যাপক ঐীযুক্ত কিতিযোহন দেন, এম্এ মহাশয় কর্তৃক লিখিত)

মহাকবি কালিদাস তাঁহার মহাকাব্যের প্রারম্ভে পূর্ব্ববর্ত্তী কবিগণের চরণে প্রণাম করিতে গিয়া এই চমংকার কথাটি বলিয়া ফেলিয়াছেন যে যাঁহার৷ শক্তিমান তাঁহার৷ বক্তব্যটার ভায় শক্তি-শালী। সকল মহাজীবনী রত্নের স্থায় উজ্জল ও রত্নেরই স্থায় কঠিন। সেই সব জীবনী মানুষ ব্যবহার করিত কেমন করিয়া যদি না মহাকবি তাঁহাদিগকে সর্বমানবের গ্রহণযোগ্য করিতেন প হীরকের স্থচী যেমন রত্নের মধ্যে ছিদ্র করিয়া তাহাকে সর্বলোক লভ্য করিয়া দেয় তথন যে-কেহ সেই রত্নে স্থত্র প্রবেশ করাইয়া কণ্ঠে ধারণ করিতে পারে. তেমনি যাঁহারা কবি ও শক্তিমান তাঁহারা এই জগতের রত্মবৎ ভাস্বর ও রত্মবৎ দৃঢ় মহাপুরুষ চরিত্রকে সকলের গ্রহণীয় করিয়া দেন। এমন হঃসাধ্য কর্মে কালিদাসও হাত দেন নাই, তিনি পূর্ব্ববর্ত্তী মহাকবিগণের ক্বত রন্ধ্র আশ্রয় করিয়া তাঁহার কাব্যমালা গাঁথিয়াছিলেন। বজ্রস্থচীর কর্ম নিজে করিতে সাহস পান নাই। অন্ততঃ এইরূপ একটা বিনয় গ্রন্থারম্ভে তিনি করিয়াছেন। কিন্তু আমরা অল্পক্তি বলিয়াই সেইরূপ বিনয় বাদ দিয়া থাকি। আমার ভার লোককেও যে এইরূপ একথানি ভক্তচরিত গ্রন্থের ভূমিকা লিথিয়া গ্রন্থথানিকে গ্রহণযোগ্য করিয়া দিতে হইবে তাহা কে জানিত ? অনেক অমুনয় বিনয় কাকুতি মিনভিতেও নিষ্কৃতি মিলিল না। অমুরোধে, অমুরোধ অপেকা আরও কঠিন প্রীতির শাসনে আমায় এই ভার লইতে ইইল। কালিদাসের বোধ হয় কোন বন্ধ ছিলেন না, অস্ততঃ সেই সব বন্ধুদের কেহ গ্রন্থকার ছিলেন না এবং মুদ্রাযন্ত্রও তথন ছিল না, তাহা ইইলে দেখিতাম কেমন করিয়া বিনয় রক্ষা পাইত ? কালিদাসের কবিত্ব শক্তি বাদ দিয়াও সেই নিষ্কণ্টক যুগটির প্রতি অত্যন্ত লোভ উপস্থিত হয়।

গ্রন্থকার আমার বন্ধু; একই কর্ম্মে আমরা পরস্পারের সহযোগী। এমন অবস্থায় তিনি আমার শক্তিহীনতা দেখিরাও দেখিলেন না কেন ?—প্রেমে।

প্রেম একটি অপূর্ব্ব বক্ত্রস্টী, ইহার প্রসাদেই একজন আর একজনকে, মানব সকলকে লাভ করে। এই নানা লতাপাদপ-রম্য, নানা জীবজন্তদেবমানববিচিত্র নিথিললোক আমার নিকট একটি নির্বাসন ভূমি হইত যদি প্রেম না থাকিত; তবে সকলের মধ্যে আমি একা, গৃহের মধ্যে আমি বন্দী। প্রেমেই আমরা একজন আর একজনকে পাইয়া ক্লতার্থ হই। মন-প্রাণ-ইক্রিয় সকলের মহোৎসব লাগিয়া যায়।

এমন যে মহামূল্য প্রেম, তাহাকে ত বিনামূল্যে কিনিতে পারি না। এই প্রেমটি পাওয়া মাত্র সীমাসংখ্যার বোধখানি বিসর্জন দিতে হয়। পুত্রের রূপ কতটা তার সন্ধান মার কাছে মিলিবে না; সেই নয়নে ঐ রূপের সীমা নাই; পুত্রের কি গুণ তাহা পিতা বলিতে পারেন না, প্রেমে তিনি সীমাকে যে ছাড়াইয়া বসিয়াছেন।

তবে কি প্রেমের ধর্মই অসত্য ? একথা সত্য নহে। আমরা মনে করি প্রত্যেক বস্তুর চারিদিকে যে কুদ্রতার সীমা আছে তাহাই বৃঝি একান্ত সত্য। কিন্তু এই কথাই কি পরম সত্য ? প্রত্যেক বস্তুই ও প্রত্যেক মানবই যে আবার তাহার ইন্দ্রির গ্রাহ্ম সকল সীমা অতিক্রম করিরা মহাগৌরবে বিরাজমান এই লীলাই ত সাধক দেখিতে চাহেন ? সাধকের সাধনাপুত নরনে অণু আর অণু নাই—"সমত্বং গিরি সর্বপরোঃ"—"সর্বপ ও পর্বত ছই-ই সমান" এইথানেই দর্শক ও পূজক একান্ত বিভিন্ন হইয়া গিরাছেন। যে কেবলমাত্র চাহিয়া দেখিতেছে সে ত বস্তুর চতুর্দ্ধিকস্থ ক্ষুদ্র সীমাগুলিকেই বড় করিয়া দেখিবে; কিন্তু যে হালয় দিয়া দেখিতেছে ও পূজা করিতেছে সে ত এই সীমার বন্ধন হইতে মুক্তিলাভ করিয়া বিসাছাছ।

এইথানেই ঐতিহাসিকে ও ভক্তে প্রভেদ। ঐতিহাসিকের কাছে কোন বিশেষ ব্যক্তি কোন বিশেষ স্থান বা কোন বিশেষ কাল তাহার আপনার চতুর্দিকের সীমার মধ্যে আবদ্ধ; কিন্তু ভক্তের নয়নে সেই সব সীমা কোথায় মিলাইয়া যায়! সকল জগৎ যেমন, ব্রজভূমিও তেমনি, কিন্তু বৈষ্ণবের নয়নে সেই ভূমির কি আর তুলনা আছে? সে যে দেখেনা, সে পূজা করে। যথন মহাপ্রভূ চৈতভ্য জন্মগ্রহণ করেন তথনও দিনরাত্রি আজিকারই মত নিশার হইত; কিন্তু সেই পূণাযুগে জন্মগ্রহণ করেন নাই বলিয়া ভক্ত বৈষ্ণব বাস্থদেব ঘোষ জীবনকে থিকার দিয়া বলিয়াছেন—"লারোত্তম দাস বলিয়াছেন—"নরোত্তম দাস কেন না গেল মরিয়া।"

বৃদ্ধ খৃষ্ট মহম্মদ চৈতক্ত প্রাভৃতির ক্লায় যে দব মহাপুরুষ জগতে জন্মগ্রহণ করেন, তাঁহারা যে কেবলমাত্র এই জগৎকে পবিত্র করিয়া যান তাহা নহে; তাঁহারা আমাদের একটী স্থগভীর উপকার করিয়া দিয়া যান। আমাদের অন্তর আত্মাকে প্রাণ দিয়া যান, আমাদের আত্মাকে থাত্য দিয়া যান; এই পৃথিবীর মাটিতে যে রদ আছে, আকাশে যে সার আছে তাহাতো আমরা গ্রহণ করিতে পারি না। বৃক্ষণণ নিঃশকে বিদিয়া বিদয়া তাহা গ্রহণ করে এবং আমরা বৃক্ষমগুলীর উপার্জিত ফল মূল পত্র কাণ্ড গ্রহণ করিয়া প্রাণ রক্ষা করি। আকাশে এবং মাটিতে যে সার আছে তাহা নিজ্জীব (Inorganic), তাহাতে জীবন সঞ্চার করিয়া সজীব (Organic) করে কে ?—এ পাদপমগুলী। জীব ও জড়ের মাঝখানে দাঁড়াইয়া তাহারা ক্রমাগত জড়লোক হইতে সকল সার লইয়া জীব মাত্রের গ্রহণীয় করিয়া দিতেছে। বৈশ্ববেরা ভক্তকে বৃক্ষের ভায় বলিয়াছেন। এই বৈজ্ঞানিক রহশুটুকু তবু তাঁহারা জানিতেন না।

জগতে এমন কত কত জ্ঞানগম্য সত্য আছে যাহাতে জীবনসঞ্চার করা হয় নাই। তাহা আমরা জ্ঞানে জানি কিন্তু অন্তরে
গ্রহণ করিতে পারি না। এই সব মহাপুরুষ সেই সব নিজ্ঞীব
সত্যকে সাধন করিয়া তাহাতে জীবন সঞ্চার করিয়া দেন, তথন
সকলেই সেই সত্যকে গ্রহণ করিতে পারে। তৃণভোজনে অসমর্থ
প্রাণীর জন্ম গাভী তৃণ ভোজন করিয়া উধোভাণ্ডে হুদ্ধ সঞ্চার করে;
সামগ্রহণে অসমর্থ শিশুর জন্ম মাতা স্তনে অমৃতরস ভরিয়া তোলেন।
তথন জীবকুল পরিতৃপ্ত হয় এবং শিশুকুল বাচিয়া যায়।

পরমেশ্বর সর্কলোক চরাচরের পিতা, জ্ঞানে এই কথা কে না জানে ? কিন্তু মহাপুরুষ খৃষ্ট আসিয়া পুত্রহুকে সাধন করিলেন আর অমনি জগদ্বানী কত লোক ভগবানকে পিতা বলিয়া গ্রহণ করিয়া বাঁচিয়া গেল। ভগবান ত্রিলাকের পতি সকলেই জানে, মহাপ্রভু চৈতন্ত দেই প্রেমসম্বন্ধ সাধন করিয়া গেলেন। বৈষ্ণব-গণ সেই রস হাতের কাছে পাইয়া বাঁচিয়া গেলেন।

তাই বলিতেছিলাম, মহাপুরুষেরা নিজ্জীব সত্যগুলিকে ধরিয়া সাধনা দ্বারা জীবস্ত করিয়া দেন, তথন সত্য আমাদের জিজ্ঞাস্ত মাত্র থাকে না, তাহা আমাদের অস্তরের থান্ত এবং প্রাণের আশ্রয় হইয়া উঠে।

এই পছার বিপদও আছে। জগতে কোন্ মহামূল্য নিধি বিনামূল্যে মান্ন্য লাভ করিয়াছে ? ইহারও মূল্য দিতে হয়, বড় বিষম মূল্য দিতে হয়। যত দিন জ্ঞান নিজ্জীব থাকে তত দিন তাহা পচে না কিন্তু যেই তাহা জীবন্ত হইয়া উঠে, তথনি তাহা জীবন্ত বন্তর ন্তায় প্রাণহীন হইলেই পচিতে আরম্ভ করে। ধর্ম্মের এই-রূপ বিকারে জগতে যত রক্তারক্তি ও মহাঅনর্থপাত ঘটয়াছে ততকি নীচতম স্বার্থসাধন করিতে গিয়াও ঘটয়াছে ? কত হত্যা, কত দাহ, কত অত্যাচার, কত নির্চুরতা, কত কুসংস্কার, কত নির্যাতন ! বড় কঠিন মূল্যে জীবন্ত সত্যকে গ্রহণ করিতে হয়।

কিন্ত উপায় নাই, এই ভাবেই জীবন্ত সত্যগুলিকে মানব এ যাবং গ্রহণ করিয়াছে এবং এই বিপদ বাদ দিয়া সাধনাকে গ্রহণ করিবার উপায় আজও উদ্ভাবিত হয় নাই। যাঁহারা অতিশয় সাবধান হইতে গিয়াছেন তাঁহাদের স্থচতুর নানা বন্ধনেই যত্যের প্রোণ উড়িয়া গিয়াছে। সত্য জীবন্ত হইবে অথচ বিপদ থাকিবে না এমন উপায় আছে কোথায় ? তাহার একমাত্র উপায় আছে যাহা সর্বাপেক্ষা সরল ও সর্বাপেক্ষা উদার কিন্ত সেই জন্মই অতিশয় কঠিন। সেই উপায় সদা প্রাণবান্ থাকা। আচারে ব্যবহারে জ্ঞানে মতে সাধনার সেবার কোথারও প্রাণহীন হইও না, তবে এই গলিত বিকারের প্রলয় হইতে রক্ষা পাইবে।

যাক্ সে কথা। মহাপুরুষেরা সত্যকে এই জীবন দেন বলিয়া সাধকমগুলী যে তাঁহাদের কাছে কি উপক্ষত তাহা বলিয়া শেষ করা যায় না। ঐতিহাসিক সেই সব মহাপুরুষকেও অস্তাস্ত মামুরের মত করিয়াই দেখেন কি না, তাই স্থান কাল ঘটনা ও নানাবিধ সীমার মধ্যে বদ্ধ করিয়াই তাঁহাদিগকে দেখেন; কিন্তু সাধক মহাপুরুষকে বাহিরের ইন্দ্রিয়লোকে রাখেন না তাঁহাকে একেবারে অন্তরলোকে লইয়া গিয়া "মনের মামুষ" করেন, তথন আর ত সীমার বা পরিমাণের বোধ থাকে না, তাই ভক্তদের হাদয়ে মহাপুরুষগণ চিরদিনই সীমা অতিক্রম করিয়াই বিস্তমান। খৃষ্ট ঐতিহাসিকের কাছে একজন মামুষ, পুণ্যবান্ সচ্চরিত্র হইলেও একজন মামুষ মাত্র কিন্তু গৃষ্টায় সাধকের কাছে তিনি প্রেমলোক-বিহারী মনের মামুষ অতএব আর তাঁহাকে স্থানকাল ঘটনার সীমার মধ্যে রক্ষা করা চলিল না।

কত মানব জগতে আছে কিছু আমার গৃহে যথন একটি মানবশিশু জন্মলাভ করে তথন ধূপ ধূনা শৃদ্ধ ঘণ্টারবের মঙ্গলাচারে
তাহাকে গৃহে গ্রহণ করি। জীর্ণচীর দরিদ্র যেদিন বিবাহে চলে
সেদিন তার রাজ্মজ্জা, রাজাও তাহার জন্ম পথ ছাড়িয়া দেন,
আজ যে সে প্রেমলোকে প্রবেশ করিবে, আজ সে রাজারও বড়।
মহাপুরুষ আমার অস্তরের প্রেমলোকে আসিবেন কি প্রতিদিনেরই
জীর্ণচীর পরিয়া ? কণ্টকক্ষতচরণে, রৌদ্রন্দ্রবদনে, কুৎক্ষামদেহে ? না, তিনি আসিবেন রাজার স্থার সমারোহে জয়বাছ
বাজাইয়া, সর্ক্রেশর্য্যে মণ্ডিত হইয়া।

যে মুহুর্ত্তে সাধকদের অন্তরমধ্যে মহাপুরুষণণ প্রবেশ করেন,
সেই মুহুর্ত্তেই তাঁহারা ঐতিহাসিক জন-স্থলভ সব সীমাকে অতিক্রম
করেন। তথন কোথার সীমা নাই, শেষ নাই এবং কোনরূপ
পরিমাণ নাই। সবই অনস্ত সবই অসীম সবই অশেষ। প্রেমের
পরশমণির সিংহাসনের একেবারে উপরে যে তিনি আজ বসিয়াছেন।
এই জন্তুই বুদ্ধের হুই রূপ আছে, এক রূপ ঐতিহাসিকের নেত্রে,
সেখানে তিনি রাজার পুত্র, কপিলবাস্ততে তাঁহার জন্ম, নিরঞ্জনার
তীরে তিনি সাধনা করিয়াছেন ইত্যাদি। কিন্তু আর এক রূপ
আছে ভক্তের অন্তরে, সেখানে ভক্তের হাদয়কমলে তাঁহার জন্ম,
ত্রিলোকের ঐথ্যা তাঁহার ভূষণ, সকল বিচিত্র ব্যাপারই তাঁহার
লীলা ইত্যাদি।

এই পন্থার বিপদ বিস্তর। একটু প্রাণহীন হইলেই পচিন্না উঠিবার আর শেষ নাই। কিন্তু সাধনা অন্তরের বস্তু প্রেমের ধন। মহাপুরুষকে অন্তরলোকে না নিন্না সাধক যে পারেন না: উপান্ন যে নাই।

তাই ইতিহাসে বুদ্ধের এক রূপ, বৌদ্ধ সাধকদের কাছে আর এক রূপ, সেথানে তাঁহারা তাঁহাকে পূজা করেন, একেবারে বুদ্ধেরই তপস্থা করেন। এই হুই রূপে সামঞ্জস্থ কোথার ? সামঞ্জস্থ করা কি কঠিন, সত্যের জরীপে মহাপুরুষের চরিত্র যায় শুকাইয়া, ভক্তের প্রেমবারি সেচনে অনেক সময় যায় পচিয়া। সামঞ্জস্থ হইলে ষে বাঁচা যাইত।

এই গ্রন্থে সেই সামঞ্জপ্তের জন্ম, গ্রন্থকার প্রাণপণ চেষ্টা করিরাছেন। বড় কঠিন কাজ, সত্যকে রক্ষা করিতে হইবে অথচ ভক্ত মহাপুরুষের জীবনীকে প্রাণহীন করাও হইবে না, বড় কঠিন ব্রত। মহাদেবের কুঞ্চিত নৃত্যের চিত্র মনে পড়ে। আনন্দ তাঁহার অসীম অথচ সীমার জগতে তাঁহার নৃত্যলীলা করিতে হইবে। তাই দকল দিত্মগুলের সীমায় সীমায় তাঁহার নৃত্যলীলা কুন্তিত হইয়া উঠিতেছে। এই হন্ধহ ব্রতে গ্রন্থকার প্রাণপণ চেষ্টা করিয়াছেন এবং যে পরিমাণ সাফল্য আশাও করি নাই তাহাও লাভ করিয়াছেন দেখিয়া বিশ্বিত হইলাম। এই চুই বিরুদ্ধ ধারাকে মিলিত করিয়া দীর্ঘ সময় চলা অসন্তব, এই পথথানি যে "ক্ষুরস্ত ধারা নিশিতা হুরত্যয়।" এইরূপ গ্রন্থ দীর্ঘ হইতেই পারে না, তাই এই দীর্ঘ গ্রন্থথানি থুব দীর্ঘ হয় নাই, তথাপি গ্রন্থথানি অপূর্ব্ধ। অ-বৌদ্ধ সাধকের কাছে এইরূপ একথানি গ্রন্থের একাস্ত প্রয়োজন ছিল : ্রিই গ্রন্থে বৃদ্ধের ঐতিহাদিক শুক্ষ মূর্ভিও নাই, আবার তিনি একেবারে দেবতা হইয়া অতি প্রাক্তত হইয়া উঠেন নাই। এখানে তাঁহার সাধক বেশ। যে বেশে তিনি নিজে সাধনা করিয়াছেন সেই বেশেই সকল দেশের সকল যুগের ও সকল সম্প্রদায়ের সাধকের হৃদয়ে অসাধারণ সেবা-রস ও অপূর্ব্ব সাধন-রস সঞ্চার করিতেছেন। তাই এই গ্রন্থে তিনি অতি প্রাক্বত নহেন। এই হরিহরের মিলনে যজ্ঞটি বড় মধুর হইয়াছে।

গ্রন্থকার গ্রন্থের সমস্ত বস্তুই বৌদ্ধশাস্ত্র হইতে বা ভক্তদের লেখা হইতে গ্রহণ করিয়াছেন। নিজ-কলনার আশ্রর গ্রহণ করেন নাই। শাস্ত্রে অবশ্র বৃদ্ধবাণী ও বৃদ্ধকাহিনী আছে কিন্তু ঐতিহাসিক বৃদ্ধের প্রায় শাস্ত্রের বৃদ্ধবাণীও শুক্ষ। মহাপুরুষদের বহু বাক্য শাস্ত্র ঠিক বৃদ্ধিতে পারে না—তাহা তাঁহাদের সাধকেরাই বোঝেন, কারণ তাঁহারা তো জ্ঞান বা দর্শন বলিতে আফ্রেন নাই যে শাস্ত্রে বা দর্শনে তাঁহাদের সব কথা ধরা পড়িবে। তাঁহাদের সাধনার গভীর বাণী বহু সময় শাস্ত্রে ধরা পড়েই না এমন কি অনেক সময় তাঁহারা নিজেরাও তার সবটা ভাবিয়া দেখেন না। সাধক সাধনা করিয়া সেই সব তাৎপর্য্য বাহির করিয়া লয়েন।

মহাসাধকদের বাণী-ই মন্ত্র। মন্ত্র মাত্রেই বীজমন্ত্র। বীজের মধ্যে যে রূপটি প্রচ্ছের আছে তাহা কি শস্তের দোকানের পাষাণ-ভিত্তিতে স্তূপীক্বত বীজের মধ্যে প্রকাশ পার ? ভক্তের সরস চিত্ত-উত্থানে তাহার অন্তর-নিহিত শ্রামনতা, নানা পুষ্পবর্ণ বিচিত্রতা, নানা ফলনিহিত মাধুর্যা ধরা পড়িয়া যায়। তার স্পন্দন, কম্পন, ছায়া রূপরসগন্ধ দেহমনপ্রাণকে জুড়াইয়া দেয়।

বৃদ্ধ সাধক ছিলেন না, একথা যিনি বলেন তাঁহাকে বলিবার মত আমার কিছু নাই। যে মহাসাধক তিনি ছিলেন—তাঁহার বাণী কি মন্ত্র না হইয়া যায় ? তাহা না হইলে কি জগতের সর্বাপেক্ষা অধিক মানব তাঁহার বাণীতে আশ্রুয় পাইয়া বাঁচিয়া যায় ? শাস্ত্র দেখিয়া কি সেই বাণীর সব সার্থকতা বুঝা যায় ? তাই গ্রন্থকার যত পারেন শাস্ত্র হইতে রত্ন সংগ্রহ করিয়াছেন কিন্তু মাঝে নাঝে সেই রত্নাবলীর তাৎপর্য্যের জন্ম বুদ্দের সব সাধকদের ছয়ারে হাত পাতিয়াছেন, তাঁহার গ্রন্থে এমন একটি পংক্তি নাই যাহা হয় বৌদ্ধাস্ত্র, না হয় কোন ভক্তজনের গ্রন্থ হইতে না লইয়াছেন ! শাস্ত্রের এবং ভক্তের কাছে বাণী ও উপদেশ ভিক্ষা করিয়া ঐতিহাসিক যাথাতথ্যের দিকে চক্ষু রাখিয়া সাধক বুদ্দের চরণে মন নত করিয়া যে অমৃত তিনি আজ আমাদিগকে পরিবেষণ করিয়াছেন তার জন্ম তাঁহার কাছে রুতজ্ঞতা প্রকাশ না করিয়া পারি না।


এমন গ্রন্থের আরম্ভে প্রগল্ভতা সাজে না। ইতিপূর্ব্বেই যতথানি অপরাধ করিয়াছি তাহার জন্ত ক্ষমা ভিক্ষা করিয়া আমি এথানেই নিবৃত্ত হইব।

সূচী

জীবন			
भोकायः । अभोकारम्	•••		>
বুদ্ধের বালা ও গার্হস্থা জীবন	•••		৬
বৈরাগ্যসঞ্চার	••• .	•••	>•
গৃহত্যাগ ও দেশপর্যাটন	•••	11	১৩
সাধনা ও বোধিলাভ	•••		२२
বুদ্ধ ও তাঁহার পঞ্চ শিষ্য	•••	•••	ು •
নবধর্মের প্রচার ও ব্যাপ্তি	•••	•••	99
অন্তিম জীবন	•••	•••	¢>
বাণী—			
বুদ্ধের সার্বভৌষিকতা			95
বুদ্ধের আহ্বান	•••	•••	99
বৌদ্ধ নীতি	•••	•••	४२
বৌদ্ধ গৃহ ও গৃহী	•••	•••	20
বৌদ্ধজীবন	•••	•••	26
বৌদ্ধকৰ্ম্ম		•••	>0>
বৌদ্ধসাধনা	•••	•••	704
বৌদ্ধসাধনা (দ্বিতীয় প্রস্তাব)	•••	•••	224
বৌদ্ধ সাধকের আদর্শ	•••	•••	১২৮
বৌদ্ধ সাধকের নির্বাণ	•••	•••	১৩৪


জীবন





বদ্দেব

য়কের জীবন ও বাণী



কুশীনগর হইতে কুমায়ুনপর্য্যস্ত ভূভাগ এককালে শাকাবংশীর ক্ষত্রিয়দের নিবাসভূমি ছিল; এই প্রদেশের উত্তরে হিমগিরিশ্রেণী তরঙ্গাকারে বিরাজিত, পূর্ব্বে প্রতাপশালী মগধ ও লিচ্ছবিদের রাজা, এবং পশ্চিমে কোশল রাজা অবস্থিত ছিল। বিষ্ণুপুরাণে বর্ণিত হইয়াছে যে, মগধরাজ নন্দ এক সময়ে ধরা নিঃক্ষত্রিয় করিয়াভিলেন; তাঁহার অভ্যুদয়ের বহুপূর্ব্ব হইতেই ক্ষত্রিয়েরা হীনবীর্য্য হইয়াছিল; দেশের এই ছুর্গতির দিনে শাক্যেরা দেশরক্ষার ভার গ্রহণ করেন।

শাক্যরাজ্যের রাজধানী কপিলবাস্ত নগর রোহিণীনামক একটি পার্ব্বতীয় স্রোতস্থিনীর তীরে অবস্থিত ছিল। এই নগরটি ধ্বংসপ্রাপ্ত হইয়াছে। চীন দেশীয় পরিব্রাজকেরা যথন ভারতবর্ধে আসিয়াছিলেন, তাহার পূর্ব্বেই এই নগর বিনষ্ট হইয়াছিল। স্থপণ্ডিত কার্লাইল সাহেব ১৮ ৭৫ খৃষ্টাব্দে কপিলবাস্তর অবস্থান নির্বন্ধ করিয়াছেন। এই প্রাচীন নগরটি যেস্থানে বিছ্যমান ছিল, উক্তস্থান এখন ভূইলাগ্রাম নামে পরিচিত। গ্রামের সমীপে একটি ব্রদ্ধ আছে এবং অনতিদ্রে একটি নদী প্রবাহিত। বুদ্ধের জন্মভূমি কপিলবাস্ত বারাণসীধাম হইতে শতাধিক মাইল উত্তরে এবং অযোধ্যা হইতে ২৫ মাইল উত্তরপূর্ব্বে অবস্থিত।

বুদ্ধচরিত-প্রণেতী অশ্বয়েষ বলেন যে, এই স্বভাবস্থলর নগর এককালে কপিল ঋষির সাধনক্ষেত্র ছিল এবং সেইজন্তই নগরটির নাম কপিলবাস্ত হইয়াছে। অশ্বয়েষের অপর কাব্য সৌন্দরানন্দে কথিত আছে যে, স্থ্যবংশীয় একব্যক্তি পিতৃশাপগ্রস্ত হইয়া কপিল মুনির আশ্রমে আশ্রয় লাভ করিয়াছিলেন; কালক্রমে তাঁহার বংশধরেরা এথানে রাজ্য প্রতিষ্ঠা করিয়া রাজত্ব করিতে থাকেন। ইহারা শাকবন-বেষ্টিত ঋষির আশ্রমে বাস করিতেন বলিয়া "শাক্য" আথ্যা পাইয়াছিলেন।

শাক্যবংশীয়েরা যে এককালে ভুজবলে ও সমৃদ্ধিতে প্রাধান্ত লাভ করিয়াছিলেন, সে বিষয়ে সন্দেহ করিবার কোন হেতু নাই। ইহারা যে প্রদেশ অধিকার করিয়া বাস করিতেন, তাহার মধ্যে কপিলবান্ত, শিলাবতী, সক্কর, দেবদহ প্রভৃতি অনেকগুলি সমৃদ্ধ নগরীর উৎপত্তি হইয়াছিল। হলচালন ও পশুপালনই যে বাজ্যের অধিবাসীদের প্রধান উপজীবিকা, সেথানে খুব পাশাপাশি বহু নগর গঠিত হইতে পারে না। স্কুতরাং সমৃদ্ধিশালী শাক্যরাভ্য যে বহুদুরব্যাপী ছিল, তদ্বিষয়ে সন্দেহ নাই।

পুণাবান্ গুদ্ধোদন এই স্থবিস্থত রাজ্যের রাজা ছিলেন।

সাধারণতঃ রাজা বলিতে আমরা যাহা বুঝি তিনি তেমন সর্ধশক্তিমান্ ভূপতি ছিলেন না। সগোত্রদের মধ্যে প্রধান ছিলেন
বলিয়া, তিনি তাহাদের নায়ক নির্বাচিত হইয়াছিলেন। রাজপদ
তথন বংশগত ছিল না; শাক্যেরা তাহাদের নির্বাচিত নায়ককে
"রাজা" বলিয়া সম্বোধন করিত।

রাজ্যসংক্রাপ্ত যাবতীয় কার্য্যের সহিত দেশের যুবা বৃদ্ধ সকলেরই যোগ ছিল। রাজকার্য্যপরিচালনার জন্ত কপিলবাস্ত নগরে "সন্থাগার"নামক একটি বিচারশালা ছিল; তথায় সর্বজন সমক্ষে রাজা বা নির্বাচিত দেশনায়ক সাধারণ প্রশ্নসমূহের মীমাংসা করিতেন। একমাত্র রাজধানীতে নহে, প্রধান প্রধান নগরেও "সন্থাগার" থাকিত। পল্লীবাসীরাও নিজদের ছোটবড় প্রশ্নগুলি প্রকাশ্য সভায় মীমাংসা করিত। আম, কাটাল, গুবাক, নারিকেলের বাগানে খোলা জায়গায় পল্লীবাসীদের বৈঠক বসিত।

শাক্যেরা ক্ষত্রিয় ইইলেও ক্ষবি ও পশুপালনই তাহাদের প্রধান উপজীবিকা ছিল। হিমালয়ের অদ্রবর্ত্তী সনতল ভূতাগে শশুক্ষেত্রের পাশে পাশে শাক্যদের ঘরগুলি অবস্থিত ছিল। কুন্তুকার, স্বর্ণকার, স্তর্থর প্রভৃতি শিল্পীদের বাসের জন্ম স্বতন্ত্র স্বতন্ত্র গ্রাম নির্দিষ্ট থাকিত। স্থবিস্থৃত বনভাগের দ্বারা গ্রামগুলি ব্যবহিত ছিল। কেহ কেহ বলেন, এই সকল অরণ্যে দস্থারা বাস করিত: কিন্তু তাহাদের উপদ্রবের কোনও বিশ্বাস্থোগ্য বিবরণ পাওয়া যায় না। এই সময়কার গ্রামগুলিকে এক একটি কুন্দু কুন্দু স্বাধীন রাজ্য বলা যাইতে পারে।

গ্রামবাসীরা সরল ফুন্দুর জীবন যাপন করিত। কেই ধনী

কেহ দরিদ্র এইরূপ অর্থগত বৈষম্য তাহাদের মধ্যে দেখা যাইত
না। তাহাদের গ্রাদাচ্ছাদন অল্লায়াসে চলিয়া যাইত—চোর
ডাকাতের উপদ্রব ছিল না—আপনাদের পল্লী মধ্যে তাহারা পূর্ণ
স্বাধীনতা সন্তোগ করিত। পল্লীবাসীদের মধ্যে যেমন কেহ
প্রবল ভূষামী ছিল না, তেমনি নিরন্ন পথের ভিথারীও দেখা
গাইত না।

পল্লীবাসীদের সাধারণ স্থাসাচ্ছন্দ্যের কোন অভাব ছিল না।
তাহাদের দিনগুলি একরূপ অনায়াসেই শান্তিতে কাটিয়া যাইত।
কেবল যে বংসর অনাইষ্টি হেতু শস্ত নষ্ট হইয়া যাইত সেই বংসর
গ্রহে গৃহে হাহাকার ধ্বনি শোনা যাইত। বৌদ্ধর্ম-গ্রন্তে এরূপ
ভূতিক্ষের বিবরণ পাওয়া যায়।

পল্লীবাসীদের বাসগৃহগুলি ক'ছাক'ছি সন্নিবিষ্ট ছিল। বিচ্ছিন্ন গৃহের উল্লেখ কোপায়ও দৃষ্ট হয় না। ছুইখানি গৃহের মধ্যে একটি কপ্রশস্ত রাস্তামাত্রের ব্যবধান থাকিত।

প্রত্যেক গৃহস্থই কতগুলি গোমহিষাদি পশু রাখিত। এই সকল পশুর জন্ম পল্লীবাদীদের সাধারণ একথানি চারণভূমি গাকিত। শশুলেত্রের ফদল যথন উঠিয়া যাইত, তথন পল্লীবাদীদের গৃহপালিত পশুগুলি ঐ ক্লেত্রেই চরিয়া বেড়াইত; কিন্তু ক্লেত্রে ফদল গাকিলে তাহাদের পক হইতে একব্যক্তি পশুগুলির তত্ত্বাবধানের জন্ম নির্বাচিত হইত। সাধারণতঃ বিশ্বাদী ও স্থ্যোগ্য ব্যক্তি উপর এই কার্য্যের ভার অর্পিত। এইরূপ বর্ণিত আছে যে, পশুরুক্ষক তাহার প্রতিপালিত পশুর আক্রতি গাত্রের বিশেষ বিশেষ চিহ্ন বিশ্বাদিতে পারিত। পশুদের গাত্র হইতে সশক মক্রিকা প্রশ্বাভিত

ভাড়াইয়। দিবার কৌশল, ক্ষত আরোগ্য করিবার চিকিৎসাপ্রণালী প্রভৃতি বিষয়ে ইহার বিশেষ অভিজ্ঞতা থাকিত।

কৃষিকার্য্য-পরিচালনারও মোটাযুটি স্থব্যবহা ছিল। নালী কাটিয়া ক্ষেত্রে জলপ্রদানের ভার পল্লীসম্প্রদায়কে গ্রহণ করিতে হইত। সম্প্রদায়ের নামক স্বয়ং ইহার তত্ত্বাবধান করিতেন। কোন ব্যক্তি আপন ক্ষেত্রের চারিদিকে বেড়া দিতে পারিত না; সমগ্র ক্ষেত্রের চতুর্দিকে প্রাচীর দেওয়ার বিধান ছিল। ক্ষেত্রথণ্ডগুলিকে লইয়া সমগ্র ক্ষেত্রের যে আকৃতি হইত, উহা দেখিতে অনেকটা বৌদ্ধ ভিক্কুর চীবরগণ্ড-তুল্য; উল্লিখিত প্রকার জনপদেই সেকালের ভারতবাসীদের অধিকাংশ বাস করিত; সমগ্র দেশের মধ্যে অতি-মল্প্রাক্ষ লোকই নগরে ছিল।

দ্বিতীয় অধ্যায়

---:+:---

বুদ্ধের বাল্য ও গার্হস্থ্য জীবন

বাঁহার সাধনা পৃথিবীকে নৃতন আলোকে উদ্ধাসিত করিয়াছে এব' এককালে ভারতবর্ষের ধর্ম, সাহিত্য, বিজ্ঞান, শিক্ষা-দীক্ষা, শিল্প-কলা ও স্থাপত্য, সকল বিভাগকে সজীব করিয়া দিয়াছিল, আনরা সেই মহাপুরুব বুদ্ধের জীবন সংক্ষেপে আলোচনা করিব।

আমাদের আলোচ্য বুদ্ধদেব—ঐতিহাসিক মহাপুরুষ; স্থতরাং সর্ব্ধপ্রকার অলোকিকত্ব ও আতিশয্য বর্জন করিয়া তাঁহার চরিত্র-অঙ্কনের চেষ্টা করিব।

বুদ্ধদেবের পিতার নাম শুদ্ধোদন, মাতার নাম মহামায়। অনুমান খৃঃ পৃঃ ৬২৩ অন্দে কপিলবাস্তর অদূরবর্ত্ত্রী লুম্বিনীনামক প্রমোদকাননে বৈশাখী পূর্ণিমা তিথিতে তাঁহার জন্ম হয়; কথিত আছে, উন্থানে বেড়াইতে বেড়াইতে জননী মহামায়া যথন শালতকর একটি পুষ্পিত পল্লব ছিল্ল করিবার জন্ম হস্ত উন্তোলন করিয়াছিলেন, তথন তাঁহার পুদ্র প্রস্তুত হয়। কুমারের জন্মে রাজ্যে সকলেরই অর্থসিদ্ধি হইয়াছিল বলিয়া, শুদ্ধোদন তাঁহার নাম "সর্ব্বার্থসিদ্ধ" (বা "দিদ্ধার্থ") রাথিলেন। পুল্লপ্রসবের সপ্তমাদিনে জননী মহামায়ার মৃত্যু ঘটে।

পুরবাসীদের কল্যাণকারিণী এবং নূপতি শুদ্ধোদনের প্রাণতুল্যা

মহামায়ার অকাল মৃত্যুতে সকলেই বিষণ্ণ হইলেন; শুদ্ধোদন নব-কুমারের মুখ চাহিয়া কোনরূপে পত্নীশোক সংবরণ করিলেন। শিশু সিদ্ধার্থ বিমাতা ও মাতৃষ্ণা গৌতমীর অক্ষে দিন দিন বর্দ্ধিত হইতে লাগিলেন।

ভোগ ও সম্পদের মধ্যে প্রতিপালিত হইয়াও সিদ্ধার্থ বাল্যকাল
হইতেই গন্তীর ও সংযত ছিলেন। বালস্থলভ চাপল্য তাঁহার
ছিল না; বিবিধ শাস্ত্র অধ্যয়ন করিয়া তিনি স্থপণ্ডিত হইলেন।
ক্ষত্রিয়োচিত যুদ্ধবিভাতেও তিনি পারিদর্শিতা লাভ করিয়াছিলেন।
শাক্যকুলে অখারোহণ ও রথচালনে কেহই তাঁহার সমকক্ষ ছিল না
বিলিয়া প্রকাশ। উত্তরকালে যে করুণার ধারা তিনি সকল মানব
ও প্রাণীকে আপনার করিয়া ফেলিয়াছিলেন, বাল্যে ও কিশোরকালেই তিনি তাহার প্রথম আভাস প্রদান করেন। দলের সঙ্গে
মিশিয়া তিনি শিকার করিতে যাইতেন বটে, কিন্তু কথনও কোন
প্রাণীর প্রাণসংহার করিতেন না।

এই সময়কার একটি প্রসিদ্ধ আখ্যায়িক। সিদ্ধার্থের জীবপ্রীতির প্রকৃষ্ট পরিচয় প্রদান করে। কথিত আছে, একদা নির্দ্মণ বসস্ত-প্রভাতে তিনি রাজবাটীর উন্থানে ভ্রমণ করিতেছিলেন, এমন সময়ে একঝাঁক কলহংস মধুর কলরবে আকাশ মুখরিত করিয়া তাঁহার মাথার উপর দিয়া উড়িয়া যাইতেছিল। সহসা তীরবিদ্ধ হইয়া একটি হংস সিদ্ধার্থের স্মুথে ভূতলে পতিত হইল। হংসটির শুভ্র বক্ষঃস্থল রক্তে রঞ্জিত হইয়া গিয়াছিল। সিদ্ধার্থ ক্লবিলন্ধ না করিয়া আহত হংসটিকে কোলে লইয়া তীরটি তুলিয়া ফেলিলেন এবং স্বেহণীতল হস্তে তাহার সেবা করিতে লাগিলেন। পক্ষীটি

কেমন বেদনা পাইয়াছে পরীক্ষা করিবার জন্ম সিদ্ধার্থ তীরের মগ্রভাগ নিজ হস্তে বিধাইয়া দিলেন এবং তদনস্তর সজলনমনে মাবার তাহার সেবায় রত হইলেন। তাঁহার করুণ শুশ্রাধায় পাখী

ইহার মধ্যে দিদ্ধার্থের জ্ঞাতিভ্রাতা দেবদন্ত উপ্থানে উপস্থিত
গ্রহল। তাহার অব্যর্থ সন্ধানেই হংস ভূতলশারী হইমাছিল বলিয়া
লে পাখীটি দাবী করিল। সিদ্ধার্থ বিনীতভাবে কহিলেন "আমি
এই পাখীটি কিছুতেই তোমাকে দিতে পারি না, ইহার যদি মৃত্যু
ঘটিত, তাহা হইলে তুমিই পাইতে, আমার সেবায় এই পাখীটি
বাচিয়া উঠিয়াছে, স্কতরা: ইহাতে এখন আমারই অধিকার।" এই
পাখীর অধিকার লইয়া ছইজনের মধ্যে তুমুল বাদাত্বাদ হইল।
অবশেষে প্রবীণ ব্যক্তিদের সভায় ইহার বিচার হইল। তাঁহারা
বিললেন "যিনি প্রাণরকা করেন জীবিত প্রাণীর উপর তাঁহারই
অধিকার, স্কতরা সিদ্ধার্থ ই এই পাখী পাইবেন।" সিদ্ধার্থের যে
করুণরাগিণীতে একদিন সমগ্র মানবের হৃদয়তন্ত্রী ঝন্ধুত হইবে
এই ঘটনায় কৈশোরেই তাহার পূর্বাভাস লক্ষিত হইল।

কপিলবাস্ত নগরে প্রতিবংসর হলকর্ষণোৎসব হইত। এই দিন রাজা, অমাত্য পারিষদ ও পৌরজনসহ মহাসমারোহে হলচালনা করিতেন। একবার কিশোর সিদ্ধার্থ এই উৎসবে যোগদান করেন। উৎসবমন্ত পুরবাসীদের কলকোলাহলের মধ্যে তিনি একটি জ্ব-রক্ষের মূলে আসন গ্রহণ করিলেন। তাঁহার গভীর দৃষ্টির সমূথে নিষ্ঠুরতার ও হিংসার বীভৎসভাব প্রকাশিত হইয়া পড়িল। তিনি দেখিলেন উদরায়-সংগ্রহের জন্ম প্রথর স্থ্যক্রিরণে ক্লমকগণ ম্মাক্ত- কলেবরে কি কঠোর সংগ্রাম করিতেছে ! ক্লিষ্ট বলীবর্দ্দের স্থকোমল অঙ্গে মুক্তমুক্তঃ কি নির্দ্ম আঘাত পড়িতেছে ! ইহাদের পদতলে পড়িয়া কত অসংখ্য ছোট ছোট প্রাণী নিহত হইতেছে ! এই সকল মৃতদেহ লইয়া পক্ষীদের মধ্যে কি ভীষণ কাড়াকাড়ি পড়িয়া গিয়াছে !

সিদ্ধার্থের করুণ আঁথি ধীরে ধীরে নিমীলিত হইয়া আসিল। অসংখ্য নরনারী জীবজন্তর ত্বঃপ তাঁহার স্কুকুনার চিন্ত স্পর্শ করিল। জন্ম মৃত্যুর তক্তের রহস্থ তাঁহার চিন্তার বিষয় হইল। জন্মুরুক্ষতলে চিত্রার্পিতের স্থায় তিনি ধ্যানস্থ হইয়া রহিলেন।

উৎবসান্তে গৃহে ফিরিবার সময়ে কুমারের খোঁজ পড়িল।
কিয়ৎকাল অন্নসন্ধানের পরে পৌরজনেরা দেখিল তিনি নিম্পন্দদেহে নিমীলিতনেত্রে জয়ুতকতলে ধ্যানমগ্ন হইয়া আছেন।
বিশ্বপ্লাবনী করুণায় উদ্ভাসিত কুমারের দিব্য মুখকান্তি দেখিয়া
শুদ্ধোননের বিশ্বরের সীমা রহিল না। বহুক্ষণ পরে ধ্যান ভাঙ্গিলে
পিতাকে প্রণাম করিয়া তিনি করুণকণ্ঠে কহিলেন—"পিতঃ,
কুষিকার্য্যে অসংখ্য জীবের প্রাণবিনাশ হয়, এই কার্য্য হইতে আপনি
বিরত হউন।"

পুত্রের গান্তীর্য্য ও বৈরাগ্য বিষয়াসক্ত পিতাকে চিন্তিত করিয়া তুলিল। সিদ্ধার্থের মন ভোগস্থথের প্রতি আরুষ্ট করিবার জন্ম পিতা তাঁহাকে বিবাহপাশে বন্ধন করিবার ইচ্ছা করিলেন। দণ্ডপাণি-ছহিতা গোপার সহিত কুমারের বিবাহ হইল। তাঁহার উদাসীন চিত্তকে ভোগাসক্তির দিকে লইয়া যাইবার জন্ম শুদ্ধোদন প্রতাহ নৃত্য গীত আমোদ-প্রমোদের বিবিধ ব্যবস্থ। করিলেন।

রূপবতী ও গুণবতী গোপাকে জীবনদঙ্গিনীরূপে লাভ করিয়া

বুদ্ধের জীবন ও বাণী

সিদ্ধার্থ আপনাকে ভাগ্যবাৰ মনে করিলেন। হিতৈষিণী সাধ্বী পত্নীর সাহচর্য্যে তাঁহার জীবন স্থ্যময় হইল। গার্হস্থ-জীবনের স্থ্যভোগে তাঁহার জীবনের কিয়ৎকাল কাটিয়া গেল।

তৃতীয় অধ্যায়

--:*:---

বৈরাগ্যসঞ্চার

সমগ্র মানবজাতিকে ছাথ ইইতে মুক্ত করিবার কল্যাণকর স্থনহৎ প্রত বাঁহাকে গ্রহণ করিতে ইইবে, সংসারের ক্ষণস্থায়ী স্থণ-ভোগ তাঁহাকে কেমন করিয়া বাধিয়। রাখিবে ? রাজ-অস্তঃপুরের প্রচুর ভোগবিলাসের আড়স্বরের মধ্যে অবস্থিত ইইলেও সিদ্ধার্থ আপনার চিত্তে কথন কথন বাহির ইইতে করুণ আহ্বান শুনিতে পাইতেন। জরা, ব্যাধি ও মৃত্যু নিরস্তর সমস্ত প্রাণীর জীবন ছাখনয় করিয়া রাখিয়াছে; ইহাদের আক্রমণইইতে কি উপারে জীবকুল নিম্কৃতি লাভ করিতে পারে, এই চিস্তা বিহ্যৎ-ক্রণের জ্যায় সময়ে সময়ে তাঁহার মনে উদিত ইইত। জীবনের উচ্চ লক্ষ্য ক্ষণভাবে তাঁহার নিকটে প্রকাশ পাইত। মনের এইরূপ অবস্থায় সিদ্ধার্থকে ভোগবিলাস শান্তিনান করিতে পারিত না। গভীর ছাথে তাঁহার হৃদয় পরিপূর্ণ ইইয়া উঠিত। ব

একদা বসস্তকালে সিদ্ধার্থের নগরভ্রমণের বাসনা হইল। তিনি

পিতার নিকটে নিজের অভিপ্রায় ব্যক্ত করিলেন। রাজার আদেশে নগর, পত্রে পুষ্পে পতাকায় ও মঙ্গলকলসীতে স্থসজ্জিত হইল। সারথি ছন্দককে লইয়া রথারোহণে সিদ্ধার্থ ভ্রমণে চলিলেন। এই সময়ে তিনি প্রথমদিনে পলিতকেশ শিথিলচর্ম্ম কম্পিতপদ জরাজীর্ণ রৃদ্ধ, বিতীয় দিনে শুষ্ক শীর্ণ বিষর্ণ চলংশক্তিহীন রোগী, এবং তৃতীয়দিনে এক মৃতদেহ দেখিতে পাইলেন।

চরিত-আখাায়কগণ ঐ তিনদিনের মনোহর বিস্তৃত বিবরণ লিপিবদ্ধ করিয়াছেন। উক্ত বর্ণনা পাঠ করিলে ইহা অনায়াসেই হৃদয়ঙ্গন হয় যে, জরা ব্যাধি ও মৃত্যুর অপরিহার্য্য তুঃথ এই সময়ে সিদ্ধার্থকে ব্যাকুল করিয়া তুলিয়াছিল; কিন্তু এই সকল অতিরঞ্জিত আখ্যানগুলিকে সর্বাংশে সতা বলিয়া স্বীকার করা যায় না। সিদ্ধার্থ উনত্রিশ বংসর বয়সে গৃহত্যাগ করেন, ঐ সময়পর্য্যন্ত তিনি জরা ব্যাধি ও মৃত্যু সম্বন্ধে শিশুতুল্য অজ্ঞ ছিলেন একথা শ্রদ্ধেয় নহে। তীক্ষধী ও স্বভাববিরাগী সিদ্ধার্থকে তাঁহার পিতা ভোগস্থথে আসক করিবার জন্ম এত দীর্যকাল জরা, ব্যাধি ও মৃত্যুহীন প্রমোদলোকে আবদ্ধ করিয়া রাখিতে পারিয়াছিলেন, একথা বিশ্বাসযোগ্য নতে। তবে এই সময়ে এই তিনের রহস্ত তাঁহার চিত্তকে গভীরভাবে নাড়া দিয়াছিল, জীবকুলের অপরিহার্য্য অনস্তত্বঃথ তাঁহার অন্তর্দ্ধ ষ্টির সন্মুখে উদ্বাটিত হইয়াছিল, এতদিন কেবল মাঝে মাঝে যে তত্ত্ব তাঁহার মনে আসিত, এক্ষণে উহা চির দিনের জন্ম গভীরভাবে তাঁহার হৃদয় অধিকার করিল। গৃহজীবনের স্থতোগ হইতে তাঁহার মন চিরদিনের জন্ম ফিরিয়া আসিল। আপনাকে সম্পূর্ণ ত্যাগ করিয়া তিনি জীবের হুঃথমুক্তির উপায় আবিষ্কার করিতে প্রস্তুত হইলেন।

এই মঙ্গল ব্রত সাধনের নিমিত্ত তাঁহাকে কি করিতে হইবে, কোন্
পথ অবলম্বন করিতে হইবে, এই মহতী চিন্তা তাঁহাকে আবিষ্ট
করিল। বথন মনের এইরূপ অনিশ্চিত অবস্থা সেই সময়ে চতুর্থ
দিনে নগরে ভ্রমণকালে প্রশাস্তম্প্তি গৈরিকধারী এক সন্ন্যাসী তাঁহার
দৃষ্টি আকর্ষণ করে। সাধুর শাস্ত সংযত নির্বিকারভাব সিদ্ধার্থকে
মুগ্ধ করিল। তিনি স্থির করিলেন, মুক্তির পথ আবিষ্কার করিবার
জক্ত সংসারের ভোগবিলাস ত্যাগ করিয়া সন্ন্যাসব্রতই গ্রহণ করিতে
হইবে। তিনি বুঝিলেন, মহাত্যাগ ভিন্ন মহাকল্যাণ লাভের
দিতীয় কোন উপায় নাই।

সিদ্ধার্থের মনে তুমুল সংগ্রাম চলিতে লাগিল। একদিকে বাহির হইতে ত্যাগের গভীর আহ্বান, অপরদিকে স্থেহময় জনক, স্থেহময়ী বিমাত। ও পতিপ্রাণা গোপার মমতার বন্ধন। তাঁহার আহারে রুচি নাই, নয়নে নিদ্রা নাই, নুতাগীতে আসক্তি নাই।

সিদ্ধার্থের মনে যথন এইরূপ চিস্তার ঘাতপ্রতিঘাত চলিতেছিল,

এমন সময়ে একদিন তিনি সংবাদ পাইলেন গোপা একটি পুত্র প্রসব
করিয়াছেন। এই সংবাদশ্রবণে তিনি বিন্দুমাত্র আনন্দলাভ
করিতে পারিলেন না, পরস্থ গৃহত্যাগের বাসনা তাঁহার মনে বলবতী
ইইয়া উঠিত্র।

চতুর্থ অধ্যায়

--:+:---

গৃহত্যাগ ও দেশপর্য্যটন

গৃহত্যাগের অবিচলিত সংকল্পে মন দৃঢ় করিয়া সিদ্ধার্থ উৎসব-প্রমন্ত রাজভবনে প্রবেশ করিলেন। স্নেহকোমল-হাদয় জনককে না জানাইয়া গৃহত্যাগ করিলে তাঁহার হৃদয় শোকে ভাঙ্গিয়া পড়িবে, মনে করিয়া সিদ্ধার্থ পিতার সমীপে উপস্থিত হইয়া বুক্তকরে নিবেদন করিলেন—"জরা. ব্যাধি ও মৃত্যুর আক্রমণে জীবের জীবন গুঃখময় হইয়া আছে, এই মহাছঃখ হইতে মুক্তির উপায় নির্দ্ধারণ করিবার জন্ম আমি সন্মাসত্রত গ্রহণ করিব, স্থির করিয়াছি; আপনি অন্ত্রাহপূর্বক আমাকে অন্ত্র্মতি প্রদান কর্মন।"

এই কথা শুনিয়া শুদ্ধোদনের মাথায় যেন বক্সপাত হইল।
তিনি পুত্রকে তাঁহার সক্ষন্ন ত্যাগ করিয়া সংসারধর্ম পালন করিতে
বলিলেন। সিদ্ধার্থ বলিলেন,— আপনি আমাকে চারিটি বর প্রদান
করিলেই আমি গৃহে থাকিতে পারি—(১) জরা যেন আমার যৌবন
নাশ না করে; (২) ব্যাধি যেন আমার স্বাস্থ্য ভগ্ন না করে;
(৩) মৃত্যু যেন আমার জীবন হরণ না করে; (৪) বিপত্তি যেন
আমার সম্পৎকে অপহরণ না করে।

পুত্রের কথা শুনিয়া অবাক্ হইয়৷ শুদ্ধোদন কহিলেন—"বৎস, তোমার প্রার্থিতি বিষয়গুলি পূরণ করা মানবের অসাধ্য ৷ অসম্ভবের অন্তুসরণ করিয়া জীবনের স্থথসম্ভোগ ত্যাগ করিও না। সন্ন্যাস-গ্রহণ-ইচ্ছা পরিত্যাগ করিয়া গৃহেই বাস কর।"

ৈ মহাভাবের আবেশে সিদ্ধার্থ আবিষ্ট হইয়াছেন, সার্থকতার যে ভাবী আশায় তাঁহার হৃদয় বল লাভ করিয়াছে, বিষয়ী শুদ্ধোদন তাহা কেমন করিয়া বুঝিবেন ? সিদ্ধার্থ অবিচলিতভাবে সবিনয়ে বলিলেন, "পিতঃ, মৃত্যু আসিয়া একদিন আমাদের বিছেদ ঘটাইবেই— স্কুতরাং আমার সাধনার পথে আপনি বাধা উপস্থিত করিবেন না। যে ঘরে আগুন লাগে সে ঘর পরিত্যাগ করাই শ্রেয়ঃ, সংসার ত্যাগ করা ভিল্ল আমার শ্রেয়োলাভের দ্বিতীয় উপায় নাই।"

পিতার চরণে প্রণাম করিয়া সিদ্ধার্থ চলিয়া আসিলেন। হতাশ হৃদয়ে শুদ্ধোদন গৃহত্যাগে বাধা জন্মাইবার নিমিত্ত প্রহরী নিযুক্ত করিলেন।

জীবের প্রতি অপার করুণায় সিদ্ধার্থের হৃদয় কানায় কানায় ভরিয়া উঠিয়াছে। সেই মহাত্বঃথ-পূর্ণ হৃদয় লইয়া তিনি অন্তঃপুরে প্রবেশ করিলেন। স্বন্দরী নর্ত্তকীদের নৃত্যগীত তাঁহার ভাল লাগিল না। তিনি মৌনী হইয়া রহিলেন। সাধ্বী গোপা স্বামীর এরূপ ভাব দেখিয়া উৎকণ্ঠিতভাবে জিজ্ঞাসা করিলেন "প্রিয়তম, আজ তোমাকে এত বিষণ্ণ দেখিতেছি কেন? কি হইয়াছে আমাকে প্রকাশ করিয়া বল।"

সিদ্ধার্থ উত্তর করিলেন—"প্রিয়ে, তোমাকে দেখিয়া আজ আমি যে আনন্দলাভ করিতেছি, তাহাই আমাকে পীড়িত করিতেছে। আমি স্পষ্টই বুঝিয়াছি এই আনন্দ ক্ষণস্থায়ী। জরা, ব্যাধি ও মৃত্যু আমাদের আনন্দভোগের পথে চির বাধা হইয়া রহিয়াছে।" সাধবী গোপা স্বামীর বিষধ মুখ দেখিয়া একাস্ত চিস্তিত হইলেন।
সিদ্ধার্থের মনে এক্ষণে আর দিতীয় কোন চিস্তা নাই, কি করিয়া
জীবকুল জরা ব্যাধি মৃত্যুর হুঃথ হইতে মুক্তিলাভ করিবে তিনি
অহোরাত্র তাহাই ভাবিতে লাগিলেন। এই মহাভাবের নেশায়
তিনি এমনি মন্ত হইলেন যে, সর্বস্ব ত্যাগ করিয়া এই মুক্তির পথ
আবিষ্কার ব্যতীত তাহার স্থথ নাই, শাস্তি নাই, আনন্দ নাই।
সংসারবন্ধন ছিল্ল করিয়া তিনি গৃহত্যাগ করিবার শুভমুহুর্ত্ত
খুঁজিতে লাগিলেন।

গভীর রাত্রি, রাজপুরবাসীরা নিদ্রিত। সিদ্ধার্থ বিনিদ্রভাবে তাঁহার স্থপ্ত পত্নী গোপার কক্ষে গভীর ধানে নিমগ্ন ছিলেন। তথন তিনি তাঁহার সদয়ের নিভ্ত স্থানে "বাণী" শুনিলেন—"সময় উপস্থিত।"

নিদ্রিতা পত্নীও স্থথস্থ নবজাত পুত্রের মুথের দিকে একবার স্মেহকরুণ দৃষ্টিতে চাহিয়া সিদ্ধার্থ ধীরভাবে কক্ষের বাহিরে আসিলেন। সেই শুরু নিশীথে চন্দ্র, তারকা, অসীম আকাশ, সকলে যেন সমতানে তাঁহাকে সীমাহীন: উন্মুক্ত পথে বাহির ইইবার নিমিত্ত আনন্দে আহ্বান করিতে লাগিল।

তিনি তাঁহার সারথি ছন্দককে জাগাইয়া কহিলেন -∴অবিলম্বে অথ প্রস্তুত কর, সংসার ত্যাগ করিয়া আমাকে সন্ন্যাসত্রত গ্রহণ করিতে হইবে, তুমি আর এক মুহূর্ত্তও বিলম্ব করিওনা।

সিদ্ধার্থকে ফিরাইবার জন্ম বুদ্ধিমান্ সারথি নানা যুক্তি দেখাইলেন, নানা তর্ক উত্থাপন করিলেন, কিন্তু তাহার কোন যুক্তি কোন তর্ক টিকিল না। সেই গভীর নিশীথে অশ্বপৃষ্ঠে একমাত্র সার্থিকে লইয়া তিনি রাজভবন ত্যাগ করিয়। অসঙ্কোচে অপরিজ্ঞাত পথে বাহির হইয়া পড়িলেন।

এই সময়ে সিদ্ধার্থের মনে যে সংগ্রাম চলিতেছিল, বৌদ্ধগ্রন্থে তাহার রূপকর্বনা প্রদন্ত ইয়াছে। কথিত আছে, গৃহত্যাগের দিন রাত্রিকালে কামলোকের অধিপতি "মার" শৃত্যমার্গে থাকিয়া সিদ্ধার্থকে রাজ্যের্থ্যভোগ-স্থথের প্রলোভনে প্রলুক্ক করিছে, চেক্কা করেন। বাহির হইতে অনস্তজীবের অব্যক্ত আহ্বানে সিদ্ধার্থ যথন সর্ব্বত্যাগী হইয়া পথে দাড়াইয়াছিলেন, তথন স্ত্রী পুত্র জনক জননীর স্নেহপাশ এবং আজন অধু যিত প্রাসাদের স্থেম্বতি যে তাহাকে পশ্চাৎ হইতে টানিতেছিল সে বিষয়ে সন্দেহ নাই। এই মানস সংগ্রাম যতই কঠোর হউক, সিদ্ধার্থ কিছুতেই বিচলিত না হইয়া সমস্ত রাত্রি ক্ষিপ্রবেগে চলিতে লাগিলেন এবং বছযোজন পথ অতিক্রম করিয়া অণোমানদীর তীরে প্রভাতের শিশির-স্নাত ক্ষিয় অরুণালোক দেখিতে পাইলেন।

নদী অতিক্রম করিয়া সিদ্ধার্থ অশ্ব হইতে অবতরণ করিলেন।
নদীদৈকতে দাড়াইয়া তিনি আপনাকে নিরাভরণ করিয়া পরিচ্ছদ
সারথির হস্তে সমর্পণ করিলেন এবং বলিলেন—"তুমি আমার
আতরণ ও অশ্ব লইয়া গৃহে ফিরিয়া যাও।" ছন্দক কহিলেন,
"প্রভু, আমাকেও সন্ন্যাসত্রত-গ্রহণের অনুমতি দান করিয়া আপনার
সেবক হইবার আদেশ করুন।"

সিদ্ধার্থ বলিলেন—"না ছন্দক, তোমাকে অবিলম্থে কপিলবাস্ত-নগরে ফিরিয়া গিয়া, জনক জননী আত্মীয়ম্বজনদিগকে আমার সংবাদ জানাইতে হইবে!" ইহার পরে সিদ্ধার্থ তরবারির দারা



বৃদ্ধ ভিথারী

উঁহোর কেশজাল কাটিয়া ফেলিলেন এবং এক ব্যাধের ছিন্ন কাষায় বস্ত্রের দহিত আপনার বদন বদল করিয়া ভিথারী সাজিলেন। কুমারের এই দীনবেশ দেখিয়া ছন্দক রোদন করিতে লাগিল। সিদ্ধার্থ তাহাকে সাপ্তনা দিয়া কপিলবাস্ততে পাঠাইয়া দিলেন।

ভগ্ননম শুদ্ধোদনের সাংসারিক স্থাপের আশা চিরদিনের জন্ম অতাহিত হুইল। পতিপ্রাণা গোপা সর্ব্বপ্রকার বিলাস বর্জন করিয়া যৌবনে যোগিনী হুইয়া রহিলেন।

এদিকে দিদ্ধার্থ একাকী অপরিজ্ঞাত পথ ধরিষা চলিতে লাগিলেন। কোথায় আছেন, কোথায় যাইবেন, তাহা তিনি জানেন ন।; তবে তাঁহার মনে এই দৃঢ় প্রত্যয় ছিল বে, অনস্ত জীবের জন্ম তিনি মুক্তির একটি উদার পথ আবিদ্ধার করিবেন।

অণোমা নদীর তীর হইতে দিদ্ধার্থ দক্ষিণপূর্কদিকে অগ্রসর হইতে লাগিলেন। একে একে তিন জন ঋষির আশ্রমে তিনি আতিথ্য গ্রহণ করেন। কোন্ পথ অবলম্বন করিয়া দাধনায় প্রবুত্ত হইলে তিনি শ্রেয়ঃ লাভ করিতে পারিবেন, তাহা তিনি জানিতেন না। এই নিমিন্ত দেশপ্রচলিত সাধনার বিভিন্ন পদ্ধতির আলোচনায় তিনি নিযুক্ত হইলেন।

এক আশ্রমে তিনি দেখিলেন যে, তথাকার সাধুরা কেই পক্ষীর ন্তায় শস্ত কুড়াইয়া ভক্ষণ করেন, কেই মূগের ন্তায় বাস খাইয়া জীবন রক্ষা করিতেছেন, কেই বা সর্পের ন্তায় বাতাহারে দিন যাপন করিতেছেন। সিদ্ধার্থ প্রশ্ন করিয়া জানিলেন, এই সাধুরা বিশাস করেন যে, ইহলোকে এইরূপ কঠোর সাধনা করিলে জন্মান্তরে তাহারা স্বর্গে স্থান পাইবেন। স্বর্গে হৃঃথের লেশমাত্র নাই—চির

ৰুদ্ধের জীবন ও বাণী

স্থুথ চির আনন্দ। ইহলোকে যিনি যত হঃথ স্বীকার করিয়া সাধনা করিবেন, স্বর্গে তিনি তত বেশী আনন্দলাভ করিতে পারিবেন।

সাধুদের মুথে এইরূপ উত্তর শুনিয়া সিদ্ধার্থের মনে স্বর্গসম্বন্ধে প্রশ্ন উঠিল এবং তিনি সাধুদের সহিত যে আলোচনা করিয়াছেন উহার সংক্ষিপ্ত মর্মা এইরূপ—

সাধুরা যে স্বর্গে বিশ্বাস করেন সেখানে স্বর্গগত মানব নির্দিষ্ট কালের জন্ম বাস করেন, নির্দিষ্ট সময় অতিবাহিত হইয়া গেলে আবার তাঁহাকে পৃথিবীতে জন্মগ্রহণ করিতে হয়। স্কৃতরাং স্বর্গ-লাভ দ্বারা নিত্যানন্দকে লাভ করা যায়, একথা স্বীকার করা যাইতে পারে না।

পৃথিবীতে আমরা যে স্থথ অল্প পরিমাণে অল্পকালের জন্ম ভোগ করি স্বর্গে সেই স্থথ অধিক মাত্রায় দীর্ঘকালের জন্ম ভোগ করা যাইতে পারে। শান্ত্রবর্ণিত স্বর্গে দৈহিক সম্ভোগসামগ্রীর কোন অভাব নাই—দেবতাদের প্রযোদভবনে উর্দ্ধনী মেনকা রম্ভা প্রভৃতি যুবতীরা নৃত্য গীতে সকলের মনোরঞ্জন করেন। স্থাবাসীরা কেইই কামনাবর্জিত নহেন, মর্ভ্যবাসীদের ন্যায় তাঁহাদেরও কাম কোধ হিংসা দেব আছে।

স্বর্গগত মানবদের ও দেবগণের দেহ আছে, অতএব দেহ সম্ব্বীয় সর্ববিধ কামনা তাঁহাদের থাকিবেই। স্কৃতরাং স্বর্গবাসীরা মর্জ্ত্যমানবের মতই স্থথ হৃঃথ ভাগ করেন। মর্জ্যবাসীদের জীবনের পরিসর অতি অল্প বিশিয়া তাহারা অল্পকাল অস্থায়ী স্থথ হৃঃথ ভোগ করিয়া থাকেন—স্বর্গবাসীদিগকে এই স্থথ হৃঃথের ঘাত প্রতিঘাত

বহুকাল ভুগিতে হয়। স্বৰ্গে নিত্য স্থথ নিত্য শাস্তি থাকিতে পারে না।

যে সাধনা কামনার অগ্নিশিথা নির্ম্বাণ করিয়া দেয় না, যাহা
সাধককে স্থথ ত্বংথের উর্দ্ধে অবস্থিত নিত্য শাস্তির লোকে উত্তীর্ণ
করে না, তেমন সাধনা গ্রহণ করিলে কি লাভ হইতে পারে ৪

জীবের অনন্ত হঃথ সিদ্ধার্থকে গৃহত্যাগী করিয়াছে—কামনাই এই হঃথের মুলে রহিয়াছে। যে স্বর্গে বিলাসবাসনা, কাম্যবস্ত ও ইন্দ্রিয়স্থথের প্রাচুর্য্য রহিয়াছে, সেই স্বর্গ তিনি কেমন করিয়া স্বীকার করিবেন ? তিনি মনে মনে স্থির করিলেন, শাস্ত্রবর্ণিত স্বর্গ মানবমনের কল্পনানাত্র। তিনি যে নিত্য অমৃতের সন্ধানে বাহির হইয়াছেন কল্পিত স্বর্গলোক তাহা নহে।

সিদ্ধার্থ মগধের রাজধানী রাজগৃহের অভিমুখে চলিলেন।
এইথানে প্রতাপশালী নরপতি বিদ্বিদার রাজত্ব করিতেছিলেন।
বিদ্ধ্যগিরির পাঁচটি শাথা এই নগরটিকে পরিবেপ্টন করিয়া ইহাকে
এক অপূর্ব্ব স্বাভাবিক শ্রী দান করিয়াছিল। এথানকার শৈলনালার
অভ্যন্তরে বহুসংখ্যক গুহা ছিল। রাজধানীর সমীপবর্ত্তী এই সকল
নিভ্ত ও রমণীয় গিরিগহ্বর অসংখ্য সাধুর সাধনভূমি হইয়া
উঠিয়াছিল। মহামতি সিদ্ধার্থ এথানকার একটি গুহায় আশ্রয়

সমগ্র মানবজাতির কল্যাণকামনার স্থমহান্ ভাব সির্দ্ধার্থের চিত্ত অধিকার করিয়াছিল। কি উপায়ে মানবের হৃঃথ দূর করিবেন, কি উপায়ে মুক্তিলোক আবিষ্কার করিবেন, নির্জ্জনে তিনি তাহাই ভাবিতে লাগিলেন। এইথানে সিদ্ধার্থ একক ও অসহায় হইলেন। ভিক্ষা করিয়া তাঁহাকে তওুল সংগ্রহ করিতে হইত—নিজের হাতে তাঁহাকে আপনার আহার্য্য প্রস্তুত করিতে হইত। মনকে দৃঢ় করিয়া তিনি আজন্মের বিলাস বিসৰ্জ্জন করিলেন।

উদরারসংগ্রহের জন্ত সিদ্ধার্থকে নগরে ভ্রমণ করিতে ইইত।
তাঁহার রমণীয় শাস্তোজ্জ্বল মূর্ত্তি নগরবাসীদিগকে বিশ্বিত করিয়াছিল—তাঁহার মূথকান্তি দেখিয়া সকলে ভক্তিতে বিহ্বল ইইত।
ভূত্যদের মূথে এই অপূর্ব্ব তরুণ সাধুর খ্যাতি শুনিয়া মগধরাজ
বিশ্বিসার সিদ্ধার্থের সহিত দেখা করেন। তাঁহার পরিচয় পাইয়া
রাজা আশ্চর্যান্থিত ইইলেন এবং তাঁহাকে কঠোর সন্ন্যাসত্রত ত্যাগ
করিয়া সংসারধর্ম্ম-গ্রহণের জন্ত সনির্বন্ধ অন্তরোধ করিলেন। বলা
বাহলা, সিদ্ধার্থের মন আর ভোগবিলাসের দিকে ফিরিল না।

সিদ্ধার্থ লোকমুণে শুনিতে পাইলেন, বৈশালীতে আকাড়কালাম নামক জনৈক শাস্ত্রজ স্পণ্ডিত ঋথি হিরণ্যবতী নদী তীরে বাস করেন। এই গাষির তিন শত শিশ্ব আছে। সিদ্ধার্থ ইহার শিশ্বত্ব স্বীকার করিলেন। এথানে তিনি কিছুকাল চর্চচা করেন অত্যুগ্র শ্রেতিভাবলে অল্পদিনের মধ্যেই তিনি গুরুর জ্ঞাত সর্ব্ববিদ্যা আশ্বন্ত করিলেন কিন্তু যে মুক্তিলোকের সন্ধানে তিনি যৌবনে গৃহত্যাগ করিরা ভিথারী হইয়াছেন, তাহারা কোনো গোঁজই পাইলেন না।

অতংপর এক শৈলগুহার রামপুত্র ক্রদ্রকের সহিত তাঁহার দেখা হর। এই স্থপণ্ডিত শাস্ত্রজ্ঞ ঋযি সাত শত শিক্তরেক শাস্ত্রাভ্যাস করাইতেন। শিক্তর স্বীকার করিয়া সিদ্ধার্থ কিছুকাল ইহার নিকটে শাস্ত্র পাঠ করেন। অল্পকাল-মধ্যেই তিনি গুরুর সমকক্ষতা লাভ করিলেন। ক্রদ্রক এই প্রতিভাশালী শিক্তকে তাঁহার আশ্রমে রাথিরা ছাত্রদের অধ্যাপকত্ব গ্রহণ করিতে অফ্ররোধ করেন। কিন্তু সিদ্ধার্থের মন সেই অফুরোধ রক্ষা করিতে সন্মত হইল না। তিনি স্পষ্টই বুঝিলেন যে, তাঁহার গুরু তাঁহাকে কিঞ্চিৎ শাস্ত্রজ্ঞান দান করিরাছেন বটে, কিন্তু মুক্তির যে উদার পছা আবিষ্কারের জন্ম তিনি আত্মোৎসর্গ করিরাছেন, তাহা গুরুর অধিগম্য নহে। অগত্যা তিনি তাঁহার আশ্রম ত্যাগ করিলেন। আধ্যাত্মিক সত্যান্ত্র্নানের জন্ম সিদ্ধার্থের ঐকান্তিক অনুরাগ দেখিয়া রুদ্রকের পাঁচজন শিন্তু তাঁহার অনুগামী হইলেন। ইহাদের নাম কোণ্ডিণ্য, অশ্বজিৎ, ভদ্রিক, বপ্রশু ও মহানাম।

দৈহিক স্থথভোগের লাল্যা সাধনার পথে বিল্ল উপস্থিত করিয়া থাকে; এই জন্ম কচ্ছু সাধনা দারা দেহকে নিপীড়িত করিবার অস্বাভাবিক উপায় অবলম্বন করা এক সময়ে ভারতবর্ধে প্রবল হইয়া পড়িয়াছিল। সিদ্ধার্থ মনে মনে সংকল্প করিলেন যে, কঠোর তপশ্চর্য্যা দারা তিনি ইন্দ্রিয়গুলিকে দমন করিয়া নিজের মনকে বাসনামুক্ত করিবেন, এবং তাহা হইলেই তিনি হুঃথের হাত এড়াইয়া পরম শাস্তি লাভ করিতে পারিবেন। তিনি বুঝিলেন যে, শাস্ত্র অধ্যয়ন বা শ্রবণ করিয়া সত্যলোক লাভ করা যায় না, একমাত্র সাধনার দারা ইহা লাভ করা যাইতে পারে। স্কতরাং অবিলম্পে তিনি অমুকূল ক্ষেত্রের সন্ধানে বাহির হইলেন। ভ্রমণ করিতে করিতে তিনি গয়াশীর্ধ শৈলের সমীপে উপস্থিত হইরাছে। ইহার সন্নিকটে নৈরঞ্জনা ও মহানদী ফল্পর সহিত নিশ্রিত হইয়াছে। কিয়্লুর অগ্রসর হইয়া উরবিল্প গ্রামে প্রবেশ করিলেন। তথাকার নৈরর্গিক শোভা তাঁহার চিত্ত প্রশ্বিকরা। স্কছ্সিলিলা নৈরঞ্জনার

ৰুছের জীবন ও বাণী

পবিত্র তীরে সিদ্ধার্থ ছয় বংসর কাল কঠোর সাধনার প্রায়ন্ত রহিলেন।

পঞ্চম অধ্যায়



সাধনা ও বোধিলাভ

মহাপুরুষদের বিশেষত্ব এই যে, তাঁহারা মন্থ্যান্থকে মনোমোহন নব শ্রী দান করিয়া থাকেন। শর্করা যেমন জলের সহিত সর্ক্তোভাবে গলিয়া-মিশিয়া জলকে মধুর করে, মহাপুরুষেরাও তেমনি মানবজাতির সাধনাসমূদ্রে তাঁহাদের জীবনের সাধনার ধারা মিশাইয়া দিয়া মানবসাধনাকে নবীন গোরব দান করেন। একনিষ্ঠ সাধনার দারা মানব আপনার চরম সাফল্য নিজের চেষ্টাতেই অর্জন করিতে পারেন; মানব আপনিই আপনার ভাগানিয়ভা এবং আপনিই আপনার উদ্ধারক্তা; মুক্তিলাতের জন্ম তাঁহার দিতীয় কোন অবলন্ধনের প্রয়োজন নাই—মহাপুরুষ সিদ্ধার্থের সাধনা মানবজকে এই গোরবমুকুট পরাইয়া দিয়াছে।

দিদ্ধার্থ যে সাধনায় বিজয়ী হইয়া মানবত্বের শিরে এই গোরবমুক্ট পরাইয়াছেন, সেই সাধনপ্রণালী নির্দ্ধারণ করিতে তাঁহাকে
বহু সংগ্রাম করিতে হইয়াছে। তিনি শান্তের আশ্রয় ত্যাগ করিয়া,
শুরুদের আশ্রয় ত্যাগ করিয়া, আপনিই আপনার অবলম্বন হইলেন।

মন হইতে বাসনার শর তুলিয়া ফেলিবার জন্ম অনলস হইয়া রুচ্ছুসাধনায় প্রার্থ হইলেন। তাঁহার সাধু চেক্টা ও চিত্রের লূঢ়তা
দেখিয়া পঞ্চশিয়্ম বিশ্মিত হইলেন। কঠোর যোগী বলিয়া সিদ্ধার্থের
খ্যাতি দেশদেশাস্তরে পরিব্যাপ্ত হইল। তিনি দেহের দিকে কিছুমাত্র ক্রেকেপ না করিয়া যোগাসনে উপবিষ্ট হইয়া সর্কজীবের হঃখ
দ্র করিবার জন্ম মনন ও ধান করিতে লাগিলেন। জন্মমৃত্যুর
সমুক্ত অতিক্রম করিয়া নির্কাণলাভের জন্ম তিনি কঠোর যোগ ছারা
দেহ ও মনকে সংযত করিতে লাগিলেন। আহারের মাত্রা হাস প্রাপ্ত
হইতে২ একটিমাত্র তভ্লকণায় আসিয়া দাঁড়াইয়াছিল! একদিন
নয়, ছই দিন নয়, এক মাস নয়, ছই মাস নয়, স্থলীর্ঘ ছয় বৎসরকাল এইপ্রকার কঠোর সাধনা চলিতেছিল। কত রৌজ, কত রুষ্টি,
কত শীত, কত গ্রীয়, তাঁহার মাথার উপর দিয়া চলিয়া গিয়াছিল,
সিদ্ধার্থ তাহা জানিতেও পারেন নাই। তাঁহার দেহের দিবাকান্তি
বিল্প্র হইল, দৃত্ব বলিষ্ঠ বিশালবপু কন্ধালে পরিণত হইল।

কিন্তু এত ক্লেশ ও এত যাতনা স্বীকার করিয়াও সিদ্ধার্থ তাঁহার চিবের ছিত বোধিলাভ করিতে পারিলেন না। তাঁহার চিত্তের বাাকুলতা কিছুতেই দূর হইল না। তিনি পরিশেষে এই সিদ্ধান্তে উপনীত হইলেন যে, কুচ্ছু সাধনা দারা বাসনার অগ্নি নির্বাপিত হইতে পারে না, এবং ইহাদারা সত্যের বিমল আলোক লাভের আশাও ছ্রাশামাত্র। একদা একটি জম্বুতক্রতলে উপবিষ্ট হইয়া সিদ্ধার্থ তাঁহার মনের অবস্থা এবং কুচ্ছু সাধনার ফলাফল-বিচারে প্রস্তুত্ত হইলেন। তিনি ভাবিলেন—"আমার দেহ ক্ষীণ ক্ষীণতর হইয়াছে; উপবাস দারা আমি ক্ষালে পরিণত হইলাম, কিন্তু

তথাপি নির্বাণলোকের ত কোন সংবাদ পাইলাম না। আমার অবলম্বিত এই কুচ্ছু সাধনার পদ্ম কিছুতেই আর্য্যমার্গ হইতে পারে না। অতএব একণে উপযুক্ত পানাহার দ্বারা দেহকে বলিষ্ঠ করিয়া মনকে অনুসন্ধানে নিযুক্ত করা কর্ত্তব্য।"

এইরপ দিদ্ধান্তে উপস্থিত হইয়া তিনি নৈরঞ্জনার নির্মাণ নীরে অবগাহন করিয়া স্থান করিলেন; তাঁহার শরীর এমন হর্বল হইয়া পড়িয়াছে যে, স্থানান্তে চেষ্টা করিয়াও নিজের শক্তিতে তাঁরে উঠিতে পারিতেছেন না। অবশেষে নদীবক্ষে অবনত একটি বৃক্ষশাখা ধরিয়া তিনি কূলে উঠিলেন।

সিদ্ধার্থ আপন কুটীরের দিকে চলিলেন। পথিমধ্যে বনপথে তিনি সংজ্ঞাহীন হইয়া ভূতলে পড়িয়া গেলেন। পঞ্চ শিস্তা মনে করিলেন, সিদ্ধার্থের মৃত্যু ঘটিয়াছে। রুচ্ছু সাধনার প্রতি সিদ্ধার্থ বীতশ্রদ্ধ হইয়াছেন বটে, কিন্তু তিনি কোন্ সাধনাপ্রপালী অবলম্বন করিবেন ভাবিয়া ছির করিতে পারিতেছেন না। ভাবানার পর ভাবনার তরঙ্গ উঠিয়া সিদ্ধার্থের সংশ্বর্যাকুল চিত্ত দোলাইতে লাগিল। এই সময়ে তিনি একদিন নিদ্রিত অবস্থায় স্বপ্লে দেখিলেন — "দেবরাজ ইক্র একটি তার অতি দৃঢ়রূপে বাধা ছিল। তাহাতে আঘাত করিবামাত্র শেতিকটু বিরুত স্কর বাহির হইল; অন্ত একটি তার নিতাস্ত শিথিল ছিল, উহা হইতে কোন স্করই নির্গত হইল না। মধ্যবর্তী তারটি না-শিথিল না-দৃঢ় এমনই ভাবে যথাষথক্ষপে বাধা ছিল; সেই তারটিতে ঘা পড়িবামাত্র মধুর স্করে চারিদিক পূর্ণ হইয়া উঠিল।"

নিজাভঙ্গে সিদ্ধার্থের হৃদয় মত্যের বিমল জ্যোতির আবির্ভাবে পূর্ণ হইল। সাধনার উদার মধ্য পদ্বা তাঁহার মনশ্চক্ষুতে প্রত্যক্ষ হইল। ভোগবিলাস ও রুচ্ছু সাধনার মধ্যবর্ত্তী সত্যমার্গ অবলম্বন করিয়া তিনি বোধিলাভের জন্ম স্থিরসংকল্প হইলেন।


নিক্ষল কঠোর সাধনায় স্বাস্থ্য ভগ্ন হইরাছে বলিয়া সিদ্ধার্থ
চিন্তিত হইলেন। তিনি বুঝিয়াছেন, বলিষ্ঠ দেহ এবং বলিষ্ঠ মন
বোধিলাভের পক্ষে অমুকূল। দেহকে সবল করিয়া মনকে জাগ্রত
করিয়া তিনি নবীন সাধনায় পুনর্কার প্রস্তুত হইবেন, স্থির
করিলেন। এই সংকল্পে উপস্থিত হইয়া তিনি একদিন শেষ
রজনীতে স্ক্রাত শুচি হইয়া একটি স্প্রিষ্কৃত তরুমূলে ধ্যানে
উপবিষ্ঠ হইলেন।

সনীপবর্ত্তী সেনানিপ্রামে এক ধনবান্ বণিকের পুণ্যবতী ছহিতা স্কলাতা বহু সাধনার ফলে একটি পুত্রলাভ করিয়া স্বর্গ-পাত্রে পায়স লইরা একদিন বনদেবতার পূজা দিতে আসিলেন। তাঁহার একটা দাসী অগ্রে অগ্রে আসিতেছিল। তরুমূলে উপবিষ্ট ক্রীণাঙ্গ সিদ্ধার্থের ধ্যানস্থলর মূথের অপূর্ব্ব জ্যোতিঃ দেখিয়া সে বিস্মিত হইল এবং দৌড়িয়া গিয়া স্কলাতাকে জানাইল যে, দেবতা প্রসন্ন হইয়া তাঁহার ভক্তিঅর্থ্য গ্রহণ করিবার জন্ম সমরীরে অবজীণ হইয়াছেন। হাইচিত্র স্কলাতা ক্রতপদে তরুমূলে উপস্থিত হইয়া শ্রন্ধাবিকম্পিত করে দেবতার হস্তে পার্মসান্ত্রের পাত্র প্রদান করিলেন। "তোমার কামনা পূর্ণ হউক" বলিয়া সিদ্ধার্থ তাঁহার মহৎ দান গ্রহণ করিলেন। স্ক্রাদ পায়াসান্ত্র

মধুর কণ্ঠে স্থজাতাকে কহিলেন—"ভদ্রে, আমি দেবতা নই, তোমারই :মত মান্ব্য, তোমার মঙ্গল হস্তের মহৎ দান আজ আমার প্রাণরক্ষা করিল, মনে নবীন উৎসাহের সঞ্চার করিয়া দিল। আমি যে সত্যের সন্ধ্যানে রাজ্যস্থথ ছাড়িয়া সন্মাসী হইমাছি, তোমার এই অন্ন সেই সত্যলাভের সহায় হইল। আমার মনে আজ দৃঢ় ধারণা হইয়াছে যে, আমি সেই সত্যলাভ করিয়া কুতার্থ হইতে পারিব। তোমার কল্যাণ হউক।"

এই ঘটনার পরে সিদ্ধার্থ নিয়মিত পাদাহারে প্রস্তুত হইলেন।
তাঁহার এই পরিবর্ত্তন পঞ্চ শিয়ের মনে গভীর সন্দেহের সঞ্চার
করিল। তাঁহারা ভাবিলেন, সিদ্ধার্থ তাঁহার জীবনের মহৎ উদ্দেশ্য
বিশ্বত হইয়া সাধনার সত্য পথ হইতে দ্বে সরিয়া যাইতেছেন।
এতদিন তাঁহারা যাঁহাকে শুরু বলিয়া মানিয়াছেন, এখন তাঁহারা
তাঁহাকে ত্যাগ করিয়া চলিলেন। বিমুখ শিশ্যদের এই শ্রদ্ধাহীনতা
সিদ্ধার্থকে পীড়িত করিল; অন্তরের সেই বেদনা ঝাড়িয়া ফেলিয়া
তিনি প্রশান্তচিত্তে একাকী মহাসাধনায় প্রবৃত্ত হইবার জন্ম প্রস্তুত
হইলেন।

নৈরাশ্যের মেঘ কাটিয়া যাওয়ায় সিদ্ধার্থের চিত্ত আনন্দে ভরিয়া উঠিল। তাঁহার হৃদয়ের আনন্দে বিশ্বপ্রকৃতি প্রসন্মূর্ত্তি ধারণ করিল। তিনি যথন মৃহলগমনে বোধিজনের দিকে অগ্রসর ইইতেছিলেন, তথন তাঁহারই আনন্দপুলকে পদতলে ধরিত্রী যেন শিহরিয়া উঠিতেছিলেন। আপনার মহাসাধনার সফলতাসম্বন্ধে সন্দেহের শেষ রেথাটুকুপর্যান্ত যথন নিঃশেষে দূর হইল, তথন সিদ্ধার্থ অস্তর ও বাহির হইতে ক্রমাগত আশার বাণী শুনিতে লাগিলেন।



বৃদ্ধগ্যার মন্দির

অন্তর ও বাহির তাঁহাকে আহ্বান করিবা যেন ইহাই বলিতেছিল,—
"হে সাধক, হে বরেণা, সিদ্ধিলাভের মাহেন্দ্রকণ সমাগতপ্রায়,
তুমি মহাসাধনায় সিদ্ধিলাভ করিয়া কল্যাণের আকর নির্বাণ
আবিষ্কার কর।"

শ্বিগ্ধ শ্রামল সন্ধ্যাকালে সিদ্ধার্থ বোধিক্রমমূলে নবীন তৃণ বিছাইয়া সমাসীন হইলেন। সাধনায় প্রবৃত্ত হইবার পূর্ব্বেই তিনি সম্বল্প করিলেন—

> ইহাসনে শুশ্বতু মে শরীরং স্বগন্থি মাংসং প্রলয়ঞ্চ যাতু। অপ্রাপ্য বোধিং বহুকল্পতুর্গভাং নৈবাসনাৎ কায়মতশ্চনিয়াতে॥

এই আসনে আমার শরীর শুকাইয়া বায় বাক্, স্বক্, অস্থি, মাংস, ধ্বংস প্রাপ্ত হয় হউক, তথাপি বহুকল্পত্রলভি বোধিলাভ না করিয়া আমার দেহ এই আসন ত্যাগ করিয়া উঠিবে না।

পুরুষসিংহ সিদ্ধার্থ সন্ধল্লের বর্ম্মে আর্থত হইয়। সাধনসমরে প্রেরত হইলেন। শুদ্ধ ও নিস্পাপ হইবার জন্ম তিনি আপনার অন্তরের অন্তরতম প্রদেশের প্রস্থপ্ত পাপলালসাগুলি উৎপাটিত করিয়া ফেলিবার নিমিত্ত যুদ্ধ করিতে লাগিলেন। নির্কাণের পূর্বেধ দীপশিখা যেমন দাউ দাউ করিয়া জ্ঞালিয়া উঠে, সিদ্ধার্থের পাপলালসাগুলি চিরকালের জন্ম নির্কাপিত হইবার পূর্বেধ অল্প সময়ের জন্ম তেমনি আর একবার প্রদিপ্ত হইয়া উঠিল। এই বিদ্রোহী পাপস্মৃহের সহিত তাঁহার অন্তরে বে, তুমুল কুরুক্তেরের যুদ্ধ ঘটিয়াছিল, বিবিধ কারেয় ও ধর্মগ্রন্থে তাহার চমৎকার রূপক বর্ণনা রহিয়াছে।

পাপবাহিনীর সহিত সিদ্ধার্থের সেই সংগ্রামের বর্ণনা পাঠ করিবেদ মৃতকল্প ব্যক্তির হৃদয়েও অপূর্ব্ব বলের সঞ্চার হয়। নানা প্রলোভন্ দেখাইয়া কানলোকের অধিপতি মার সিদ্ধার্থকে প্রলুক্ক করিতে উচ্চত হইবামাত্র তিনি স্বদৃদ্ কঠে বলিলেন:—

> মের পর্বতরাজ স্থানতু চলেৎ সর্বং জগল্লোভবৎ সর্বে তারকসঙ্গ ভূমি প্রেপেতৎ সজ্যোতিষেক্রা নভাৎ। সর্বে সত্ত্ব করেয় একমতয়ঃ শুয়েন্মহাসাগরো নত্ত্বে ক্রমরাজ মুলোপগতশ্চাল্যেত অম্মাদ্ধিঃ॥

যদি পর্বতরাজ মেরু স্থানচ্যুত হয়, সমস্ত জগৎ শৃন্তে মিশিয়া যায়, সমস্ত নক্ষত্র জ্যোতিষ্ক ও ইন্দ্রের সহিত আকাশ হইতে ভূমিতে পতিত হয়, বিশ্বের সকল জীব একমত হয় এবং মহাসাগর শুকাইয়া যায়, তথাপি আমাকে এই ক্রমমূল হইতে বিন্দুমাত্র বিচলিত করিতে পারিবে না।

একে একে নানা পাপ প্রলোভন সিদ্ধার্থকে প্রনুদ্ধ করিতে চেষ্টা করিল। কিন্তু তাঁহার অবিচলিত চিত্তের অমিত বিক্রম তাহাদের সকল চাতুরী ব্যর্থ করিয়া দিল। অবশেষে স্বয়ং মার নানা আয়ুধে সজ্জিত হইয়া সমুখসংগ্রামে অগ্রসর হইল। পুরুষ-সিংহ সিদ্ধার্থ বজ্রগন্তীর কঠে কহিলেন "তুমি একাকী কেন":—

সর্বেষং ত্রিসাহশ্র মেদিনী যদিমারেঃ প্রপূর্ণা ভবেং
সর্বেষাং যথ মেরু পর্বতবরং পাণীষু থজেগা ভবেং।
তে মহুং ন সমর্থ লোম চালিতুং প্রাগেব মাং যাতিতুং
কুর্য্যাচ্চাপি হি বিগ্রহে শ্ব বর্শ্বিতেন দৃঢ়ং॥
এই তিন সহস্র মেদিনী যদি মারনারা প্রপূর্ণ হয়, প্রাত্যেক

মারের হন্তের থড়া যদি পর্বতবর মেরুর ন্যায় প্রকাণ্ড হয়, তথাপি বিগ্রহে দৃঢ়বর্দ্মিত আমাকে পরাস্ত করা দূরে থাকুক, একবিন্দু টলাইতেও পারিবে না।

মার পলায়ন করিল। সকল বাসনা, সকল সংস্কার হইতে
মুক্তিলাভ করিয়া সিদ্ধার্থের চিত্ত সত্যের বিমল আলোকে পরিপূর্ণ
হইল। সাধনায় সিদ্ধিলাভ করিয়া তিনি এখন "বৃদ্ধ" হইলেন।
তাঁহার মনশ্চক্ষ্র সম্মুথে জীবের যাবতীয় ছংখের মূলীভূত কারণ
প্রকাশিত হইল। তিনি ভাবিলেন—"মানব যখন জ্ঞানদৃষ্টির
ছারা অমঙ্গল কর্মের ফলাফল প্রত্যক্ষ করে, তখনই সে বাসনার
আক্রমণহইতে অব্যাহতি লাভ করে। ভোগলালসা হইতেই
ছংখের উৎপত্তি হইয়া থাকে। বাসনাবিলোপের পূর্কে মৃত্যু
ঘটিলেও মানব শান্তিলাভ করিতে পারে না। কারণ তাহার
বাঁচিয়া থাকিবার কামনা থাকিয়া যায় এবং তাহাকে পুনঃ পুনঃ
জন্মগ্রহণ করিতে হয়।

বুদ্ধদেব জ্ঞাননেত্রে দেখিলেন "ধর্মাই সত্যা, ধর্মাই পবিত্র বিধি, ধর্মোই জগৎ বিশ্বত হইয়া আছে এবং একমাত্র ধর্মোই মানব ভ্রাস্তি পাপ এবং ছঃখ হইতে মুক্তিলাভ করিতে পারে।"

তাঁহার প্রজ্ঞানেত্রের সম্থে জন্ম মৃত্র সকল রহন্ত উদ্বাটিত ।

হইল। তিনি বুঝিলেন, হঃথ, হঃথের কারন, হঃথের নিরোধ এবং

হঃখনিরোধের উপায় এই চারিটি আর্য্য সত্য—অর্থাৎ (১) জন্মে

হংখ, জরা ব্যাধি মৃত্যুতে হঃথ, অপ্রিয়ের সহিত মিলনে হঃথ, প্রিয়ের

সহিত বিচ্ছেদে হঃখ; (২) তৃষ্ণা হইতেই হঃথের উৎপত্তি হইয়া

থাকে; (৩) ভৃষ্ণার নির্তিত্ত ইইলেই হঃথের নিরোধ ঘটে;

(৪) এই হঃশনিরভির উপায় আটটি, যথা—সম্যক্ দৃষ্টি, সম্যক্ সন্ধল্প, সম্যক্ বাক্, সম্যক্ কর্মান্ত, সম্যগাজীব, সম্যক্ ব্যায়াম, সম্যক্ স্মৃতি ও সম্যক্ সমাধি।

ষষ্ঠ অধ্যায়

বুদ্ধ ও তাঁহার পঞ্চ শিষ্য

মুক্তির বিনল আনন্দে বুদ্ধের অস্তর পূর্ণ হইল। যে বনম্পতি-মুলে তিনি বুদ্ধর লাভ করিয়াছেন, তথায় একাকী তিনি সাত সপ্তাহ তাঁহার নবলব্ধ অমৃত-উৎসের রসধারা নীরবে সম্ভোগ করিলেন।

বুদ্ধদেব এখন বিশ্বব্যাপী আনন্দ ও অমৃতের আস্বাদন পাইয়া-ছেন। সকল সংস্কার ও সকল বাসনার বিলোপ দ্বারা তিনি নির্মাশ আনন্দ ও শাখত জীবনলাভ করিয়াছেন।

নির্বাণের এই মঙ্গলবাণী তিনি কেমন করিয়া সকলের বোধগম্য করিবেন, ইহাই এখন তাঁহার ভাবিবার বিষয় হইল। যাঁহার
মন হইতে অহংবৃদ্ধি নিঃশেষে দ্রীভূত হয় নাই, তিনি কোনমতেই পরিপূর্ণ শাস্তি লাভ করিতে পারেন না; এই বৃদ্ধিই সমস্ত
পাপ, সমস্ত অকল্যাণ, সমস্ত ভ্রান্তির উৎস। একখণ্ড মেঘ যেমন
বৃহৎ স্থ্যকে দৃষ্টির আড়াল করিয়া দেয় অহংবৃদ্ধি তেমনি বিশ্বব্যাপী
আনন্দকে অদৃষ্ঠ ও অবোধ্য করিয়া রাখে।

বুদ্ধ ভাবিলেন— "আমি যে মহাসত্য লাভ করিয়াছি, যদি তাছা
সাধারণের মধ্যে প্রচার না করি, তাহা হইলেই ইহা দারা জীবের
কি লাভ হইল ? হুংথের কাঁদে পড়িয়া যাহারা জন্মজন্মান্তর কঠোর
সংগ্রাম করিতেছে এবং তৎসঙ্গে অশেষ যাতনা ভোগ করিতেছে
আমার তাহাদিগকে নির্বাণের বাণী শুনাইতে হইবে। সর্ব্ব হুংখনির্বাপক এই বাণী একবার তাহাদের চিত্ত স্পর্শ করিলেই, তাহারা
পরম শান্তি লাভ করিতে পারিবে।"

বুদ্ধের চিত্তে সময়ের জন্ম সংশয় উপস্থিত হইল। তিনি ভাবিলেন, যাহারা ভৃষ্ণায় অভিভূত, তাহারা আমার এই জ্ঞানগম্য গভীর ধর্ম বুনিবে না। তাহাদের চঞ্চলবুদ্ধি জগতের কার্য্য কারণের নিয়ম, সংস্কার ও উপাধির নিরোধ, সংযম এবং নির্মাণ ধারণা করিতে পারিব না। স্কৃতরাং এই ধর্ম প্রচার করিলে আমার চেষ্টা ব্যর্থ হইবে। একদিকে এই সংশয়, অপরদিকে জীবের প্রতি অপ্রমেয় করুণা, ছইদিক্ হইতে বুদ্ধের চিত্তকে আঘাত করিতে লাগিল। আপনার মনের মধ্যে আপনি তর্কবিতর্ক করিয়া অবশেষে তিনি এই সিদ্ধান্তে উপনীত হইলেন যে, সত্যাহুরাগী শ্রদ্ধাশীলদের নিকটে আমার এই মুক্তির বাণী প্রথমে প্রচার করিতে হইবে; তাহার পরে সত্য ধীরে ধীরে আপনাকে আপনি প্রতিষ্ঠিত করিবে। কিন্তু কে সেই শক্তিশালী ব্যক্তি যিনি সর্বপ্রথমে এই নব ধর্ম্মের পতাকা বহন করিবেন প্

প্রথমে অড়ার কালাম ও রামপুত্র রুদ্রকের কথা বুদ্ধের মনে পড়িল। কিন্তু তিনি জানিতে পারিলেন যে, তাঁহারা আর জীবিত নাই। ইহার পর পঞ্চ শিয়ের স্থতি তাঁহার মনে উদিত হইল। এই শ্রদ্ধাশীল ও বিশ্বাসী পঞ্চশিস্ত একদিন গভীর ধর্মকুধা
মিটাইবার ত্বন্থ তাঁহার আন্থগতা স্বীকার করিয়াছিল। কিন্তু সে
সময়ে বুদ্ধের অন্তরের অন্তরতন গোপন ভাণ্ডার অমৃতায়ে পূর্ণ হইয়া
উঠে নাই; তিনি তথন তাঁহাদিগকে ক্ষ্ধায় অন্নদান করিতে পারেন
নাই। কিন্তু এখন তাঁহার ভাণ্ডারে যে অমৃত সঞ্চিত হইয়া
উঠিয়াছে, তাহা দ্বারা পঞ্চশিস্ত কেন, সমগ্র নরনারী ভৃপ্তিলাভ করিতে
পারেন। যাহারা একদিন বিমুথ হইয়া তাঁহাকে পরিত্যাগ করিয়া
গিয়াছিলেন, তিনি আর কাল বিলম্ব না করিয়া তাঁহাদের সন্ধানে
মুগদাব বা ঋষিপত্তনের অভিমুখে ছুটিলেন।

বুদ্ধের আগমনবার্ত। পুর্বেই শিশুদের কর্ণগোচর হইয়ছিল।
তাঁহারা কিছুতেই বুঝিতে পারেন নাই বে, সিন্ধার্থ সাধনায় সিন্ধি
লাভ করিয়া বুন হইয়াছেন। তাঁহাদের প্রতীতি হইল, তিনি
তপোল্র ইইয়া আসিতেহেন। মনে মনে স্থির করিয়া রাখিলেন
সিন্ধার্থকে তাঁহারা কলাচ গুরু বলিয়া শ্রনা দেখাইবেন না;
কার্যাতঃ কিন্তু উন্টা ব্যাপার দাড়াইল। বুন্দেবের প্রসন্মুথের
দিব্য জ্যোতিঃ দেখিবামাত্র তাঁহাদের সকল সংশয় দূর হইল
এবং মন শ্রন্ধা অবনত হইয়া পড়িল। তিনি তাহাদের সম্মুথে
উপস্থিত হইবামাত্র তাঁহারা আসন ত্যাগ করিয়া তাঁহার চরণ
বন্দনা করিলেন।

বুদ্ধ কহিলেন—"প্রিয় শিশ্বগণ, রুচ্ছু শাধনা ও ভোগবিলাসের আতিশয্য এই চুইয়ের মধ্যবর্তী কল্যাণময় মুক্তিবত্ম আমি আবিষ্কার করিরাছি। সেই নির্বাণ লাভ করিবার উপায় আমি তোমাদিগকে দেখাইয়া দিব।" বুদ্ধদেবের তেজাময়ী বাণী শ্রবণ করিয়া শিশ্বদের মন শ্রন্ধায় ভক্তিতে পূর্ণ হইল। তাহারা নবধর্শে দীক্ষিত হইবার নিমিত্ত ব্যাকুল হইয়া উঠিলেন।

অতঃপর একদিন সন্ধ্যার প্রাক্ষালে ভগবাৰ বৃদ্ধদেব তাঁহার পাঁচ-জন শিয়াকে লইয়া ঋষিপত্তনের অদূরবর্ত্তী এক ছদের তীরে গমন করিলেন। ছদের একপার্শ্বে উচ্চ-চিবি রহিয়াছে। ঐ চিবির নিম্নদেশ হইতে সোপান বাহিয়া জলাশ্যে নামিতে হয়। দীক্ষার্থী শিয়োরা জলাস্থে উপস্থিত হইলে বৃদ্ধ কহিলেন—"বংসগণ, তোমা-দের আজিকার স্থান প্রতিদিনের স্থানের ভায় একাস্থ সামান্ত নহে, আজ তোমাদের কেবলমাত্র দেহের মলিনতা ধুইয়া ফেলিলে চলিবেনা, আজ তোমাদের দেহের ও মনের সর্ব্বপ্রকার মলিনতা ধুইয়া-মুছিয়া অস্তবে বাহিরে পবিত্র হইতে হইবে।"

স্থান শেষ করিরা শিশ্তের। তীরে আসিলেন। বুদ্ধদেব জিজ্ঞাসা করিলেন—"বৎসগণ, তোমাদের অন্তর ও বাহির পবিত্র হইল কি ?"

শিয়েরা উত্তর করিলেন "হাঁ"! তথন তিনি নধুরকঠে গন্তীরভাবে বলিতে লাগিলেন— বংসগণ, সাধারণতঃ তিন শ্রেণীর শিক্ত
দেখা যার। এক শ্রেণীর শিক্তদিগকে অধােম্থ কুন্তের সহিত
তুলনা করা যার। অধােম্থ কুন্ত জলে নিমগ্ন হইরাও ভরিয়া
উঠে না, ইহাদের মনও তেমনি গুরুর উপদেশের প্রতি বিমুখ
বলিয়া ক্মিন্ কালেও তাঁহার উপদেশাম্তে পূর্ণ হইয়া উঠে না।
ইহারা যুগের পর যুগ গুরুর সহিত বাদ ক্রিয়াও কোন স্ফল
প্রত্যাশা ক্রিতে পারে না। তোমরা কি এই শ্রেণীর শিয়্ম হইতে
চাও ?" শিয়েরা উত্তর ক্রিলেন—"না"। বুদ্ধ বলিতে লাগিলেন,
দ্বিতীর শ্রেণীর শিয়্মদিগকে "উৎসক্ষবদর" নাম দেওয়া বাইতে

পারে। আঁচল ভরিয়া কুল গ্রহণ করিয়। যদি কোন ব্যক্তি সেগুলিকে না বাধিয়া দণ্ডায়মান হয়, তাহা হইলে তাহার ক্রোড়স্থিত আঁচলের সমস্ত কুল ভূতলে পড়িয়। যায়; তজ্ঞপ এক শ্রেণীর শিয়্মেরা গুরুগৃহে অবস্থানসময়ে গুরুর নানা গুণ বাহুতঃ লাভ করিয়া থাকে; তথন তাহাদের বাক্রে, কার্য্যে ও ব্যবহারে স্কুলনতা প্রকাশ পাইয়া থাকে, কিন্তু গুরুর বিবিধগুণ ও উপদেশ শ্রহাপূর্বক সদমে বাধিয়া রাথিবার জন্ম তাহাদের কোন চেষ্টা থাকে না বলিয়া, যথন গুরুর সঙ্গ হইতে তাহারা দুরে চলিয়া যায়, তথন তাহারা সেই ক্রণস্থায়ী গুণগুলি উৎসঙ্গতিত বদরের ন্যায় হারাইয়া ফেলে। তাহাদের প্রকৃতি তথন আম্ল পরিবর্ত্তিত হইয়া থাকে। বৎসগণ! তোমরা কি এই শ্রেণীর শিয়্ম ইইতে ইচ্ছা কর প্রত্বিত হইলা না।

বৃদ্ধ ধীরকঠে আবার কহিলেন— 'নোম্যগণ, তৃতীয় প্রকারের শিক্ষদিগকে উদ্ধৃথ কুন্তের সহিত তুলনা করা হইয়া থাকে। উদ্ধৃথ কুন্ত থেমন সহজেই সলিলের মধ্যে প্রবেশ করিয়া কানায়-কানায় পূর্ণ হইয়া থাকে, এই-জাতীয় শিক্ষদের চিত্তও তেমনি অবাধে গুরুর উপদেশামূতের মধ্যে নিমগ্ন হইয়া অমৃতর্গে ভরিয়া উঠে। পূর্ণকুন্তের বারি যেমন তৃষিত তাপিতের পিপাসা ও তাপ দূর করে, এই শ্রেণীর শিক্ষদের হংকুন্তন্থিত অমৃতর্সও তেমনিশত শত পাপতাপ-জর্জারিত নরনারীর পাপ তাপ দূর করিয়া থাকে। তোমরা কি এই-জাতীয় শিক্ষ হইতে ইচ্ছা কর ? শিক্ষেরা বিনীতভাবে দৃঢ়কঠে কহিলেন—"হাঁ।"

রাত্রির স্থিতা ও স্তব্ধতা সর্বত্ত প্রসারিত হইল। গুরুর পশ্চাৎ পশ্চাৎ শিয়ের। জলাস্ত হইতে উচ্চ ভূমির উপরিভাগে আরোহণ করিলেন। শ্রদ্ধানম শিস্তোর। তাঁহাদের হৃদয়পাত্তের মুখ উন্মোচন করিয়া নিঃশব্দে গুরুর সন্মুথে ধারণ করিলেন। তিনি তাঁহার সত্যধর্মের রসধারা বর্ষণ করিতে লাগিলেন।

শিয়েরা হাদয় দিয়া বুঝিলেন যে, এই সত্যধর্মের আদিতে কল্যাণ, অন্তে কল্যাণ। গুরুর উপদেশে তাঁহাদের চিত্তের সমস্ত সংশয় দ্র হইবামাত্র তাঁহারা (১) জগতে হৃংথের অন্তিত্ব, (২) হৃংথের উৎপত্তির কারণ (৩) হৃংথ-অতিক্রমের পন্থা এবং (৪) হৃংথ-নির্ভির উপায়, এই চতুরার্য্য সত্যের স্কুপ্পস্ট উপলব্ধি করিলেন; অর্থাৎ তাঁহারা বুঝিলেন, জগতে স্কুথ হৃংথ আছে ইহা সত্য, হৃংথ-উদ্ভবের কারণ রহিয়াছে ইহা সত্য, হৃংথ হৃইতে মুক্তি লাভ করা যায় ইহা সত্য এবং হৃংথ দূর করিবার উপায় আছে, ইহাও সত্য। এই হৃংথ দূর করিবার জন্য,—(১) সম্যক্-দৃষ্টি (২) সম্যক্-সক্ষম্ম (৩) সম্যক্-বাক্ (৪) সম্যক্-কর্মান্ত (৫) সম্যাণজীব (৬) সম্যক্-বায়াম (৭) সম্যক্-শৃতি (৮) সম্যক্-সমাধি, আন্তাজিক সাধনা আবশ্যক।

শিন্তেরা বুঝিলেন ত্বংপের নির্বাণ করিয়া প্রমানন্দ প্রমশান্তি লাভ করিতে হইলে যে সাধনা গ্রহণ করিতে হয়, তাহা প্রাণহীন বাহ্য অনুষ্ঠান নহে, সেই সাধনা গ্রহণ করিতে হইলে, সেই সাধনায় সিদ্ধিলাভ করিতে হইলে, দৃষ্টি, সদ্ধন্ন, বাক্য, কর্ম্ম, জীবিকা, ব্যায়াম, স্থৃতি, ধ্যান পবিত্র করিতে হইবে।

বিশ্বিত আনন্দে বিনিদ্র শিশ্বগণ সমস্ত রজনী সমস্ত হৃদয়
মন দিয়া গুরুর মুখে নবধর্মের অমৃতময়ী বাণী শ্রবণ করিলেন।
অরুণোদয়ে আবার সুস্নাত শুচি হইয়া গুরুর সহিত ঋষিপত্তনে

ৰুদ্ধের জীবন ও বাণী

ফিরিয়া আদিলেন। গুরুর নির্দেশে তাঁহারা সেইখানে একস্থানে প্রাম্মণ হইয়া দগুরিমান হইলেন। গুরুর চরণে মস্তক অবনত করিয়া তাঁহারা গুরুকে এবং তাঁহার উপলব্ধ মহাসত্যকে মানিয়া লইলেন। উত্তরকালে রাজর্ধি অশোক এই পবিত্র ভূমিতে নানা কারুকার্য্য-থচিত একটি মনোহর স্তুপ নির্মাণ করেন। এই স্তুপ্টি অধুনা "সারনাথ স্তুপ" নামে খ্যাত।

সপ্তম অধ্যায়

নবধর্মের প্রচার ও ব্যান্তি

পঞ্চ শিশ্রের মধ্যে কৌণ্ডিন্ত প্রথমে নবধর্মের নিগৃত্ব তাংপর্যের সমাক্ উপলব্ধি করেন। ক্রমে অন্ত চারিজনও এই সর্ব্ব হংখনব্রিপক কল্যাণময় ধর্ম হৃদরক্ষম করিলেন। তাঁহারা যথন সর্ব্বাস্তংকরণে এই ধর্মের সার সত্য স্বীকার করেন, তথন বৃদ্ধ তাঁহাদিগকে সন্বোধন করিয়া বলিলেন—"ভিক্ষ্ণণ, সদ্ধর্ম গ্রহণ করিয়া তোমরা নবজনা লাভ করিয়াছ, তোমরা পরস্পরকে সহোদর বলিয়া জানিও, প্রেমে তোমরা এক হও, পবিত্রতায় তোমরা এক হও, সত্যের প্রতি অবিচলিত নিষ্ঠায় তোমরা এক হও।"

সমাব সঙ্কল্প গ্রহণ করিয়া মানুষ যখন একাকী সতাসাধনার



সারনাগ স্প

প্রাক্ত হয়, তথনও সে মধ্যে মধ্যে ছর্কাল হইয়া পড়ে, তথনও তাহার সত্যপথ হইতে ভ্রপ্ত হইবার আশকা থাকে; তজ্জন্ত তোমরা পরস্পারের সহায় হইও, সহামুভূতি দারা একে অন্সের সাধু চেষ্টার আমুক্ল্য করিও। তোমাদের ভ্রাত্রন্ধন পবিত্র হউক; তোমাদের এই "সংঘ" শ্রদাবান্দিগের মিলনভূমি হউক।"

এই সনয়ে একদিন যশনামক কাশীধামের এক ধনবান্ বণিকের পুত্র সংসারে বীতরাগ ছইয়া গোপনে রাত্রিকালে পিতৃগৃহ হইতে পলায়ন করেন। ঋষিপভনে যেখানে ভগবান্ বুদ্ধদেব বাস করিছে ছিলেন যুবক তাহারই সন্নিকটে আগমন করিয়া বলিয়া উঠিলেন—"আহো, কি উপদ্রব! কি উপসর্গ!" বুদ্ধ স্নেহকণ্ঠে কহিলেন, এগানে উপদ্রব নাই, কোন উপসর্গ নাই। ভূমি আমার নিকটে আইস, আমি তোমাকে ধর্মশিকা দিব। যুবক বুদ্ধের সমীপে গমন করিয়া উপবেশন করিলেন, বুদ্ধ তাঁহাকে ছঃগনির্ভির মঙ্গলবাণী শুনাইললেন। যশের জ্ঞাননেত্র প্রশৃতিত হইল; তিনি গভীর সাখনা লাভ করিয়া বৃদ্ধের চরণে আপনাকে সমর্পণ করিলেন।

ধনীর পুত্র যশ মূল্যবান্ নানা অলক্ষারে বিভূষিত ছিলেন বলিয়া লজ্জা অনুভব করিতেছিলেন। বুদ্ধ বলিলেন— বংস, ধর্ম বাহিরের ব্যাপার নহে, ইহা মন হইতে উংপন্ন হয়। মহামূল্য পরিচ্ছদে ভূষিত ব্যক্তিও আপনার প্রবৃত্তিওলি জয় করিতে পারেন; আবার গৈরিকধারী শ্রমণের চিত্তও সাংসারিক ভোগবিলাসের মধ্যে নিমন্ন থাকিতে পারে। সন্ন্যাসী ও গৃহী এই ছইয়ের মধ্যে কোন প্রভেদ নাই। যিনি আপনার অহংবোধকে নির্কাসিত করিতে পারেন, তিনিই কল্যাণ্যম সত্য লাভ করিয়া থাকেন।"

যশের পিতা পুত্রের সন্ধানে আসিয়া বুদ্ধের মধুর উপদেশ শ্রনণে মুগ হইলেন। তিনি প্রথমে বুদ্ধের গৃহশিস্ত হইলেন। যশ আর সংসারে ফিরিলেন না, তিনি নবধর্মে দীক্ষিত হইয়া সংঘে যোগদান করিলেন।

অল্পদিন মধ্যে বুদ্ধের খ্যাতি চারিদিকে ব্যাপ্ত হইয়া পড়িল; তাঁহার মুখে মধুর ধর্মকথা শুনিবার জন্ম দলে দলে লোক আসিতে লাগিল। শান্তিপ্রদ নির্বাণলাভের জন্ম কেই কেই প্রচলিত ধর্ম-মত ত্যাগ করিয়া নবধর্ম গ্রহণ করিল। কয়েক মাস মধ্যে বুদ্ধের শিয়াসংখ্যা যাট হইল। তিনি সমস্ত বর্ষা ঋতু শিয়াদের লইয়া নব-ধর্ম্মের তত্ত্ব আলোচনা করিলেন। সত্যানেষী শ্রদ্ধালুগণের চিত্তে এই ধর্মের মঙ্গলবাণী চিরদিনের জন্ম মুদ্রিত হইয়া গেল। বর্ধান্তে বুদ্ধ শিষ্যদিগকে কহিলেন—"ভিক্ষুগণ, বহুজনের হিতের জন্ম বহু-জনের স্থথের জন্ম লোকের প্রতি অনুকম্পা করিয়া এই আদি-কল্যাণ, মধ্যকল্যাণ, অন্তকল্যাণ নবধর্মের নির্ব্বাণবাণী তোমা-দিগকে দেশে দেশে দিকে দিকে প্রচার করিতে হইবে। তোমরা একদিকে গুইজন যাইও না। কামনার ধুলিজাল যাহাদের মন-শ্চকু আচ্চন্ন করে নাই, তাহারা অনায়াসে এই ধর্ম্মের সত্য প্রত্যক করিবে। অমৃতের স্থাদ পাইলে মানব প্রবৃত্তির দাসত্ব ত্যাগ করিয়া নির্ব্বাণপথের যাত্রী হইবে। তোমরা অকু িঠত উৎসাহের সহিত মানবের ঘরে ঘরে পরিত্রাণের শুভবাণী প্রচার কর।"

বুদ্ধ স্বয়ং ধর্ম্মপ্রচারোদ্দেশে উরুবিস্তের অভিমূথে যাত্রা করিলেন।
শিষ্যেরাও গুরুর আদেশ শিরোধার্য্য করিয়া বিভিন্নদিকে প্রচারের জক্ম বাহির হইলেন। উরুবিস্তা তথন জটিল সম্প্রদায়ভুক্ত অগ্নি- উপাসকদের প্রধান বাসভূমি ছিল। স্থবিখ্যাত কাশ্রপ ইহাদের আচার্য্য ছিলেন। বৃদ্ধ এই প্রবীণ আচার্য্যের ভবনে আতিথ্য গ্রহণ করিলেন। তাঁহার প্রশাস্ত মুখকান্তি, মধুর ব্যবহার, স্থখকর ও কল্যাণকর প্রসঙ্গ কাশ্রপকে মুগ্ধ করিল। বৃদ্ধ কাশ্রপ এই প্রতিভালালী যুবক মহাপুরুষের শিষ্যন্ত স্থীকার করিতে কিছুমাত্র কুণ্ঠা বোধ করিলেন না। তাঁহার অন্থগত জটিলগণও বৃদ্ধের শরণাপর হইল। তাহারা তাহাদের অগ্নিপুজার বিবিধ পাত্রাদি নদীগর্ভে নিক্ষেপ করিল।

উরুবিধে কাশ্যণের ছই ত্রাতা নদীকাশ্যপ ও গয়াকাশ্যপ অদ্রেই বাস করিতেন। তাঁহারা নদীস্রোতে প্রবাহিত পূজাপাত্র দেখিরা চিন্তিতমনে অমুচরগণের সহিত ত্রাতার আশ্রমে আসিয়া উপস্থিত হইলেন। বৃদ্ধ সেই স্থানে তিকুগণকে উপদেশ দেন— ভিক্ষ্ণণ, এই সবই জ্বলিতেছে! তৃষ্ণার অগ্নিতে, বেষের অগ্নিতে ও নোহের অগ্নিতে এই সবই জ্বলিতেছে; জন্ম জরা ব্যাধি মরণ শোকে ছংখে এই সবই জ্বলিতেছে। এইরূপ ভাবিলে বিষয়ে নির্বেদ উপস্থিত হয় এবং চিত্তে বিমৃক্তি লাভ করা যায়। জটিলগণ বুদ্ধের মধুর উপদেশ শুনিয়া মুগ্ধ হইল এবং ধর্মের আশ্রম গ্রহণ করিল।"

কাশ্যপ ও অপর বহুসংখ্যক শিষ্যসহ বৃদ্ধ উরুবিশ্ব হইতে রাজগৃহে গমন করিলেন। তাঁহার আগমনবার্ত্তা শ্রবণ করিয়া নূপতি বিশ্বিসার, শাস্তেরগণ-সমভিব্যাহারে তাঁহার বাসভবনে উপস্থিত হইলেন। বৃদ্ধের শাস্তোজ্জ্বল মুখ্ত্রী দেখিয়া সমাগত ব্যক্তিবর্গ প্রীত হইলেন। তিনি তাহাদিগকে নবধর্ম বুঝাইয়া দিলেন। তাঁহার সেই উপদেশের মর্ম এই—"সকল পাণপরিত্যাগ, কুশলকর্ম্ম-সম্পাদন ও চিত্তের

পবিত্রতাদাধন, সংক্ষেপতঃ ইহাই ধর্ম। জননী যেমন আপনার জীবন দিয়াও পুত্রকে রক্ষা করেন, যিনি সার সত্য অবগত হন, তিনিও তেমনি সর্বজ্ঞীবের প্রতি অপরিনেয় বিশুদ্ধ প্রতি রক্ষা করিয়া থাকেন। তাঁহার হিংসাশৃষ্ঠ বৈরশৃষ্ঠ বাধাশৃষ্ঠ প্রতি, ইহলোক কেন, লোকলোকান্তরেও পরিব্যাপ্ত হইয়া থাকে। এই মৈত্রীময় ভাবের মধ্যে তিনি বিহার করিয়া থাকেন।"

স্থমধুর ধর্মবাণী শ্রবণ করিয়। মগধরাজ বিভিনারের অন্তর ভক্তিতে ও বিশ্বয়ে পূর্ণ হইল। বুদ্ধের চরণে প্রণত হইয়। তিনি তাঁহার শিষাত্ব স্বীকার করিলেন। বুদ্ধের এবং তাঁহার অনুচরদিগের বাসের নিমিত্ত তিনি নগরের বহিন্ডাগস্থ "বেণুবন" নামক একটি মনোহর ও নিভূত উত্থান দান করিলেন । এই সময়ে বুদ্ধদেবের পঞ্চ শিষ্যের অক্সতম অশ্বজিৎ জম্বন্ধীপে পরিভ্রমণ করিয়া রাজগৃহে শুরুদমীপে প্রত্যাগমন করেন। তিনি একদিন ভিক্রাপাত্র হস্তে নগরে গুহে গুহে ভিক্ষা করিতেছিলেন, এমন সময়ে উপতীঘ্য-নামক এক জিজ্ঞাস্থ ব্রাহ্মণ পরিব্রাজক তাঁহার দেই সৌমামুর্ত্তি দর্শন করিয়া বিষয়।বিষ্ট হইলেন। উপতীব্যের মনে এইরূপ দৃঢ় প্রত্যয় জুনিল যে, এই ভিক্ষুক সত্য পথের সন্ধান পাইয়াছেন। তিনি বিনীতভাবে অশ্বজিৎকে জিজ্ঞাসা করিলেন—"আর্য্য, আপনি কোন মহাত্মার শিষ্যত্ব স্বীকার করিয়াছেন ?" অশ্বজিৎ বুদ্ধের নাম করিলেন। উপতীয়া বুদ্ধের ধর্মমত শুনিবার নিমিত্ত আবার প্রশ্ন করিলেন। অশ্বজিৎ মনে করিলেন, উপতীষ্য নবধর্মের মত খণ্ডন করিবার নিমিত্ত হয়ত তাহার সহিত বাকাৰুনে প্রায়ত্ত হইবেন। তিনি সন্ধৃচিত্তচিত্তে কহিলেন—"ধর্ম বিষয়টি অতি গভীর। আমি

বন্ধসে একান্ত অপ্রবীণ, আমি কির্মণে আপনার নিকটে ইহা ব্যাখ্যা করিব ?" উপতীষ্ট কহিলেন—"মহাত্মন, আপনার কোনপ্রকার সঙ্গোচের হেতু নাই, আপনি আপনার ধর্মের বাণী অন্তগ্রহপূর্ব্ধক আমার নিকট কিঞ্চিৎ ব্যাখ্যা করিলে আমি পরম আনন্দ লাভ করিব।" অতঃপর অশ্বজিতের মূথে নবধর্মের মধুর কথা শুনিয়া উপতীষ্ট এই ধর্মের আশ্রম গ্রহণ করিবার জন্ম ব্যাকুল হইলেন। তিনি ক্ষণবিলম্ব না করিয়া তাঁহার প্রিয় স্থহদ্ কালিতের নিকট গমন করিলেন এবং তাঁহাকে জানাইলেন যে, তিনি এতদিন পরে নির্ব্বাণ-পথের সন্ধান পাইয়াছেন। ত্রই বন্ধু অন্ধানিন-মধ্যেই নবধর্মে দীক্ষিত হইলেন। দীক্ষা গ্রহণ করিয়া উপতীষ্ট সারিপুত্র এবং কালিত মৌদ্গল্যায়ন নাম লাভ করিলেন। এই বন্ধুযুগল তাঁহাদের অবিচলিত ধর্মনিষ্ঠার জন্ম অবিলম্বে সংঘমধ্যে প্রাধান্ম লাভ করেন।

ইহার কিছুদিন পরে এক পূর্ণিমারজনীতে বুদ্ধের শিষ্যগণ রাজ-গৃহের নিকটবন্তী এক গিরিগুহায় সমবেত হন। মুক্সিল্লিভ সাধুদের নিকটে ধর্মতত্ত্ব ব্যাখ্যা করিবার সময়ের প্রোরক্তে বুর্দ্ধ বিলয়াছিলেন—

সর্ব্রপাপস্স অকরণং কুসলস্স উপসম্পাদ। সচিত্তপরিয়োদপনং, এতং বৃদ্ধান সাসনং॥

সকলপ্রকার পাপের বর্জন, কুশল কর্ম্মের অমুষ্ঠান এবং চিত্তের নির্মাণতাসাধন, ইহাই বুঙ্গণের অমুশাসন।

মগধপ্রদেশে অনেকে নবধর্ম গ্রহণ করার, তত্রতা রক্ষণশীলদের মধ্যে একটি অসস্তোষের ভাব প্রকাশ পাইল। তাঁহারা বলিতে লাগিলেন— শাক্যমুনি পতিপদ্মীর মধ্যে বিচ্ছেদ ঘটাইয়া সৃষ্টি বিলোপ করিবার উপক্রম করিয়াছেন।" তাঁহারা বৌদ্ধভিক্ষ্দিগকে বিদ্রূপস্বরে কহিলেন— তোঁমাদের প্রান্থ যুবকদিগকে যাছমন্ত্রে বশ
করিতেছেন, এক্ষণে কাহার উপরে তাঁহার দৃষ্টি পড়িয়াছে, তিনি
সংপ্রতি কাহাকে যাছ করিয়া ঘরের বাহির করিবার বড়যন্ত্র
করিয়াছেন ?" এইসব উক্তি শ্রবণ করিয়া বৃদ্ধদেব বলিলেন—
"তোমরা চিন্তিত হইও না, এই অসন্তোষ দীর্ঘকাল-স্থায়ী হইতে
পারে না, তোমরা বিদ্রূপকারীদের ধীরভাবে বলিও, বৃদ্ধদেব
লোককে সত্যপথে আহ্বান করিয়া থাকেন, তিনি সংযম, ধর্মনিষ্ঠা
ও পরিত্রাণই প্রচার করিয়া থাকেন।"

এই সময়ে স্থানতনামক এক সত্যাহ্বাগী ধনবান্ ব্যক্তি মহাপুরুষ বুদ্ধের স্থান শ্রবণ করিয়া তাঁহার দর্শনলালসায় রাজগৃহে আগমন করেন। অমিত ঐশ্বর্যের অধিকারী এই পুণাশীল ব্যক্তির নিবাস কোশলরাজের রাজধানী শ্রাবন্তীনগর। তিনি দরিদ্রের বন্ধু, নিরাশ্রয়ের শরণ ছিলেন। অনাথের অল্পদাতা বলিয়া তিনি অনাথ-পিগুদ নামে অভিহিত হইতেন। বুদ্ধদেব এই সাধুশীল ধনীর সদয়ের শোভনতার পরিচয় পাইয়া তাঁহাকে মধুর ধর্মালাপে পরিত্প্ত করিলেন। বুদ্ধের হৃদয়ম্পাশী উপদেশ শুনিয়া অনাথপিগুদ বিমুগ্ধ হইলেন; তিনি অকপটচিত্তে তাঁহাকে বলিলেন—"প্রভৃত সম্পদের অধিকারী বলিয়া আমার মন সর্বানা চিম্বায় আছেল থাকে, তথাপি কর্ম্ম করিয়া আমি আনন্দ পাইয়া থাকি, অলসভাবে সর্বানা আপনাকে নানাকর্মো ব্যাপৃত রাথিয়া থাকি। বহুব্যক্তি আমার আশ্রেষ করিয়া থাকে।"

"হে দেব! আপনার শিষ্যের। গৃহত্যাগী সাধুজীবনের শাস্তির প্রশংসা এবং সাংসারিক জীবনের অশাস্তির নিন্দা করিরা থাকেন। তাঁহারা বলেন, আপনি সর্কবিধ সম্পদ্ ত্যাগ করিরা ধর্মরাজ্যের প্রতিষ্ঠা করিরাছেন এবং বিশ্ববাসীকে নির্বাণলাভের দৃষ্টাস্ত দেখাইরাছেন।

"প্রভো! মঙ্গলকর্ম্মে নিযুক্ত থাকিয়াও আনি লোক দেবার অস্থ্র ব্যাকুলতা অস্কুভব করিয়া থাকি। এক্ষণে আমার জিজ্ঞান্ত এই যে, শ্রেরোলাভের নিমিত্ত আমাকে কি ধন সম্পদ্ গৃহ ও ব্যবসার-বাণিজ্য ত্যাগ করিয়া উদাসীন হইতে হইবে ?" বুর উত্তর করিলেন—"যিনি আর্য্যমার্গ অবলম্বন করিবেন, তিনিই শান্তি লাভ করিতে পারিবেন। ঐশ্বর্গের উন্মাদন যাহার চিত্ত অভিভূত করে. তাঁহার পক্ষে উহা বর্জন করাই শ্রেম্ম; কিন্তু ধনের প্রতি যাহার আসক্তি নাই, যিনি অকুঠিতচিত্তে আপনার সম্পদ্ লোককল্যাণে ব্যয় করিতে পারেন, তাঁহার সম্পত্তি পরিত্যাগ করার কোন আবশ্রকতা নাই।"

"আমি তোমাকে কহিতেছি তুমি সগৌরবে নিজ পদে প্রতিষ্ঠিত থাকিয়া আপনার শক্তি ব্যবসায়-বাণিজ্যের ত্রীবৃদ্ধিসাধনে প্রয়োগ কর। আমার ধর্ম কাহাকেও অকারণে গৃহহীন হইতে বলে না । আমার ধর্ম অহন্ধার, মলিনতা ও ভোগবিলাস বর্জন করিয়া সাধুপথে বিচরণ করিবার জন্ম মানবকে আহ্বান করিয়া থাকে।"

"অনিকেতন ভিক্ষ্ও যদি নিরুগ্যম, নিবীর্যা, অলস ও বিলাসপ্রির হইয়া উঠেন, তাহা হইলে তিনিও কদাচ শ্রেরোলাভ করিতে পারেন না।" "কি গৃহী, কি গৃহহীন যিনিই পবিত্র ধর্মভাবনার দারা চিজ্ত আরত করির। রাথিবেন, যিনি আপনার সমগ্র চেষ্টা ধর্মসাধনায় প্রয়োগ করিবেন, যিনি সরোবরের মধ্যবর্ত্তী প্রবমান শতদলের স্থায় সংসারের মধ্যে অনাসক্তভাবে বিচরণ করিতে পারিবেন, তিনিই নিঃসন্দেহ আনন্দ, কল্যাণ ও শান্তিলাভ করিয়া ক্রতার্থ হইবেন।"

বুদ্ধের বাণী শ্রবণ করিয়া অনাথপিগুদ পরম পুলকিত হইলেন।
তিনি শ্রনান ম-চিত্তে কহিলেন— দেব, বৌধ সাধুদের বাসের নিমিন্ত
আমি শ্রাবতী নগরে একটি বিহার নিশ্মাণ করিয়া দিতে ইচ্ছা করি।
আমার এই প্রার্থনা পূর্ণ করিলে আমি আপনাকে ক্লভার্থ জ্ঞান
করিব।

অনাথপিওদের হানর সম্পূর্ণ উদ্ঘাটিত ইইয়াছিল। বৃদ্ধ তাঁহার দিব্য দৃষ্টি দার। এই পুণ্যুরত ধনীর হানরে উদারতা দেখিয়া প্রম আনন্দ লাভ করিলেন, তিনি তাঁহার দানগ্রহণে সম্মতি জানাইয়া বলিলেন—

"দানশীল ব্যক্তি সর্বজনপ্রিয়, তাঁহার বন্ধ অতিশয় মূল্যবান্ বিলিয়া বিবেচিত হইয়া থাকে। মৃত্যুর পরে তাঁহাকে অন্তপ্ত হইতে হয় না বলিয়া মৃত্যুতেও তিনি আনন্দ ও শাস্তি লাভ করেন। তাঁহার মঙ্গলত্রত-সন্ভূত বিকশিত পুষ্প ও রসালফল তিনি ইহ-লোকে ও প্রলোকে লাভ করিয়া থাকেন।"

"অনেকেই ইহা বিশ্বাস করে না যে, নিরন্নকে অন্নদান করিলেই আমাদের বলর্দ্ধি হয়, বস্ত্রহীনকে বস্ত্রে ভূষিত করিলেই আমাদের সৌন্দর্য বৃদ্ধিপ্রাপ্ত হয়, গৃহহীনদিগের জন্ম গৃহমিশ্বাণে অর্থ ব্যশ্ব করিলেই আমাদের অর্থ বাড়িতে থাকে।"

" স্থদক্ষ যোদ্ধা যেমন যুদ্ধের সর্ববিধ কোশল অবগত বলিরা নিপুণতার সহিত যুদ্ধ পরিচালনা করিরা থাকেন, সাধুশীল বৃদ্ধিমান্ দাতাও তেমনি কালাকাল পাত্রাপাত্র নির্বাচন করিতে জানেন বলিরা স্থচারুরূপে তাঁহার পুণ্যব্রতের অনুষ্ঠান করিরা থাকেন। এইরূপ যে দাতার চিত্ত প্রীতিও কর্কণার রসে অভিষিক্ত, তিনি শ্রদ্ধা-পূর্ব্বক দান করিরা থাকেন; তাঁহার হুদর হইতে ঘুণা হিংসা দেষ ও ক্রোধ অন্তহিত হইয়া যায়।"

"দানশীল সাধুর মঙ্গলকর্ম তাঁহার মুক্তির সোপান। তিনি তাঁহার মঙ্গলত্রতক্সপে যে সরস বৃক্ষাকুর রোপণ করেন, তাহা ভবিষ্যতে তাঁহাকে ছায়া পুষ্প ফল দান করিবেই।"

অনাথপিগুদ কোশলে ফিরিবার সময়ে বিহারের স্থান নির্ব্বাচন করিয়া দিবার নিমিত্ত সারিপুত্রকে সঙ্গে লইয়া গেলেন।

বৃদ্ধদেব যথন রাজগৃহে অবস্থান করিতেছিলেন, তখন তাঁহার পিতা শুদ্ধাদন লোকদারা পুত্রকে জানাইলেন—"আমি একণে বৃদ্ধ, অল্পদিনমধ্যেই হয়তো আমাকে ইহলোক ত্যাগ করিতে হইবে; মৃত্যুর পূর্ব্বে একবার তোমাকে দেখিবার জস্তু আমার চিত্ত উৎকণ্ঠিত হইন্নাছে। তোমার নবধর্মের বাণী সহম্র সহস্র লোকে শ্রবণ করিয়া উপকৃত হইতেছে; তোমার জনক ও স্বজনদিগকে উহা হইতে বঞ্চিত করিতেছ কেন ?"

দৃতমুখে পিতার অভিপ্রার অবগত হইরা বুদ্ধ অবিলক্ষে কপিল-বাস্ত যাত্রা করিলেন। তথার নগরের সমীপবর্তী একটি উষ্ণানে তিনি সশিষ্যে আশ্রর গ্রহণ করেন।

গৃহত্যাগের সাত বৎসর পরে পিতা পুত্রকে আবার সংসারে

ফিরিবার জন্ম অমুরোধ করিলেন। তিনি এই অমুরোধ রক্ষা করিতে পারিলেন না; বিনীতভাবে কহিলেন—"আপনার হৃদয় স্নেহে অভিষিক্ত, আপনি আমার জন্ম গভীর বেদনা অমুভব করিয়া থাকেন। যে অসীম মেহ দারা আপনি আমাকে হৃদয়ে বাধিয়া রাথিয়াছেন, সেই মেহ সর্ব্ব মানবের প্রতি প্রসারিত করুন, তাহা হইলে আপনি যে ক্ষুদ্র সিদ্ধার্থকৈ হারাইয়াছেন তাহার পরিবর্ত্তে এক বৃহত্তর সিদ্ধার্থ লাভ করিতে পারিবেন এবং নির্ব্বাণের শান্তি আপনার চিত্ত অধিকার করিবে।"

পুত্রের অমৃত্যয়ী বাণী শ্রবণ করিয়া শুদ্ধোদনের চক্ষ্ ভারাক্রাপ্ত হইল। তিনি অভিনবভাবে বিহবল হইয়া বলিলেন—"তুমি রাজ্য সম্পদ্ ত্যাগ করিয়া মহানিজ্রমণ দারা পরম মঙ্গল লাভ করিয়াছ। তুমি নির্বাণের পছা আবিষ্কার করিয়াছ, তুমি এক্ষণে সর্বাজীবের নিকটে মুক্তির বাণী প্রচার কর।"

শুদ্ধোদন রাজধানীতে ফিরিলেন, বৃদ্ধ নগরপুরোবত্তী উষ্ঠানেই অবস্থান করিতে লাগিলেন।

পরদিন প্রভাতে বুদ্ধ ভিক্ষাপাত্র হস্তে নগরে বাহির হইলেন।
পুত্র দারে দারে ভিক্ষা করিতেছেন, এই সংবাদ শ্রবণ করিয়া পিতা
শুদ্ধোদন দ্রুতগতি তাঁহার নিকটে গমন করিলেন এবং অপ্রসম্নচিত্তে
তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—"বংস, তুমি রাজতনম্ম হইয়া কেন
উদরামের জক্ম গৃহে গৃহে ভিক্ষা করিয়া স্বয়ং ক্লেশ স্বীকার করিতেছ
এবং আমাদিগকে লজ্জা দিতেছ ? আমি অন্নের সংস্থান করিতে
পারিতাম না ?" বুদ্ধ উত্তর করিলেন—"ভিক্ষা করাই আমার
কুলাগত প্রথা।" শুদ্ধোদন বিশ্বিত হইয়া কহিলেন—"সে কি

বংস, তুমি রাজকুলে জন্মগ্রহণ করিয়াছ, তোমার বংশে কে কথন ভিক্ষারে জীবন ধারণ করিয়াছেন ?" বৃদ্ধ বলিলেন—"রাজন্, আপনি ও আপনার পিতৃপিতামহণণ রাজকুলে জন্মিয়াছেন সত্য, কিন্তু আমি পূর্ববর্তী বৃদ্ধদের বংশেই জন্মলাভ করিয়াছি, তাঁহারা সকলেই ভিক্ষারে জীবন রক্ষা করিতেন।" ভদ্ধোদন নির্বাক্ হইয়া রহিলেন। বৃদ্ধ বলিতে লাগিলেন—"রাজন্, পুত্র যদি কোন অমৃশ্য রত্ম লাভ করে, সে স্বভাবতঃই সেই ফুর্লভ রত্ম পিতার চরণে অর্পণ করিতে অভিলাধী হইয়া থাকে। আমি বছ সাধনার ফলে যে স্বছ্রেভ ধর্মধন লাভ করিয়াছি, সেই রত্মভাণ্ডার আজ আপনার সমীপে উদ্বাটিত করিবার অন্ত্র্মতি প্রার্থনা করিতেছি, আপনি অনুগ্রহপূর্বক সেই রত্ম গ্রহণ করুন।"

বুদ্ধ তাঁহার অন্তরের অন্তরতম প্রদেশে উপলব্ধ সত্য পিতৃ-সন্মিধানে ব্যাথ্যা করিলেন। শুদ্ধোদন নবধর্মে অন্তরাগী হইলেন। বুদ্ধকে লইয়া তিনি রাজভবনে গমন করিলেন। তথায় পুরবাসীরা সকলে মিলিত হইয়া বুদ্ধকে অভিবাদন করিলেন।

এই সন্মিলনে তাঁহার সহধর্মিণী গোপা উপস্থিত ছিলেন না।
তিনি প্রশ্ন করিয়া জানিতে পারিলেন যে, গোপা স্বরং অগ্রগামিনী
হইয়া তাঁহার সহিত দেখা করিতে অস্বীক্ষতা হইয়াছেন। বুদ্ধ এই
সংবাদ শুনিবামাত্র তাঁহার কক্ষে গমন করিলেন। স্থানীর্ব
বিচ্ছেদের পর প্রথম সাক্ষাৎকারে গোপা তাঁহার হৃদয়ের গভীর
শোক সংবরণ করিতে পারিলেন না। তিনি তাঁহার আরাধ্যতম
দেবতার চরণে লুটাইয়া পড়িয়া অশ্র বিসর্জন করিলেন। অনস্তর
শোকাবেগ প্রশমিত করিলে তিনি একপার্শ্বে শ্রদাবনত-মন্তকে বিসয়া

রহিলেন। স্বামীর শ্রীমুখ-নিঃস্থত মধুর ধর্মোপদেশে গোপা তাঁহার অনাত্তত হৃদয়পাত্র পূর্ণ করিয়া লইলেন। গভীর সাস্থনা লাভ করিয়া তিনি তাঁহার স্বামীর ধর্মোর আশ্রয় গ্রহণ করিলেন।

কপিলবাস্ত নগরের বহুসংখ্যক ব্যক্তি এই সময়ে বুদ্ধের ধর্মগ্রহণ করিয়াছিলেন। ইহাদের মধ্যে বুদ্ধের বিমাতা প্রজাবতী
গোতমীর পুত্র নন্দ, তাঁহার পিতৃব্যপুত্র দেবদন্ত, ক্ষোরকার উপালি,
দার্শনিক অহুরুদ্ধ এবং উপস্থায়ক আনন্দ ইতিহাসে সমধিক প্রসিদ্ধ।

"মনের মান্ত্ব" বলিলে যাহা বুঝার, আনন্দ বুদ্ধদেবের ঠিক তাহাই ছিলেন। আনন্দ যেমন সহজ অন্তরঙ্গতার সহিত বুদ্ধের উপদেশ গ্রহণ করিতে পারিতেন, আর কেহ তেমন পারিতেন না। তাহার মন, শ্রদ্ধা ও বিনরে অবনত ছিল। তিনি বুদ্ধের জীবনের শেষমুহ্র্ত্ত-পর্যান্ত নিরন্তর ছারার ক্রায় অনুগমন করিষা মনে-প্রাণে তাঁহার দেবা করিয়াছিলেন।

কপিলবান্ত নগরে বৃদ্ধ একদিন প্রাসাদের অদ্ববর্তী কোনো একস্থানে ভোজনে বসিরাছিলেন; গোপা তাঁহার কক্ষের বাতারন হইতে বৃদ্ধকে দেখিতে পাইরা সপ্তমবর্থীর পুত্র রাহলকে রাজবেশে বিভূষিত করিলেন এবং তাহাকে কহিলেন 'বংস, ঐ যে সোম্য-মৃর্টি সাধু আহার করিতেছেন, তিনিই তোমার পিতা, ঐ সাধু চারিটি রত্নের খনি আবিষ্কার করিরাছেন, তুমি তাঁহার নিকটে গমন করিয়া পিতৃধন অধিকার কর।"

মাতার নিদেশামুসারে রাহুল বুদ্ধের নিকট গমন করিয়া পিতৃ-সম্পৎ-প্রাপ্তির প্রার্থনা জানাইল। বুদ্ধ বলিলেন = "পুত্র, পার্থিব ধন রক্স আমার কিছুই নাই, তুমি যদি ধর্মধন-লাভের জন্ত উৎস্ক হইয়া থাক, আনি তোমাকে সেই ধন প্রানান করিতেগারি।" রাছল সেই ধনই প্রার্থনা করিল; রাছল শৈশবেই রাজ্যলপাদ ত্যাগ করিয়া গৃহহীন হইয়া পিতার অমুগানী হইল। প্রাণাধিক পৌত্রের ভিক্ষুত্রত গ্রহণ করিবার সংবাদ প্রবণ করিয়া গুলোদন শোকে অধীর হইলেন। তিনি বুদ্ধের নিকট গমন করিয়া গুলোদর মনোবেদনা জানাইলেন। হার ভ্রেদেন একে একে গুলার পুত্র সিদ্ধার্থ ও নলা, আভুপতুর দেবদত্ত এবং পৌত্র রাহল প্রভৃতি প্রিয়তম-দিগকে হারাইয়া এমন বিহ্বা হইয়া পড়িয়াছেন বে, ভাঁহার কাতরতা দর্শন করিয়া বুদ্ধের হুদমও বিগলিত হইল। তিনি পিতাকে বিললেন—"এখন হইতে আনি কনাচ কোনো অপ্রাপ্তথ্য স্থে শিভকে জনকা, জননী কিবো অভিভাবকের অমুগতি ব্যতীত দীকাদান করিব না"

ইভিণুর্নে কথিত হইন্নাহে বে কোশলবাদী প্রাণিন্ন ধনী অনাথপিণ্ডদ প্রাবহীনগরে একটি থিহার নির্মাণ করিয়া দিবার অভিলাধ
করিয়া সারাপুত্রকে সঙ্গে লইয়া রাজগৃহ হইতে কোশলে বাত্রা
করেম। তিনি প্রাবস্তীনগরে উপস্থিত হইয়া বিহারের উপবোগী
স্থাননির্ন্নারণের নিনিত্ত নগরের উপকণ্ঠে ঘুরিতে লাগিলেম।
বিবিধ ব্রক্ষ ও প্রোত্রিনীশোভিত একথানি রমণীয় উল্লান
ভাহার দৃষ্টি আকর্ষণ করিল। কোশলরাজকুনার জেত এই
উল্লানের অবিধারী। অনাথবিত্তদ মনে মনে সক্লয় করিলেম—
"এইখানেই সাধুনের নিবাসভূমি বিহার প্রতিষ্ঠিত করিতে হইবে।"
তিনি রাজকুমারের নিক্ট অর্থবিনিম্নে উল্লান্থানি পাইবার প্রার্থনা
করিলেম। জেত অসক্ষতি প্রকাশ করিলেম; কিন্তু সাধুনীস

অনাথপিগুদ কিছুতেই নিরস্ত হইলেন না, তিনি উন্থানধানি পাইবার নিমিন্ত ক্রমাগত আন্তরিক আগ্রহ প্রকাশ করিছে লাগিলেন। রাজপুত্র জেত স্থোগ পাইয়া, একটা অসম্ভব মূল্য চাহিয়া থাকিবেন। প্রচলিত আথ্যানে বর্ণিত হইয়াছে বে তিনি কহিয়াছিলেন—"যদি উন্থান স্বর্ণমূলার দারা আর্বত করিতে পারেন তাহা হইলেই আপনি সেই মূল্যদারা উন্থান পাইতে পারিবেন, অক্তথা আমি আপনাকে কিছুতেই উন্থান দিব না।"

অনাথণিওদ রাজকুমারের এই প্রকার অসম্ভব আদেশ শুনিরাও পশ্চাৎপদ হইলেন না। তাঁহার আদেশে ভাণ্ডারের বার উন্মুক্ত হইল; শিভৃশিতামহের এবং তাঁহার আপনার আজন্মের সঞ্চিত অর্থ-রাশি শকটে বোঝাই করিয়া উচ্চানে আনীত হইতে লাগিল। এই সংবাদ শ্রবণ করিয়া রাজকুমারের বিদ্ময়ের সীমা রহিল না। তিনি উর্ক্থাসে উ্থানে উপস্থিত হইয়া ঝল্মল্ করিতে লাগিল। এই সংবাদ শ্রবণ করিয়া রাজকুমারের বিদ্ময়ের সীমা রহিল না। তিনি উর্ক্থাসে উ্থানে উপস্থিত হইয়া মূলা ছড়াইতে বারণ করিলেন। অনাথণিওদের ত্যাগের মহান্ দৃষ্টান্ত তাঁহার চিত্তে শুভবুদ্ধি জাগরিত করিল। তিনি কহিলেন—"এই উন্থান আপনারই হইল কিন্তু চতুর্দ্ধিকের আম্র ও চন্দন তর্করান্ধি আমারই রহিল, আমি এই সমুদায় বুদ্ধের চরণে অর্পণ করিয়া কৃতার্থ হইতে চাহি।"

অতঃপর অনাথপিগুদ প্রভৃত অর্থব্যয়ে বিহার নির্মাণ করিলেন। রাজকুশার জেতও প্রাপ্ত অর্থ স্বয়: গ্রহণ না করিয়া উক্ত অর্থে বিহারের চতুর্দ্দিকে চারিটি মনোহর <u>অইতেল</u> প্রাসাদ প্রস্তুত্ত করিলেন।

বৌদ্ধসভ্যকে এই বিহার উৎসর্গ করিবার নিমিত্ত অনাধপিওছ

বুদ্ধকে শ্রাবন্তীনগরে আহ্বান করেন। তিনি পদব্রদ্ধে রাজগৃহ
হইতে শ্রাবন্তীনগরে আগমন করিয়াছিলেন। নগরের সমস্ত
নরনারী বিরাট শোভাষাত্রা করিয়া অগ্রগামী হইয়া মহাপুরুষকে
অভ্যর্থনা করিল। অগণন পুলে আচ্ছাদিত এবং ধৃপ, ধূনা প্রভৃতি
গন্ধর্রব্যের স্থগদ্ধে আমোদিত বিহারমধ্যে বৃদ্ধ প্রবেশ করিলেন।
অনাথপিগুদ পৃথিবীর সাধুদিগের বাসের নিমিন্ত বিহারটি ষথারীতি
বুদ্ধের চরণে অর্পণ করিলেন। বৃদ্ধ দান গ্রহণ করিয়া স্থগাকঠে
কহিলেন—"সমস্ত অমঙ্গল দূর হউক, এই মহৎ দান ধর্মারাজ্যপ্রতিষ্ঠার আহুক্ল্য করুক ও এই দান সমস্ত মানবের ও দাতার
কল্যাণের আকর হউক।"

অফ্টম অধ্যায়।

--:*:---

অন্তিম জীবন

বার্দ্ধকোর আক্রমণে মহাপুরুষ বুরুদেবের দেহ এখন অবসর হইয়া আসিতেছে। এতদিন তিনি বন্ধ, মগধ, কলিন্ধ, উৎকল, বারাণসী, কোশল প্রভৃতি নানা রাজ্যে তাঁহার সদ্ধর্ম প্রচার করিয়াছেন; আর্য্য ও অনার্য্য উভয় সম্প্রদায়ই তাঁহার শ্রেষ্ঠধর্ম প্রহণ করিয়াছে।

একদা শরংকালে তিনি গৃঞ্চুট পর্বতে অবস্থান করিতে-

ছিলেন; এই সময়ে বিশ্বিসারস্থত অজাতশক্ত বুজ্জিদিগকে বিনাশ করিবার জন্ম যুদ্ধের আয়োজনে প্রায়ুত্ত হইলেন। মহাপুরুষ বুদ্ধের আগমনসংবাদ প্রবণ করিয়া তিনি তাঁহার মন্ত্রী বর্ষকারকে কহিলেন, "মন্ত্রিন, তুমি জান আনি রুজ্জিদের উচ্ছেদসাধনের জন্ম তুমুল্যুদ্ধের আয়োজন করিতেছি, মহাত্রা বুদ্ধদেব অদ্রবর্তী গুরুক্ট শৈলে অবস্থান করিতেছেন, তুমি আমার নাম করিয়া তাঁহার কুশল সংবাদ জিজ্ঞাসা করিয়া তাঁহাকে আমার অভিপ্রায় জ্ঞাপন করিও, তিনি তাঁহার উত্তরে বাহা বলিবেন, তুমি তাঁহার সেই উক্তি প্রবণ করিয়া আসিয়া যথাবথ আমার নিকটে আইত্তি করিবে; মহাপুরুষ্যের বাক্য কদাচ ব্যুর্য ইত্তে পারে না।"

মন্ত্রী বুদ্ধের সনীপে গমন করিয়া রাজার বক্তব্য জানাইলেন।
বুদ্ধ তাঁহার উপস্থায়ক আনন্দকে সন্ধোধন করিয়া কহিলেন—
"আনন্দ, তুনি কি শোন নাই বে, হুজ্জিরা পুনঃপুনঃ সাধারণ সভায়
সন্মিলিত হইয়া থাকে ?"

তানন্দ উত্তর করিলেন—"হাঁ, প্রাহু গুনিয়াছি।"

বুহদের আবার বলিলেন—"দেখ আনন্দ, এইরপে ঐব্যবন্ধন
প্রীকার ব্যায়া যতকাল স্বজ্জিরা বারংবার সাধারণ সভায় নিলিত
হইতে পারিবে, ততদিন তাহাদের পতন নাই, তাহাদের উত্থান
ক্ষরভাবী। যতকাল তাহারা বয়ে জ্যেঠদের শ্রনা করিবে, নারীদের
সন্মান করিবে, তভিপুর্বক ধর্মাহ্রন্ঠান করিবে, সাধুদিগের সেবায় ও
রক্ষায় উৎসাহী থাকিবে, ততদিন তাহাদের পতন নাই, ততদিন
ক্রমশঃ তাহারা উন্নতি লাভ করিবে।" বুদ্ধ তুথুন মন্ত্রীকে সম্বোধন
করিয়া জানাইলেন—"আমি যথন বৈশালীতে ছিলাম তথন আমি

স্বয়ং বৃজ্জিদিগকে ঐ সকল সামাজিক মসলকর নিয়ম শিক্ষা দিয়াছি; যতকাল তাহারা সেই উপদেশ স্মরণ রাখিয়া মঙ্গলপথে বিচরণ করিবে ততদিন তাহাদের অভ্যুত্থান স্থনিশ্চিত।"

মন্ত্রী চলিয়া যাইবার পরে রাজগৃহের ভিকুগণ বুদ্ধের সন্মুখে উপস্থিত হইলেন। তিনি তাহাদিগকে সম্বোধন করিয়া বলিলেন— হে ভিক্ষুগণ ৷ আমি আজ তোমাদিগের নিকট সজ্যের মঙ্গলবিধি ব্যাখ্যা করিব। তোমরা প্রণিধান কর—"বতদিন তোমরা উপস্থানশালায় এক হইয়া নিলিতে পারিবে, সকলে সমবেতভাবে অভ্যুত্থানের চেষ্টা করিবে, সংঘের সমস্ত কার্য্য সন্মিলিত হইয়া সম্পন্ন করিবে, অভিজ্ঞাত কুশলগুলি প্রতিগালনে সমুচিত হইবে না. অপরীক্ষিত নব্যবিধিগ্রহণে ইতত্ততঃ করিবে, যতনিন তোমরা প্রবীণদিগকে শ্রদ্ধাভক্তি ও সেবা করিবে এবং তাঁহাদের আদেশ বিনীতভাবে মানিয়া চলিবে, যতদিন তোমরা কামলাল্যার অধীন না হইবে, যত্তিন তোমরা ধর্মসাধনায় আনন্দিত হইবে, যত্তিন তোমাদের সন্নিধানে সাধুসমাগন হইবে, যতদিন অলসতা ও অনুভাম পরিহার করিয়া তোমরা মনকে সত্যামুসদ্ধানে নিযুক্ত রাখিবে ততদিন তোমাদের পতনের কোন আশঙ্কা থাকিবে না। অতএব হে ভিক্ষুগণ, ভোমরা মন বিখাসে ও বিনয়ে ভূষিত কর, তোমরা পাপাচরণে ভীত হও, জ্ঞানলাভের নিমিত্ত তোমাদের মন জাগরিত হউক। তোমাদের উৎসাহ অবিচলিত ও চিত্ত অনলস হউক। তোমাদের বোধিলাভ হউক।"

গৃধকুট ত্যাগ করিবার পরে বুদ্ধ নানা স্থানে ভ্রমণ করিয়া কিছুদিন নালন্দায় বাস করেন। সেথান হইতে তিনি পাটাল (পাটলিপুত্র) গ্রামে আগমন করেন। শিশুদের অমুরোধে তিনি
এথানকার বিশ্রামশালায় কিছুকালের জক্ত অবস্থান করেন। বুদ্ধের
উপদেশ শুনিবার জক্ত একদিন সেথানকার উপাসকগণ সমবেজ
হইলেন। তিনি তাহাদিকে স্নেহকঠে কহিলেন—"প্রিয় শিশুগণ,
নাধুপথ হইতে ত্রন্থ হইয়া অমঙ্গলকারীরা পঞ্চবিধ পরাভব প্রাপ্ত
হইয়া থাকে:—প্রথমতঃ, তৃষ্কৃতকারীকে কেহ বিশ্বাস করে না এবং
সে নির্বীর্য হইয়া পড়ে বলিয়া দারিদ্রা আসিয়া চারিদিক হইডে
তাহাকে আক্রমণ করে। দ্বিতীয়তঃ, তাহার অপমশ অচিরে বহুদ্র
ব্যাপ্ত হইয়া পড়ে। তৃতীয়তঃ, সমাজে তাহার কোনো স্থান
নাই, যে কোনো সমাজেই তাহাকে চোরের ক্রায় গোপনে ভিড়ের
মাঝথানে লুকাইয়া চলিতে হয়। চতুর্যতঃ, মৃত্যুতেও তাহার
শান্তি নাই, অজ্ঞাত বিভীবিকা ও উদ্বেগ লইয়া তাহাকে মরিতে
হয়। পঞ্চমতঃ, মৃত্যুর পরে তাহার মন কিছুতেই শান্তিলাভ
করিতে পারে না; ছফ্তজনিত ছঃগ ও বাতনা তথন তাহার
মনের অমুসরণ করিতে থাকে।"

"হে গৃহিগণ, সাধুপথে বিহরণকারী ব্যক্তিরাও জীবনে পঞ্চবিধ জন্মলাভ করিব। থাকেন। প্রথমতঃ, লোকে তাঁহাদিগকে বিশাস করে বলিরা তাঁহারো সাধু চেষ্টা হারা ঋদ্ধি লাভ করিয়া থাকেন। বিতীয়তঃ, তাঁহাদের স্থমল দ্রদ্রান্ত ছড়াইরা পড়ে। তৃতীয়তঃ, সমাজ তাঁহাদিগকে আদরে বথাস্থানে আসন প্রদান করে; তাঁহারা নিজদের প্রতি আস্থানীল বলিয়া অসজোচে সকলের সন্থ্যে সমাজের মধ্যে বিহরণ করেন। চতুর্যতঃ, মৃত্যুসমরে তাঁহারা অকৃত্তিত চিত্তে মৃত্যুকে গ্রহণ করিয়া থাকেন। পঞ্চমতঃ, তাঁহারো

দেহহীন মন শান্তির মধ্যে প্রতিষ্ঠা লাভ করে, কারণ তাঁহার। আপনাদের স্কর্মের কলে কল্যাণ ও আনন্দই প্রাপ্ত হইরা পাকেন।"

পাটলিগ্রাম হইতে বুদ্ধ কোটীগ্রামে গমন করেন এবং পথিমধ্যে অপর একটি স্থানে বিশ্রাম করিয়া বৈশালীতে উপস্থিত হন। এখানে আম্রপালী নামক জনৈক বারাপনার কাননে তিনি সশিষ্ট আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। আম্রপালী প্রসন্নমনে মহাপুরুষ বৃদ্ধের সমীপে গমন করিয়া পর্যাদন তাঁহাকে আপন ভবনে আহারের নিমন্ত্রণ করিলেন। সাধারণের চক্ষে আমুপানী পতিতা নারী বলিয়া ত্বণিত হইলেও মহাপুরুষের উদার হৃদয় তাঁহাকে ত্বণা করিল না, তিনি তাহার নিমন্ত্রণ গ্রহণ করিয়া লইলেন। লিচ্ছবিবংশীয় মাজার। বৃদ্ধের আগমনসংবাদ পাইয়া আডম্বরসহকারে তাঁহার সহিত দেখা করিতে আদিলেন। তাঁহারাও পরদিন বুরকে রাজভবনে আহারার্থ নিমন্ত্রণ করিলেন, বুত্ব তাঁহাদিগকে জানাইলেন যে, তিনি ইহার পূর্বেই আত্রপালীর নিমন্ত্রণ গ্রহণ করিয়াছেন। রাজস্তুগণ এই সংবাদে সমুষ্ট হইলেন না, তাঁহাদের আহ্বান অস্বীকার করিয়া ৰুদ্ধ পতিতা নারীর গৃহে আহার করিতে যাইবেন, গুনিমা তাঁহারা বিষয় হইলেন। পরদিন যথাসময়ে বুর সশিয় আত্রপালীর অব আকু ঠিতচিত্তে গ্রহণ করিলেন। তাঁহার মৃক্তির বাণী পতিতা নারীর প্রস্থপ বোধি জাগরিত করিল! আমপালীর জীবনের গড়ি কল্যাণের দিকে প্রধাবিত হইল। তাহার উত্থান-ভবন ভিকু 😉 ৰাধুদের বাসের জন্ত দান করিয়া সে আপনাকে কৃতার্থ মনে করিব। বুদ্ধ এখন অশীতি বর্ষে পাদর্পণ করিয়াছেন : বাৰ্দ্ধকা তাঁহার

বিপুল বলিষ্ঠ দেহ ভাদিয়া দিয়াছে, মৃত্যুর পূর্ব্বলক্ষণসমূহ তাঁহার দেহে প্রকাশ পাইল। প্রবীণ শিয়দের অনেকেই এখন জীবনমৃত্যুর সন্ধিস্থলে উপস্থিত। এই বৎসর তাহার অন্থগত প্রধান শিষ্য সারীপুত্র ও মৌদ্গল্যায়ন মৃত্যুমুখে পভিত ইইলেন। ইহাদের মৃত্যুতে সংঘ বলহীন হইয়া পড়িল। সংখের প্রাচীন নবীন সকল ভিক্ষু নবীন উভ্তমে আপনাদের সাধনার দারা সংঘকে বলশালী করিবার নিনিত্ত বন্ধ-পরিকর হইদেন। এই বৎসব বুদ্ধ এব বার সাংঘাতিক বোগে আক্রাস্ত হইনেন। বিভ শ্যাশায়ী হইয়াও অনন্তস্কলত মানসিক বল দারা তিনি রোগ্যয়ণা অভিতাম করিয়া অনিচ্ছিত থাকিতেন। এই সময়ে তিনি বৈশালীর এক বিহারে বাস বাহিতেছিলেন। আরোগ্যলাভেব পরে আনন্দ একদিন তাঁহাকে নির্জ্ঞনে কহিলেন— ^শন্যাধি তাপনার দেহের অপূর্কবান্তি হরণ ববিয়াছে, আপনার সেই বোণের কথা মনে পড়িলে আমি এখন ও চারিদিকে অন্ধকার দেখিয়া থাকি। ভবে আমার মনে এই দুঢ় ধারণা রহিয়াছে যে, **সংঘর্জার উপায় না বলিয়া কদাচ আপুনি মানব্**নীলা সংবর্ণ করিবেন না।"

বুন কহিলেন— "আনন্দ! সংঘ আমার কাছে আর কি প্রত্যোশা করিয়া থাকেন ? আমি অকণটভাবে সকলের কাছে আমার উপলব্ধ সত্য ব্যাখ্যা করিয়াছি, কোনো কথাই ত গোপন করি নাই। আমি কংনো একথা মনে করি না যে আমি এই সংঘের চালক অথবা এই সংঘ আমার অধীন। যদি কেহ এমন, কথা মনে করেন, তিনি নেতার আসনগ্রহণ করিয়া সংঘকে দৃঢ়রালী বাধিবার নিয়মপ্রণালী প্রণয়ন করুন। সংঘরকার জন্ম আমি কোনো বাঁধা নিয়মপ্রণালী রাখিয়া যাইতে ইচ্ছা করি না। আনন্দ, আমি অনীতিবৎসরের বৃদ্ধ, যাত্রার শেব অবস্থায় উপস্থিত হইয়াছি; আমার শরীর এখন ভগ্ন শকটের তুলা হইয়াছে, জোড়াতাড়া দিয়া বিশেষ সতর্কতার সহিত ইহাকে চালাইতে হইতেছে। আসার মন যখন বাহুবিষয় হইতে প্রভাগ্রন্ত হইয়া গভীর ধাানের মধ্যে অবহান করে কেবলমাত্র তথ্যই আমার শরীর স্থান্থ গাকে।"

"আনন্দ, আপনারাই আপনাদের নির্মাণ হল হও, অহা কাহারও সাগায়ের এত্যাশা করিও না । আপিনারাই আপনাদের প্রদীপ হও। ২শাই এদীপ, সেই প্রদীপ দৃঢ়হন্তে ধারণ কর, সত্যকে সহায় করিয়া নির্দাণের স্ফানে এক্তে হও।"

"আনন্দ, আঁপনি আগনার এনি ও নির্ভরন্থল হওয়া অমন্তব বলিয়া মনে করিও না। সংঘের ভিন্মুগণ যদি হল্পাহনা দারা আপনাদের অন্তরের নিত্তাদেশে বাস করিতে পারেন, তাহা হইলেই তাঁহার দৈহিক ব্লেশ, প্রেক্তির তাড়না এবং তৃষ্ণাসন্ত্তু সর্কবিধ হুঃথ অতিক্রম করিতে গারিবেন।"

"আনন্দ, আমার মৃত্যু ঘটিলে সংঘের অনিষ্ট ইইবে কেন ? বাঁহাদের চিত্ত বোধিলাভের জন্ত কৌত্হলী, বাঁহারা বাহিরের কোনো-প্রকার সহায়তার প্রত্যাশা না করিয়া অবিচলিত অধ্যবসায়ের সহিত সত্যমাধনা দারা নির্বাণলাভের চেষ্টা করিবেন, তাঁহারা নিঃসন্দেহ চরম শ্রেয়ঃ লাভ করিবেন।"

বৃদ্ধদেবের পরিনির্জাণলাভের দিন সমীপবর্তী হইয়া আসিল।
মৃত্যুকে আলিঙ্গন করিবার জন্ম তিনি প্রস্তুত হইয়া আছেন।
একদিন তিনি প্রসঙ্গক্রমে আনন্দকে কহিলেন -- "আনন্দ! আমার

পরিনির্বাণলাভের শুভদিন অদ্ববর্তী!" এই সংবাদ শুনিয়া শোকে আনন্দের বুক ভালিয়া গেল, তাঁহার চক্ষ্ণ জলে ভরিয়৷ উঠিল ৷ জাঁহাকে শোকমুয় দেথিয়৷ বুদ্ধ দৃঢ়কণ্ঠে কহিলেন—"আনন্দ, তুমি কি বিশাস হারাইয়৷ ফেলিয়াছ ? আমি কি বারংবার বলি নাই বে, লোকের প্রিয়বস্তার সহিত বিচ্ছেদ ঘটবেই ? যে জন্মগ্রহণ করিবে তাহারই মৃত্যু ঘটবে ইহাই জগতের নিয়ম; স্বভরাং আমার পক্ষে চিরকাল বাঁচিয়া থাকা কেমন করিয়৷ সম্ভবপর হইবে ?"

অতঃপর বুদ্ধের আদেশে আনন্দ বৈশালীর সন্নিকটবর্তী ভিক্সদিগকে তথাকার বিহারে সমবেত হইবার নিমিত্ত আহবান
করিলেন। সমবেত ভিক্স্দিগকে সম্বোধন করিয়া বুদ্ধ বলিতে
লাগিলেন—"ভিক্ষ্ণণ! আমি তোমাদের নিকটে যে ধর্ম প্রচার
করিয়াছি তোমরা তাহা সম্যক্ আয়ত্ত করিয়া সেই সত্যেরই সাধনা
কর, মনন কর। যাহাতে এই সদ্ধর্ম অনস্তকালস্থায়ী হইতে পারে
সেই জন্ম সর্ব্দর প্রচার কর। সমগ্র মানবজাতির স্থকর ও
কল্যাণকর এই ধর্ম যাহাতে অনস্তকাল বিদ্যমান থাকে সেই
উদ্দেশ্যে জীবের প্রতি অপ্রমেয় প্রীতিপোষণ করিয়া তোমরা এই
ধর্ম প্রচার করিতে থাক।"

"গ্রহকে শুভাশুভের কারণ বলিয়া জানা, ফলিত জ্যোতিবে আহা এবং নানা চিহ্নাদি দেখিয়া ভবিয়তের শুভাশুভ কথন প্রাকৃতি নিষিত্ব বলিয়া জানিও।"

"যে বাক্তি মনকে বাঁধিবার সংযমরশি একেবারে খুলিয়া ছের, বে কোনদিনও নির্বাণলাভ করিছে পারে না। ভোমরা সংযয় হইবে, মনকে ভোগৰিশাসের উত্তেজনা হইতে দুরে রাখিবে এবং মূনকে প্রশাস্ত করিবার জন্ম চেষ্টিত হইবে।"

"ভোমরা পরিমিত পানাহার করিবে এবং সংবতভাবে দেহের বাবতীয় প্রয়োজন মিটাইবে। প্রজাপতি বেমন পূসা হইতে প্রনোজনাত্মায়ী মধ্টুকুমাত্র গ্রহণ করে, ফুগের স্থপন্ধ, শোভা ও দলগুলি বিনম্ভ করে না, তোমরাও তেমনি অগ্যকে পীড়িত ও বিনম্ভ না করিয়া আপনাদের জীবনযাত্রা নির্বাহ করিবে।"

"হে ভিক্পণ! চারিটি আর্য্যসত্য এতদিন আমরা বুঝি নাই এবং প্রাণপণে সাধন করিতে পারি নাই বলিয়াই জন্মজনান্তর অসত্যপথে বিচরণ করিয়াছি।"

"আমি তোমাদিগকে যে ধ্যান ও সাধনা শিকা দিয়াছি তোমরা দেই ধ্যান অভ্যাস কর। পাপের বিরুদ্ধে নিরস্তর সংগ্রাম করিতে থাক। সাধুপথে বিহরণ কর এবং শীলবান্ হও। তোমাদের অস্তশ্চক্ প্রফুটিত হউক। জ্ঞানের প্রভাবে তোমাদের হাদর আলোকিত হইলেই তোমরা আন্তাসিক পথ অবলম্বন করিয়া নির্বাণলাভ করিতে পারিবে ।"

"আমার পরিনির্বাণ লাভের দিন আসর। আমি তোমাদিগকে

দৃচ্তার সহিত বলিতেছি, সংযোগোৎপর পদার্থমাত্রেরই কর হইবে।

বাহা অবিনশ্বর তাহারই সন্ধান কর। অধ্যবসার অবলম্বন করিরা

নির্বাণপদ লাভ কর।"

আসরমৃত্যুর শান্তি ও গান্তীগ্য বধন বৃদ্ধের মন আচ্ছর করিয়া-ছিল, সেই শুভমুহুর্ত্তে তিনি তাঁহার ধর্ম সংক্ষেপে শিয়াদের কাছে ব্যাখ্যা করিয়াছিলেন বলিয়া বৈশালীর উপস্থানশালায় প্রদন্ত তাঁহার এই অন্তিম উপদেশটির একটি স্বতন্ত্র বিশেষত্ব আছে। হর্ভাগ্যক্রমে তাঁহার এই উপদেশটির একাংশমাত্র পাওয়া গিয়াছে এবং
তাহাই মহাপরিনির্বাণ-হত্রে বর্ণিত হইয়াছে। এই উপদেশমধ্যে
তিনি সাধকের জন্ম চারিটি ধ্যান, চারিটি ধর্মপ্রচেষ্টা, চারিটি শ্লক্ষিপাদ, পঞ্চনৈতিক বল, সপ্রবোধ্যঙ্গ ও আন্তাদিকমার্গ নির্দেশ করিয়া
গিয়াছেন।

বৈশালী হইতে বুদ্ধ দশিয়ে কুশীনগরের অভিমূপে যাতা করেন। পথিমধ্যে তিনি ভণ্ডগ্রান, আন্ত্রাস, জমুগ্রাম ও ভোগনণর প্রভৃতি স্থানে অবস্থান করিয়াছিলেন। মহাপ্রয়াণের পূর্ব্বে তিনি তাঁহার উদার ধর্মমত শিশুদের মনে দুঢ়ুরূপে অফিত করিয়া দিবার চেষ্টা বিচারবুদ্ধি ত্যাগ করিয়া কেহ কদাপি তাঁহার বাণী ষীকার করে ইহা তিনি ইচ্ছা করিতেন না। তাঁহার মহাগ্রস্থানের পরে কেহ কেহ আপন আপন বাণী তাঁহার নামে চালাইবার চেষ্টা করিতে পারেন, এই আশকায় শিশুদিগকে তিনি বলিলেন—"যদি কেই বলেন, আনি স্বয়ং বুদ্ধের মুখে এই বাণী শুনিয়াছি; ইহাই সত্য, ইহাই বিধি, ইহাই তাঁহার প্রদন্ত শিক্ষা; তোমরা কখনো এইরূপ উক্তির নিন্দা বা প্রশংসা করিও না। ঐ উক্তির প্রত্যেক বাক্য প্রত্যেক শব্দ অভিনিবেশ সহকারে শুনিবে ; উহার তাৎপর্য্য সম্যক্ বুঝিবার চেষ্টা করিবে। ধর্মা এবং বিনয়ের নিয়মের সহিত মিলাইয়া লইতে চেষ্টা করিবে। যদি তুলনা করিয়া দেখিতে পাও যে, ঐ উক্তির-সহিত ধর্মশান্তের ও সংঘের নিয়মাবলীর কিছুতেই সামঞ্জন্ম বিধান করা যায় না, তাহা হইলে বুঝিবে, ঐ উক্তি আমার নহে, কিংবা ঐ ব্যক্তি আমার বাণীর প্রকৃত তাৎপর্যা ছনমন্দ্রম করিতে পারেন নাই।"

বৃদ্ধ শিশ্যদিগকে আরো বিশদভাবে বলিলেন—"ভিক্ষ্ণণ! কোনো ব্যক্তি এরপও বলিতে পারেন যে, আমি বৃদ্ধের এই বাণীটি একলল ভিক্ষ্র মুথে কিংবা কোন স্থানের স্থবিরদের মুথে অথবা কোনো এক বিধান্ ভিক্ষ্র মুথে বসং শুনিয়াছি, তোনরা বাণীটির প্রত্যেক বাক্য, প্রভ্যেক শন্দ, মনোনিবেশপূর্বাক প্রবণ করিবে; ঐ বাণী থর্মের ও বিনয়ের নিয়নের সহিত মিলাইয়া লইতে চেষ্টা করিবে; যদি কোনরগে সামঞ্জ বিধান করিতে না পার তাহা হইলে বৃবিবে ঐ বাণী আমার নহে কিংবা ঐ ব্যক্তি স্লানার বাক্যের নিগ্ত অর্থ গ্রহণ করিতে পারেন নাই।"

বুদ্ধ সনিত্য প্রনণ করিতে করিতে পাবাগ্রানের চুন্দনানক কোন কর্ম্মকারের আদ্রক্ত্মে উপস্থিত ইইনেন। এই সংবাদ শুনিবানাত্র চুন্দ তথার গনন করিয়া শ্রদ্ধাসংকারে মহাপুরুষের চরণ বন্দনা করিল। বুদ্ধের মুখে অনুত্নী ধর্মকথা শুনিরা পরন আনন্দ লাভ করিয়া যে তাঁহাকে পর্দিন অনুচর্মণনহ আপন ভবনে আহারের অহ্য আহ্বান করিল। নৌনাল্যন করিয়া বুদ্ধ এই নিনন্ত্রণ গ্রহণ করিলেন।

পরদিন চুন্দ ভিক্ষ্দের সেবার জন্ম শ্রুর্কিক জন্ম, শিষ্টক এবং
তক্ত শুকরনাংস রন্ধন করাইল। বুরের নিয়ন ছিল যে, তিনি
শ্রুনশীল ব্যক্তিদের প্রদন্ত সর্বপ্রকার আহার্য গ্রহণ করিতেন।
আহারে উপবেশন করিয়া বুরু চুন্দকে কহিলেন—"হে চুন্দ, তুনি
একমাত্র আমাকেই এই শুকরনাংস পরিবেষণ কর, ভিক্ষ্দিগকে
এই মাংস দিও না।" বলা বাহল্য, বুরু কথনো <u>মাংস আহার</u>
করিতেন না। এই গুরুপাক অনভাস্ত দ্বা ভোজন করিয়া তিনি

রক্তামাশর রোগে আক্রান্ত হইলেন। এই অস্কৃত্ত অবস্থাতেই তিনি
কুশীনগরের দিকে বাত্রা করিলেন। তিনি পরম থৈগ্যের সহিত্ত
প্রেসন্নমূথে রোগের বাতনা সহিতেছিলেন। পথিমধ্যে একটি রক্ষমূলে
উপবেশন করিয়া তিনি আনন্দকে কহিলেন—"আমি অবসন্ন ও
ক্লান্ত হইরা পড়িয়াছি, তুমি আমার এই গাত্রাবরণ বন্ধ্রথানি চারি
ভাঁজ করিয়া বিছাইয়া দাও আমি কিছুকাল বিশ্রাম করিব।" বুছ
শয়ন করিয়া আনন্দকে পানীয় জল আনিবার আদেশ করিলেন।
জলপানে তৃষ্ণা নিবারণ করিয়া তিনি বিশ্রাম করিতে লাগিলেন।

এই সময়ে পুরুসনামক এক মল যুবক ঐ স্থানদিয়া যাইতেছিলেন। তিনি সাধু আড়ারকালামের শিশ্ব। তরুমূলে সমাসীন বুদ্দেবের প্রসন্ধ্র কান্তি দেখিয়া পুরুস বিশ্বিত হইলেন। তিনি তাঁহার চরণে প্রণত হইয়া সবিনয়ে বলিলেন—"প্রভো! গৃহত্যানী সাধুদের ধ্যানের প্রভাব কি চমৎকার, তাঁহারা কি আশ্চর্য মানসিক শান্তিই উপভোগ করিয়া থাকেন।" তাঁহার গুরু আড়ারকালামের অলো কক ধ্যানশক্তি জ্ঞাপন করিবার জন্ত পুরুস বলিলেন যে, একদা যথন তিনি ধ্যানমগ্র ছিলেন, তথন তাঁহার অতি সন্নিকট দিয়া ঘর্ষর শব্দ করিয়া ধূলি উড়াইয়া পাঁচ শত শক্ট চলিয়া গোল, তাঁহার পরিছেদ ধুসরিত হইল, কিন্তু তিনি কিছুই জানিতে পারিলেন না।"

তাঁহার কথা প্রবণ করিয়া বৃদ্ধ উল্লসিত হইয়া বলিলেন—
"পুক্স, খ্যানের শক্তি অতি আশ্চর্যাই বটে, মানব খ্যানের প্রভাবে
মনের মধ্যে সম্পূর্ণ সচেতন থাকিয়াও বাহিরের কিছু দেখিতে বা
ভানিতে পায় না। আমি এক সময়ে ধ্যানে নিযুক্ত ছিলাম; তথন
বাহিরে ভীষণ বারি-বর্ষণ, মেখ-গর্জন ও বিহুৎ-মুন্নণ হইতেছিল;

এই মুর্য্যোগে উক্ত স্থানের হুইজন ক্লবক ও চারিটি বলীবর্দ প্রাণত্যাপ করে। আমি বাহিরে কি ঘটতেছিল, তাহার সম্বন্ধে সম্পূর্ণ অজ্ঞ ছিলাম বিলয়া এই সকল হুর্ঘটনার কিছুই জানিতে পারি নাই। অতঃপর ধ্যানান্তে একস্থানে বহুসংখ্যক লোকের সন্মিলন দেখিয়া আমি কোন ব্যক্তিকে জিজ্ঞাসা করিলাম "এস্থানে এত লোক মিলিত হইয়াছে কেন ?" সে ব্যক্তি বিশ্বয় প্রকাশ করিয়া আমাকে জিজ্ঞাসা করিল,—"কেন, আপনি ত এখানে ছিলেন, আপনি জানিতে পারেন নাই বে, এই হুর্য্যোগে ফুইজন ক্লয়কের ও চারিটি বলীবর্দ্দের মৃত্যু ঘটয়াছে ?" আমি এই বিষয় কিছুই অবগত নহি, শুনিয়া সে অধিকতর বিশ্বয়াবিষ্ট হইয়া পুনর্বার প্রশ্ন করিল—"আপনি যদি অবিরভ রুষ্টিপতন ও মেঘগর্জনের শব্দ শুনিয়া না থাকেন, তাহা হইলে আপনি কি নিদ্রিত ছিলেন ?" উত্তর করিলাম—"আমি সম্পূর্ণ জাগরিভ ছিলাম।" আমার উত্তর শ্রবণ করিয়া সে ব্যক্তি অবাক্ হইয়া রহিল।

বুদ্ধদেবের অনক্যস্থাত ধ্যানশক্তির কথা শুনিয়া পুরুষ তাঁহার শিক্ষম গ্রহণ করিলেন।

পুরুষের অভিপ্রায়-অমুসারে একব্যক্তি সোনালি রঙ্গের ছইটী
মনোহর পরিচ্ছদ আনমন করিল। তিনি ঐ পোষাক ছইটী লইমা
ভগবান্ বুদ্ধদেবের সমীপে উপস্থিত হইমা কুভাঞ্জলিপুটে কহিলেন—
"প্রভা! আপনি এই পরিচ্ছদ ছইটী গ্রহণ করিলে আমি পরম
প্রীতিলাভ করিব।" বুদ্ধ বলিলেন—"পুরুষ, তুমি আপন হস্তে
গ্রহটি পোষাক আমাকে ও একটি আনন্দকে পরাইয়া দাও।"
তিনি তাহাই করিলেন। বুদ্ধ তাঁহাকে মধুর ধর্মোপদেশে পরিতৃত্ত
করিলেন।

বুদ্ধের জীবন ও বাণী

অতঃপর বুদ্ধ ভিক্ষুগণসহ আবার অগ্রসর হইতে লাগিলেন। তাঁহারা কুকুখানায়ী এক নদীর তীরে উপস্থিত হইয়া স্নান ও জল পান করিয়া ক্লান্তি দূর করিলেন। এখানে এক আত্রকুঞ্জে বিশ্রাম করিবার সময়ে বুত্ক আনন্দকে নিভূতে আহ্বান করিয়া বলিলেন— "আনল ! পরিনির্কাণলাভের শুভমুহুর্ত উপস্থিত হইরাছে। বেথ, আমার মৃত্যুতে শোকাভিভূত হইয়া কেহ হয় ত এই কথা বলিয়া চুন্দের মনে বেদনা জন্মাইতে পারেন যে, তাহারই অন্নগ্রহণ করিয়া আমার জীবনবিয়োগ ঘটিয়াছে। কিন্তু তুনি চুন্দকে সাহ্বনা নিবার জন্ম কহিও—"চুন্দ, ত্যাগত তোনারই হস্তে শেব আহার প্রহণ করিয়া পরিনির্বাণ লাভ করিয়াছেন, ইহা তোমার পক্ষে পরন মদল, পরম লাভ। আনি ভাঁহারই মুখে গুনিমাহি, জীবনে ছইটী মাত্র মহৎ ভোজ্য তিনি দানরূপে গ্রহণ করিয়াছেন, এই ছইটী ভোজাই তিনি তুল্য ফলতার ও তুল্য ফল্যাণকর মনে করিয়াহেন। স্থুজাতার হতে মহামূণ্য আহার গ্রহণ করিয়া তিনি বোধিয়াভ করিয়াভিলেন। অপর একদিন তোমারই হস্তে শেব আহার গ্রহণ ক্রিয়া তিনি পরিনির্মাণ প্রাপ্ত হইয়াছেন।"

আমকুঞ্জে কিছুকাল বিশ্রাম করিয়া বুর আনন্দকে কহিলেন—
"চল আনন্দ, আনরা কুশীনগরের উপপত্তনে শালবনে গনন করি।"
যথাসময়ে ভিকুগণনহ বুর মলদের শালকুঞ্জে উপস্থিত হইলেন।
তাঁহার আদেশ শিরোধার্য করিয়া, আনন্দ ছইটা পলবিত শালতরুর
অবকাশস্থলে উচ্চমঞ্চে শ্যা রচনা করিলেন। বুর উত্তর্মীর্ধ
হইয়া তথায় শয়ন করিলেন এবং আনন্দকে ধ্রিরক্তে কহিলেন—
"আজ রাত্রির শেষ প্রহরে আমার পরিনির্বাণ লাভ হইবে,

তুমি কুশীনগরের মন্ত্রদিগের নিকটে অবিলখে এই সংবাদ প্রেরণ কর।"

এই সময়ে স্বভদ্রনামক এক জিজ্ঞান্থ পরিপ্রাজক কুশীনগরে অবস্থান করিতেছিলেন। বৃদ্ধদেবের আগমন ও আসম্পরিনির্কাণ-লাভের সংবাদ শ্রবণ করিয়া তিনি একান্ত উৎস্কুকচিত্তে ধর্মবিষয়ক কয়েকটি সন্দেহভঙ্কনের নিমিন্ত তাঁহার সহিত দেখা করিতে চাহিলেন। শালকুঞ্জে আগমন করিয়া স্থভদ্র বৃদ্ধের সমীপবর্ত্তী হইবার উত্যোগ করিলেন। আনন্দ তাঁহাকে বাধা প্রদান করিয়া জানাইলেন, "মহাত্মন্, বৃদ্ধ এখন নিরতিশয় ক্লান্ত আছেন, আপনি এমন সময়ে তাঁহাকে বিরক্ত করিবেন না।" স্থভদ্রের অভিপ্রায় অবগত হইয়া বৃদ্ধ কহিলেন—আনন্দ, স্থভদ্রকে আমার কাছে আসিতে বারণ করিও না, তাহাকে এইথানে আসিতে লাও।

স্থভদ বৃদ্ধের সমীপে উপস্থিত হইয়া তাঁহার পরিজ্ঞাত নানা বিরোধী ধর্মমত জ্ঞাপন করিলেন এবং আপনার মনের সংশয় নিবেদন করিয়া মৌনী হইলেন। বৃদ্ধ বলিলেন—স্থভদ, তোমার প্রশ্নের স্থমীমাংসা করিবার সময় আমার নাই। আমি তোমাকে সত্য শিক্ষা দিব, তুমি প্রণিধান করঃ—

যে ধর্ম্মে সম্যক্ দৃষ্টি, সম্যক্ সংকল্প, সম্যক্ বাক্, সম্যক্ কর্মান্ত, সম্যক্ আজীব, সম্যক্ ব্যালাম, সম্যক্ স্মৃতি এবং সম্যক্ সমাধি এই অষ্ঠ আর্থামার্গের উপদেশ নাই সেই ধর্ম্মাবলম্বীদের মধ্যে শ্রমণ থাকিতে পারে না। এই আন্টাঙ্গিক পথে বিহরণ করিলা ধর্মার্থীরা কল্যাণ লাভ করিতে পারেন। স্থভদ্র, আমি উনত্রিংশ বংসর বর্মে গৃহত্যাগী হইলা কল্যাণের সন্ধানে প্রবৃত্ত ইইলাছিলাম,

व्रक्तत्र कीवन ଓ वानी

পরিব্রাজকরপে বিরাট ধর্মক্ষেত্রে আমি একার বংসরকাল বিহরণ করিয়াছি। আষ্টাঙ্গিক আর্য্যমার্গ ব্যতীত সদ্ধর্মসাধনের আমি দ্বিতীয় কোনো পন্থা জানি না।

স্থভদ বিশ্বয়াভিভূত হইয়া উত্তর করিলেন—প্রভা, আপনার শ্রীমুথের বাণী অতীব মধুর। আপনার প্রসাদে আজ সত্য বিচিত্র-রূপে আমার নিকট প্রকাশিত হইল। পথল্রাস্ত পথ পাইল, যাহা প্রছল ছিল তাহা প্রকাশিত হইল, আলোকের আবির্ভাবে সদ্ধকার অন্তর্হিত হইল। প্রভাে, আমাকে আপনার জীবিতকালেই শিষ্যরূপে গ্রহণ করিয়া ক্লতার্থ করুন। বুদ্ধের আদেশক্রমে স্থভদ্র সংঘে প্রবেশাধিকার লাভ করিলেন।

অতঃপর বৃদ্ধ আনন্দকে সম্বোধন করিয়া বলিলেন—ভাই আনন্দ, আমার মৃত্যুর পরে তোমাদের কেহ চালক রহিলেন না, এমন চিস্তা যেন কলাচ তোমাদের মনে স্থান পায় না। আমি তোমাদিগকে যে সকল সত্য শিক্ষাদান করিয়াছি, সেই সকল সত্য এবং সংঘের নিয়মাবলীই তোমাদের পরিচালক হইবে।

আনন্দ, এতকাল সংঘের ভ্রাভূগণ পরম্পর বন্ধু বলিয়া সম্বোধন করিয়াছেন ; কিন্তু এখন হইতে যেন বয়:কনিষ্ঠ নবীন ভিক্সুরা প্রাচীন ভিক্সুদিগকে "ভত্তে বা আয়ম্মা" অর্থাৎ মাননীয় বা পূজনীয় বলিয়া সম্বোধন করেন। বয়োজ্যেষ্ঠ ভিক্সুরা নব্য ভিক্সদিগকে নাম বা গোত্র উল্লেখ করিয়া "আবুসো" অর্থাৎ বন্ধু বলিয়া সম্বোধন করিবেন।


অনস্তর তিনি ভিক্ষগুলীকে সম্বোধন ক্রিয়া বলিলেন—ভিক্ষ্-গণ, আমার প্রচারিত ধর্মের কোনো বিষয়ে যদি আপনাদের মনে কোনো সন্দেহ থকে, আপনারা তাহা অকপটে প্রকাশ কন্ধন। বৃদ্ধ একবার হইবার তিনবার এইরূপ প্রশ্ন করিলেন, তথাপি ভিক্ষ্ণণ মৌনাবলম্বন করিরা রহিলেন। কিয়ৎকাল পরে আনন্দ বলিলেন, —প্রভো, আপনার প্রবর্ত্তিত ধর্মের কোন বিষয়ে কাহারো মনে দ্বৈধ নাই।

পরিশেষে বৃদ্ধ স্থান্তকণ্ঠে ভিক্স্ দিগকে বলিলেন,—সংযোগোৎপন্ন দ্রবামাত্রেরই বিনাশ অবগুম্ভাবী, আপনারা অবিচলিত অধ্যবসায় অবলম্বন করিয়া নির্ব্বাণ পদ লাভ করুন।

ইহাই মহাপুরুষ বৃদ্ধের শেষ বাণী। উল্লিখিত বাক্য উচ্চারণ করিয়া তিনি গভীর ধ্যানে নিমগ্ন হইলেন, তাঁহার সেই মহাধ্যান আর ভঙ্গ হইল না—তিনি ধ্যানপ্রভাবে আনন্দলোকে মহাপ্রস্থান করিলেন।

•		
	•	

বাণী



বুদ্ধের সার্বভৌমিকতা

সমগ্র পৃথিবী যাঁহাদিগকে মহামানব বলিয়া বন্দনা করিয়া थात्क, ठाँशाम्ब कीवन ७ वांगी-व्यवनयत्न कृत वृहर मन्ध्रमास्त्रव স্ষ্টি হইয়া থাকিলেও তাঁহারা সাম্প্রদায়িক সংকীর্ণতার বহু উর্দ্ধে বিরাজ করিয়া থাকেন। জ্ঞানে বিজ্ঞানে ভাষায় আচারে আকারে বর্ণে গুণে মানুষে মানুষে বৈষম্য আছে এবং চিরকালই থাকিবে; এত সব ভেদবিভেদ-সত্ত্বেও মানুবের আত্মা দেশদেশাস্তবের মান-বের সহিত আপনার ঐক্যান্তভূতির নিমিত্ত ক্রন্সন করিয়া থাকে। সাধারণতঃ যে সমাজের মধ্যে মাত্মুষ জন্মগ্রহণ করে, সেই সমাজ তাহার মনের উপর অসামান্ত প্রভাব বিস্তার করিয়া থাকে: দেশাচার, লোকাটার এবং বংশগোরব ইত্যাদি নানা ক্লত্রিম ব্যবধান ধর্মের নাম ধারণ করিয়া তাহার গুভবুদ্ধিকে আচ্ছন্ন করিয়া রাখে। এক একটি সমাজ বা সম্প্রদায় এমনি করিয়া শত শত নরনারীকে আপন আপন পরিকল্পিত প্রাচীরমধ্যে বদ্ধ করিয়া রাথিয়া থাকে। অভ্যন্ত ও স্থপরিচিত সীমার মধ্যে চলিয়া-ফিরিয়া মামুষের বৃদ্ধি এমন জড়তাপ্রাপ্ত হইয়া থাকে যে, গণ্ডীর মধ্যে বাস করাই দে সুথকর বলিয়া মনে করে এবং গণ্ডী অতিক্রম করিয়া বাহিরের সহিত আপনার যোগসাধন করিবার নিমিত্ত কোনো উৎসাহ বোধ করে না। এইরূপ দেখা যায় যে, প্রত্যেক সমাজের বা সম্প্রদারের মধ্যে এমন এক-এক জন প্রতিভাশালী মহাত্মার আবিষ্ঠার

হইয়া থাকে, থাঁহাদের মঙ্গলর্জি কথনো সাম্প্রদায়িক সংকীর্ণতাকে স্বীকার করে নাই, তাঁহারা সাম্প্রদায়িক গণ্ডী অতিক্রম করিয়া এমন এক উদার রাজবত্মে দাঁড়াইয়া মামুষকে আহ্বান করেন যে, সেথানে আসিয়া তাঁহাদের সহিত সন্মিলিত হইতে কোনো দেশের কোনো কালের মামুষ সঙ্কোচ বোধ করে না।

সার্দ্ধ দিসহস্র বংসর পূর্ব্বে ভগবান্ বৃদ্ধদেব মৃক্তির এমনি একটি উদার রাজপথে বিশ্বের সকল মানবকে আহ্বান করিয়ছিলেন; সেথানে সমবেত হইতে কোনো মামুবের চিত্ত বাধাপ্রাপ্ত হইতে পারে না। তিনি তাঁহার অনুগামী শিষ্যদিগকে বলিয়াছেন—গঙ্গা যমুনা প্রভৃতি বড় বড় নদী নানা দিপেশ হইতে উৎপন্ন হইয়াও, যেমন সমুদ্রে মিলিয়া আপনাদের স্বতন্ত্র সত্তা ও নাম হারাইয়া ফেলে, তেমনি ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশু শুদ্র প্রভৃতি সকল-দ্বাতীয় মানব সত্যধর্ম গ্রহণ করিবামাত্র তাহাদের জ্বাতি ও গোত্র হারাইয়া থাকে। ক্ষোরকার উপালি হীনজাতি হইয়াও মহাপ্রক্ষ বৃদ্ধের দক্ষিণহস্ত হইলেন; নবধর্মের মহিমায় তিনি আর শুদ্র রহিলেন না, তিনি পরম সাধু, অর্হৎ এবং সত্যধর্মের ব্যাথ্যাতা হইয়া পরম সম্মান লাভ করিলেন।

বুদ্ধের বাণী এক সময়ে ভারতীয় পতিতদিগের কর্ণে অভয়মন্ত্র শুনাইরাছে এবং তাঁহার প্রচারিত ধর্ম তাহাদিগকে আশ্রয় দান করিয়াছিল, ইহা নিঃসন্দেহ। থেরগাণায় একজন থের নিজ মুথে আপনার জীবনকাহিনী এইরূপ ব্যক্ত করিয়াছেন:—নীচ কুলে আমার জন্ম, আমি দীন দরিদ্র ছিলাম, আমার ব্যবসায়ও অতি নীচ ছিল। গুলাকে আমাকে অবজ্ঞা করিত। আমি অবনত- মন্তকে সকলকে সন্মান দেখাইতাম। অতঃপর আমি মহানগরী
মগধে ভিক্সমভিব্যাহারী মহাপুরুষ বুদ্ধদেবের দর্শন পাই।
তাঁহার দর্শনমাত্র আমার চিত্ত ভক্তিতে অবনত হইল, আমি
মাথার বোঝা ছুঁড়িয়া ফেলিয়া তাঁহার শ্রীপাদপল্লে আত্মসমর্পণ
করিলাম। সেই লোকশ্রেষ্ঠ আমার প্রতি করণা করিয়া দণ্ডারমান
হইলে, আমি তাঁহার অনুগামী শিষ্য হইবার অধিকার চাহিলাম।
করুণাময় প্রভু তৎক্ষণাৎ আমাকে সম্বোধন করিয়া কহিলেন—
আইস সাধু, আমার সহিত আইস।

বুদ্ধের জীবনকাহিনী পাঠ করিয়া অবগত হওয়া যায় যে, তিনি অসকোচে পতিতা বারাঙ্গনা আম্রপালীর গৃহে অন্ন গ্রহণ করিয়াছিলেন; তাঁহার এই ব্যবহারের তাৎপর্য্য গ্রহণ করিতে না পারিয়ালিছবিরাজগণ অসস্তোষ প্রদর্শন করায়ও তিনি বিন্দুমাত্র বিচলিত হন নাই। মহাপুরুষের করুণার শুত্ররশ্বিসম্পাতে পতিতা নারীর চিত্তশতদল নিমেষমধ্যে প্রস্ফৃতিত হইয়াছিল এবং তাহার মনোহর স্থগদ্ধ সমগ্র বৌদ্ধসমাজকে বিশ্বিত করিয়াছিল।

সকল মানবের বরণীয় এই মহাগুরু অনর্থকর জাতিভেদ, ধনগোরব, পদগোরব প্রভৃতি অগ্রাহ্ম করিতেন বলিয়াই উচ্চ নীচ, ধনী
দরিদ্র, আর্য্য অনার্য্য সকলের চিত্তে তাঁহার বাণী অবাধে প্রবেশ
লাভ করিয়াছিল, এবং তাঁহার বাণী সার্ব্বভৌম বলিয়া সর্ব্বপ্রথমে
ভারতের পতিত জাতি উহা আনন্দে গ্রহণ করিয়াছিল।

হাঁ, একথা স্বীকার্য্য যে বৃদ্ধদেব ব্রাহ্মণ এবং শ্রমণকে তুল্যরূপে সম্মান দেখাইতে বলিয়াছেন। কিন্তু তিনি ব্রাহ্মণ বলিয়া স্বীকার করেন কাঁহাকে ? ধম্মপদে উক্ত হইয়াছে:—

व्रक्त जीवन ७ वांगी

"যিনি গভীর-প্রজ্ঞ, মেধাবী, সত্যাসত্য পথপ্রদর্শনে পণ্ডিত, উত্তমপদ-নির্বাণ-প্রাপ্ত আমি তাঁহাকে ব্রাহ্মণ বলি।"

"আপনার ছংথের ক্ষয় হইয়াছে জানিয়া, যিনি এই সংসারেই ভারশৃত্য ও বন্ধনমুক্ত তাঁহাকে আমি ব্রাহ্মণ বলি।"

"বিনি বৈরীদিগের সহিত মিত্রভাব দেখাইয়া থাকেন, দণ্ড-বিধানকারীর প্রতি সম্ভোষভাব দেখাইয়া থাকেন এবং সংসারী-দিগের মধ্যে অনাসক্ত আমি তাঁহাকে ব্রাহ্মণ বলি।"

মহাপুরুষ বুদ্ধের মতে বাহু কোনো কারণে কিংবা আকস্মিক জন্ম হেতু কেহ ব্রাহ্মণ হইতে পারে না। ধন্মপদে উক্ত হইরাছে:— ্রী জ্বটাধারণদারা, গোত্রদারা এবং জাতিদারা কেহ ব্রাহ্মণ হর না। কিন্তু যিনি ধর্মে ও সত্যে প্রতিষ্ঠিত তিনিই শুচি ও ব্রাহ্মণ।"

স্থৃতরাং একথা স্বীকার করিতেই হইবে যে ভগবান্ বৃদ্ধ বংশান্থগত জাতিভেদকে আদৌ গ্রাহ্ম করিতেন না।

"ব্যলহতে" তিনি তাঁহার এই অভিমত অতি স্থাপিট ভাষায়
অগ্নিভরন্ধাজের নিকট ব্যক্ত করিরাছেন। তিনি বলিরাছেন—
জন্ম হেতু কেহ ব্রাহ্মণ বা চণ্ডাল হয় না, কর্মা নারাই মাহ্র্য ব্রাহ্মণ, কর্মা নারাই মাহ্র্য চণ্ডাল হইয়া থাকে। উক্তন্ত্রে তিনি
চণ্ডালের নিম্নলিথিত লক্ষণ নির্দেশ করিয়াছেন:—

"যে পাপাচার কপটী ক্রোধী ও হিংসক, যে অসত্য দর্শন আশ্রর করিয়াছে, যে মারাবী, যে সর্বাদা প্রবঞ্চনা করে, সেই ব্যক্তি চণ্ডাদ।"

"বে ব্যক্তি নিজ হল্তে পশু শক্ষী প্রভৃতি জীবদিগকে হিংসা করে, যে নিষ্ঠুর, সেই ব্যক্তি চণ্ডাল।"

"যে অকারণ অন্তকে নিগৃহীত করে, যে পরের ধন অপহরণ

করে, বে ঋণগ্রন্ত হইরা সেই ঋণ অস্বীকার করে, যে অর্থলোডে অক্টের জীবন নাশ করে, যে ব্যভিচার করে, সেই ব্যক্তি চণ্ডাল।"

"বে অতীত-যৌবন ও জরাক্লিষ্ট জনক জননীর সেবা করে না, বাক্যবাণে স্বজনদিগকে জালাতন করে, সেই ব্যক্তি চণ্ডাল।"

"লোকে ভাল পরামর্শ চাহিতে আসিলে, যে মন্দ পরামর্শ দের, সভ্য গোপন করিয়া যে মিথাা বলে, সেই ব্যক্তি চণ্ডালের প্রধান।" "যে ব্যক্তি অহস্কারে মন্ত হইয়া আপন মুখে আপনার প্রশংসা করে, খ্লাপূর্ব্বক অক্সকে নিন্দা করে, সেই ব্যক্তি চণ্ডাল।"

সাধুশীল ঋপচও ইহলোকে এবং পরলোকে কিরূপ স্থাশীন্তি লাভ করে, বৃদ্ধদেব তাহা দৃষ্টান্তবারা ব্যাথ্যা করিয়াছেন। তিনি বলিরাছেন—"মাতঙ্গ নামক এক চণ্ডালনন্দন কামক্রোধাদি বিসর্জন করিয়া পরম সাধু হইয়াছিলেন। তাঁহার অনভ্ত-স্থাভ মশ সর্বত্র পরিব্যাপ্ত হওয়ায় দলে. দলে রাহ্মণ ক্ষত্রিয় আসিয়া তাঁহাকে বন্দনা করিত। মৃত্যুর পরে তিনি মহানন্দে ব্রহ্মণোকে গমন করিয়াছিলেন। পক্ষাপ্তরে অধ্যাপককুলজাত এক রাহ্মণনন্দন বেদমন্ত্রে স্থানিকত হইয়াও পাপাচারী হইয়াছিল। সে ইহলোকে ক্দাচ শান্তি লাভ করে নাই, পরলোকেও নিরয়গামী হইয়াছিল। কুল ও বেদজ্ঞান তাহাকে পতন হইতে রক্ষা করিতে পারে নাই।

বুদ্ধের জ্ঞানগর্ভ সরল বাণী অগ্নিভরদাজের হৃদয় স্পর্শ করিয়া-ছিল, তিনি জাতিগোত্রের অভিমান ত্যাগ করিয়া তাঁহার শিষ্য হুইলেন।

সমাজ বাহাদিগকে পতিত বলিয়া উপেক্ষা করিত, বুদ্ধদেব কলাচ, ভাহাদিগকে পতিত বলিয়া উপেক্ষা করেন নাই। তিনি সকলের বোধগদ্য সরল আখ্যানের দ্বারা দেশপ্রচলিত ভাষায় তাহাদিগকে
নির্বাণের অমৃতমন্ত্রী বাণী শুনাইরাছেন। তিনি পতিতকে টানিরা
তুলিলেন, পথলাস্তকে পথ দেখাইলেন, অন্ধকারে নিমজ্জিত
চক্ষুত্রান্দিগের সন্মুথে করুণার রসধারাপূর্ণ প্রজ্ঞলিত জ্ঞানের
প্রদীপ ধারণ করিলেন।

বৌদ্ধধর্মের ইতিবৃত্তপাঠে অবগত হওয়া যায় যে, অভ্যুদয়নাত্রেই এই ধর্ম অনার্য্যপ্রধান মগধে অপেক্ষাক্কত অধিকসংখ্যক
লোকের মধ্যে প্রচারিত হইয়াছিল; এবং খৃষ্টপূর্ব্ব তৃতীয়
শতাব্দীতে যথন এই অনার্য্যপ্রধান মগধের রাজশীর সমুথে সমস্ত
ভারত মাথা নত করিয়াছিল, তথনই রাজশক্তির পৃষ্ঠপোষণে বৌদ্ধধর্ম সমস্ত ভারতের ধর্মে পরিণত হইয়াছিল।

মহাপুরুষ বৃদ্ধের চিত্ত যদি কোনো ক্ষত্রিম বাধাকে স্বীকার করিত, তাহা হইলে কিছুতেই এই ধর্ম পতিতকে নবপ্রাণ দান করিতে পারিত না এবং গিরি নদী সমৃদ্র প্রভৃতি নৈসর্গিক বাধা লক্ষ্মন করিয়া নানাভাষাভাষী জনগণের বিচিত্র সমাজে প্রতিষ্ঠা লাভ করিত না। বৌদ্ধধর্ম পৃথিবীর একটা প্রধান ধর্মে পরিণত হইয়া ইহার অভ্যুদ্ধ উদারতারই সাক্ষ্য দান করিয়াছে। বৃদ্ধের বাণী এক সময়ে ভারতে অমৃতসেচন করিয়া অত্যাশ্চর্য্য সাহিত্য বিজ্ঞান শিল্প প্রভৃতির স্কৃষ্টি করিয়াছিল। ভারতের সেই অতীত বৃগের সভ্যতাভাগ্যার হইতে এখনো সর্বদেশের স্ক্রধীগণ নব নব রক্ম-আহরণের চেষ্টা করিতেছেন। মহাপুরুষ বৃদ্ধ যাহা দান করিয়াছেন, তাহা সার্বভৌম বিলিয়া সর্ব্ব পৃথিবী গ্রহণ করিয়াছেন এবং চিরকাল করিবে, ইহা ধ্রুষ সত্য।

বুদ্ধের আহ্বান

আধ্যাত্মিক উন্নতির কোনো থানে সীমারেথা টানিবার উপায় আর নাই। যাহা চরম তাহা একসময়ে মামুষের কাছে আপনি প্রকাশিত হয়, কিংবা সেই অনির্ব্বচনীয়তার মধ্যে সাধনার শেষে সাধক একদিন স্বয়ং উপস্থিত হন। মানুষের বাক্য ইহাকে আকার দান করিয়া অন্তের কাছে উপস্থিত করিতে পারে না। সাধনায় সিদ্ধিলাভ করিয়া যাঁহারা এই অনির্বাচনীয় লোকে উত্তীর্ণ হইয়াছেন, তাঁহারা অন্তকে এই পথের সন্ধান বলিয়া দিতে পারেন, কিন্তু সেই অনির্বাচনীয় চরমকে ভাষায় প্রকাশ করিয়া বলিবেন কি করিয়া ৪ বৃদ্ধ বলেন, সাধকই আপনার উপর সম্পূর্ণ নির্ভর করিয়া নিজের অধ্যবসায়ে সমস্ত পথ অতিক্রম করিয়া যাত্রার শেষে চরমে উত্তীর্ণ হইবেন। এইজন্ম দুঢ়কণ্ঠে সাধকদিগকে তিনি কহিতেছেন— তোমরা আপনারাই আপনাদের নির্ভরের দণ্ড হও. অন্ত কাহারো উপর তোমরা নির্ভর করিও না। তিনি মানবকে অনির্বাচনীয় রহস্যের কথা না বলিয়া নির্ভয়ে তেজের সহিত আহ্বান করিয়া যাহা বলেন, তাহার মর্ম্ম এই—

তোমাদিগকে অমঙ্গল হইতে মঙ্গলের মধ্যে আসিতে হইবে, তোমাদিগকে রোগ শোক জরা মৃত্যু হইতে নির্বাণের শান্তির মধ্যে আসিতে হইবে। হে নির্বাণ পথের যাত্রিদল, তোমরা আমার নিকট চলিয়া আইস, আমি তোমাদিগকে নির্বাণের সরল পথ দেখাইয়া দিব। দে পথের কোন রহস্ত আমার অবিদিত নাই। মহাপুরুষ বুদ্ধের যাহা বক্তব্য, তাহা তিনি এমন স্থাপষ্ট করিয়া
অসক্ষোচে অনগ্রস্থলভ সরলতা ও প্রাঞ্জলতার সহিত বলিয়াছেন
যে, তাহা অনায়াসে মানবহদয়ে প্রবেশলাভ করিয়াছে। আবার
যাহা পাওয়া যায়, অমুভব করা যায়, কিছু যাহা বাক্যে বলা যায়
না, তাহার সম্বন্ধে তিনি একেবারেই নির্মাক্ ছিলেন। তিনি
সর্বমানবকে ডাকিয়া কহিয়াছেন তামরা জড়তা ত্যাগ করিয়া
জাগরিত হও; রোগ যাহাদিগকে পীড়া দেয়, ছংথ শোকের বাণে
যাহাদের জদয় বিদ্ধ হয়, নিলা কি তাহাদের শোভা পায় ?
তোমরা জড়তা ত্যাগ করিয়া জাগরিত হও, শান্তিলাভের জন্ত
তোমরা অনলস দৃঢ়তা অবলম্বন কর; তোমাদিগকে প্রমন্ত জানিয়া
মৃত্যুরাজ তোমাদের অমুসরণে প্রবৃত্ত হইয়াছেন, সাবধান তিনি
যেন তোমাদিগকে মৃঢ় প্রতিপন্ন করিয়া তাঁহার অধিকারে লইয়া
না বান।

তোমরা শুভমুহুর্ত্ত চলিয়া যাইতে দিও না, দেবমানব যে বাসনার অধীন, তোমরা দ্বরায় সেই বাসনাকে জয় কর; স্থযোগ হারাইলে নিরয়গামী হইয়া একদিন তোমাদিগকে অনুতাপ করিতেই হইবে।

প্রমাদই কলুষতা অতএব অপ্রমাদ ও জ্ঞানের আশ্রয় গ্রহণ করিয়া কামনার শরটি তুলিয়া ফেল।

বৃদ্ধের সহজ বাক্যগুলি কি ঋজু, কি হাদরস্পর্নী! তিনি মানবের নিকটে ধর্মপ্রচার করিতে যাইরা, অবিচলিত দৃঢ়তার সহিত কহিলেন—আমি তোমাকে বে ধর্মে আহ্বান করিতেছি, তাহা মঙ্গল, তাহা অনব্য, তাহা স্থীজনের নিকটি প্রশন্ত। এই ধর্মাচরণ করিলে তুমি স্থা ও কল্যাণ লাভ করিবে। আইস হে মানব, তুমি আমার নিকটে আইস, আমি তোমাকে সেকালের কোনো পুরাতন কথা বলিব না, আমি তোমাকে কোনো হজের রহস্তের কথা বলিব না, আমি তোমাকে পরের কথার বিশ্বাস করিতে বলিব না; আমি তোমাকে যাহা বলিব তাহা তুমি নিজের চক্ষু দিয়া দেখিয়া লও, বুদ্ধি দিয়া বিচার করিয়া গ্রহণ কর, ইহার স্থকল তুমি অবিলম্বে ব্ঝিতে পারিবে; আমি যাহা বলিব সমস্ত স্থাপতি ও সমস্ত স্থপ্রত্যক্ষ।

বৃদ্ধদেবের বাণী থাঁহার। পাঠ করিবেন, তাঁহার। ইহার অসামান্ত সরলতায় তেজস্বিতার ও স্বযুক্তিতে বিশ্বিত না হইয়া থাকিতে পারিবেন না। স্থ্যালোক যেমন ধরণীর সর্বাঙ্গ প্রকাশিত করিয়া দেয়, মহাপুরুষ বৃদ্ধের স্থির প্রজ্ঞার বিমল আলোক তেমনি মানবের সাধনমার্গের সর্বাঙ্গ প্রকাশিত করিয়া দিয়াছে।

শান্তবিধি ও লোকাচারের কাছে আপনার বৃদ্ধি ও যুক্তিকে বলি দিয়া মাহ্মর যে সহজ সত্য বিশ্বত হইয়াছিল, বৃদ্ধদেবের নির্মাল বোধ সেই সত্যকেই প্রত্যক্ষ করিয়াছিল। স্কতরাং, তিনি দার্শনিকতার দিকে পাণ্ডিত্যের দিকে না যাইয়া, সকলের উপযোগী ভাষায় তাঁহার স্থাকর কল্যাণকর ধর্মমত ব্যাখ্যা করিলেন। তিনি বেদ বেদাস্ত তর্কশাস্ত্রের আশ্রয় ছাড়িয়া দেশবাসীর স্তায়, বৃদ্ধি, সাধারণ যুক্তি এবং তাহাদেরই কথিত ভাষার শরণ লইলেন। বৃদ্ধ যাহা বলিলেন, তাহা একান্ত সরল বলিয়া মানবের চিত্ত, বৃদ্ধি ও বিচারশক্তি অসকোচে তাহাতে সায় দিল। এইজন্তই তাঁহার প্রচারিত ধর্মমত সর্ব্ধ বাধা অতিক্রম করিয়া অয় দিনের মধ্যেই সমস্ত এসিয়াখণ্ডের ধর্ম হইয়াছিল।

বৃদ্ধ মানবকে কোনো ব্যর্থ আশা না দিয়া, খোলাখূলি বলিয়া
দিলেন—"তৃম্হেহি কিচ্চং আভিপ্লং", অর্থাৎ তোমার
নিজেকেই উভ্তমের সহিত মঙ্গল আচরণ করিতে হইবে, তোমাকেই
আপ্লাঙ্গিক সাধুপথ ধরিয়া চলিতে হইবে, তোমাকেই ধ্যানপরায়ণ
হইয়া মুক্তিলাভ করিতে হইবে,আমি কেবল পথের পরিচয় দিতে পারি
মাত্র। তোমাকে জাগরিত হইতে হইবে; তুমি আলহ্রপরায়ণ হইলে
চলিবে না। তোমার চিত্তকে ও সঙ্কল্লকে জাগাইয়া তোল, কারণ
"কুসীদপঞ্ঞায় মগ্গং অলসো ন বিন্দতি" অর্থাৎ
নির্ব্বীগ্য ও অলস ব্যক্তি জ্ঞানপথ লাভ করিতে পারে না।

বৃদ্ধ বলিলেন—তুমি বাক্যে ও মনে সংযত হও, শরীর দারা কোনো পাপ করিও না; এইরূপ করিলে দেহে বাক্যে ও মনে পবিত্র হইরা তুমি ধর্ম্মপথে বিচরণ করিতে পারিবে। পাপাভিলাষ হইতে তুমি তোমার চিত্তকে উদ্ধার কর। মহান্ জলপ্রবাহ যেমন স্থপ্ত গ্রাম ভাসাইয়া লইয়া যায়, পাপপ্রমন্ত ব্যক্তিকে মৃত্যু তেমন করিয়া নিজ অধিকারে লইয়া যায়।

হে নির্ব্বাণকামী মানব, ধর্ম্মকে তোমার বিচরণের প্রমোদকানন কর, ধর্ম্মকে তোমার আনন্দ কর, ধর্ম্মে তোমার প্রতিষ্ঠান হউক, ধর্ম্মই তোমার জ্ঞাতব্য বিষয় হউক; বাহাতে ধর্ম্ম ম্লান হইতে পারে এমন কোনো বিতণ্ডা তোমার মনে স্থান দিও না এবং স্থভাষিত সত্যালোচনায় তোমার সময় অতিবাহিত হউক।

হে নির্বাণপথের যাত্রী, তুমি স্থিরধী ও স্থপণ্ডিত সাধুর সঙ্গ কর। স্থদক্ষ নাবিক যেমন অব্রিত্রযুক্ত দৃঢ় নৌকায় করিয়া বছ ব্যক্তিকে তাহার পরিজ্ঞাত পথ দিয়া স্থানান্তরে লইয়া যাইতে পারে, জ্ঞানবান্ সাধু ব্যক্তিও তেমনি তোমাকে অনায়াসে তাঁছার স্থবিদিত ধর্ম ও কল্যাণের পথ দেখাইয়া দিতে পারিবেন।

চিত্তের সম্ভোষ, শীলপালন ও ইন্দ্রিয়সংযম তোমার কর্ত্তব্য বলিরা জানিও।

শীলপালনের দারা তোমার বৃদ্ধিচাঞ্চল্য দ্র হইলেই তুমি স্থায়ভব করিবে এবং তোমার হৃঃথ দ্র হইবে। ফুলের গাছে ন্তন ফুল ফুটিলে যেমন মান ফুলগুলি আপনা-আপনি ঝরিয়া পড়ে, তেমনি তোমার চিত্ত পুণ্যে পবিত্রতায় মণ্ডিত হইলেই কামাভিলাম আপনি দ্রীভূত হইবে। বৃদ্ধিপূর্বক শীলপালন করিয়া তুমি তোমার মন আপন বশে আনয়ন কর, তাহা হইলেই পরমানন্দে বিচরণ করিতে পারিবে। আষ্টাঙ্গিক পথকে সকল পথের মধ্যে শ্রেষ্ঠ এবং চারি আর্য্য সত্যকে সকল সত্যের মধ্যে শ্রেষ্ঠ বলিয়া জানিও। প্রসন্নচিত্তে এই অমুশাসনগুলি প্রতিপালন কর এবং মৈত্রীময় চিত্ত সর্ব্বত্র প্রসারিত কর, তাহা হইলে অচিরেই তুমি স্থেকর নির্বাণ লাভ করিতে পারিবে।

বৌদ্ধনীতি

বে সাধক শ্রেমকে লাভ করিতে চাহেন, তাঁহাকে অনলস হইয়া
অস্তরে বাহিরে শুচি হইতে হইবে। এই শুচিতালাভ সাধনার
ক্ষেত্রে প্রথম ও প্রধান কথা। ইহারই জ্বন্স ব্রহ্মচর্যাব্রত-পালন,
ইহারই জন্ম শীলগ্রহণ। অধ্যাত্মদৃষ্টি প্রস্ফৃতিত না হইলে, সত্যের
সাক্ষাৎকার হয় না। এইজন্মই সাধক সর্বপ্রয়েত্বে মনকে নির্মাল
করেন। তিনি জানেন, যথনি তাঁহার মন স্বচ্ছ ও ছির হইবে,
তথনি সেথানে সত্য প্রতিবিধিত হইবে।

কুর্ম বেমন অনায়াসে নিজ গুণ্ড প্রত্যাহরণ করিয়া থাকে, সাধক তেমনি অভ্যাসের দারা নিজের মনকে সর্বপ্রকার কলুব হইতে প্রত্যাহত করিতে বত্নশীল হন্। মন যাহার বশীক্ষত হয় নাই, তাহার ধ্যান নাই, উপাসনা নাই, রুথ নাই, শাস্তি নাই। মনের গুপ্ত স্থানে যে সমুদায় পাপাভিলাষ জমিয়া থাকে, সেগুলি পণ্ডিত ব্যক্তির মনকেও ব্যাকুল করিয়া দেয়। স্থতরাং, পাপকে পাপ বলিয়া বুঝিলেই আমরা ইহার হাত হইতে নিয়্কৃতি পাইতে পারিব এ কথা সত্য নহে। অথবা বাহিরের ব্যবহারে ভাল মায়্ম হইলেও, সাধনার জীবনে আমরা অগ্রসর হওয়ার আশা করিতে পারি না। এইজ্লাই ধ্মপদে উক্ত হইয়াছে—

আকাদে চ পদং নখি সমণো নখি বাহিরে।
আকাশে যেমন পথ নাই, তেমনি বাহুকর্মের লারা মহয় শ্রমণ
অর্থাৎ সাধু হয় না। বাহির হইতে হস্তপদাদি কর্মেক্রিয়সমূহকে সংযত

করিয়া, যদি আমরা মনে মনে পাপামুধ্যানে নিরত থাকি, তাহা হইলে আমরা কেমন করিয়া সত্যলাভের আশা করিতে পারি? সত্য বল, ধর্ম বল সকলি মনের ব্যাপার। ধন্মপদে উক্ত হইয়াছে,— ধর্ম মন হইতেই উৎপন্ন হয়। আমাদের বাক্যকে, আমাদের কার্যাকে মনের নির্মালতা দ্বারা আছেয় করিতে হইবে।

মনসা চে পসরেন ভাসতি বা করোতি বা।
ততো নং স্থমনেতি ছায়া ব অনপারিনী॥
যদি কেহ নির্মালাস্তঃকরণে কথা কহেন কিংবা কার্য্য করেন, তবে
স্থথ তাঁহাকে সর্বাদা ছায়ার ভায় অনুসরণ করে।

আবার অন্ত পক্ষে বলা হইয়াছে:--

মনসা চে পছট্ঠেন ভাসতি বা করোতি বা।

ততাে নং ছক্থময়েতি চক্কং চ বহতাে পদং॥

যদি কেহ দ্যিত মনে কথা কহে বা কার্যা করে, তবে চক্র যেমন
ভাববাহী বলীবার্দ্রব পদাস্ক অভ্যাব্য করে তঃখ্য তাহাকে সেইকপ

ভারবাহী বলীবর্দের পদান্ধ অনুসরণ করে, ত্রংখণ্ড তাহাকে সেইরূপ অনুসরণ করে।

যিনি স্থার্থা, যিনি ধর্মার্থা, তাঁহাকে যেমন করিয়া হউক্, নিজের মনকে স্ববশে আনিতে হইবে এবং মনটিকে সর্কবিধ মলিনতা হইতে মুক্ত করিয়া শুদ্ধ ও তেজস্বী করিতে হইবে। এইজন্সই বৃদ্ধদেব বিশ্বাসীদিগকে শীল গ্রহণ করিতে বলিয়াছেন। বৌদ্ধ সাধনার শীলই নির্বাণের পাথেয়। শীলগুলি চরিত্রকে বলিষ্ঠ করে এবং চরিত্রকে গড়িয়া তোলে। স্থতরাং, সাধনার পথে অগ্রসর হইবার সম্বলই শীল। "স্থাং যাব জরা সীলং"—বার্দ্ধকার।

वृत्कत्र कीवन ও वांगी

বৌদ্ধশীলগুলি আলোচনা করিলে, আমরা এইগুলির মধ্যে বৃদ্ধদেবের একটি আশ্চর্য্য প্রতিভার পরিচয় পাই। নীতিশান্ত্রের যে দিকটা মায়ুবের বাহ্য আচার ব্যবহার নিয়মিত করে, তাঁহার প্রবর্ত্তিত শালগুলি সে দিকটা উপেক্ষা করে নাই, অথচ নীতিশান্ত্রের যে দিকটা মানবের মনকে কল্যাণের পথে লইয়া যায়, সেই দিকটার উপর তিনি প্রথর দৃষ্টি রাখিয়াছেন। ইহলোক ও পরলোকের স্থকামনায় যাগ যজ্ঞ বাহ্যক্রিয়া-কলাপকে বৃদ্ধদেব স্থাদৃত্বপ্রে একাস্ত-নিক্ষল বলিয়া ঘোষণা করিয়াছেন; ইন্দ্রিয়বিজয় ও চরিত্রসংশোধন করিয়া, দয়াদাক্ষিণ্যমৈত্রীমূলক কল্যাণ্রত-নাধনকেই তিনি প্রেয়োলাভের একমাত্র পহা বলিয়া নির্দ্ধেশ করিয়াছেন। স্থপরিচালিত চিত্ত দারাই আমরা প্রেয়োলাভের আশা করিতে পারি, বাহ্য অমুষ্ঠানের দারা নহে। এইজন্তই বৃদ্ধদেব বলিয়াছেন:—

ন তং মাতাপিতা কয়িরা অঞ্ঞে ্কাবাপি চ ঞাতকা। সম্মাপণিহিতং চিত্তং সেয়াসো তং ততো করে॥

সম্যক্পরিচালিত চিত্ত মাছুষের যেরূপ শ্রেমঃ করিয়া থাকে, মাতা পিতা কিংবা অন্ত কোনো আত্মীয় তেমন পারেন না।

বৌদ্ধনীতি বিশ্বাসীর আচরণ, কার্য্য ও ভাবনা এই তিনকেই স্থাকর ও কল্যাণকর করিয়া তোলে। সাধু বৌদ্ধ কদাচ নিশ্চেষ্ট থাকিবেন না, সমগ্র মানবজাতির কল্যাণসাধনে আপনাকে তিনি নিরস্তর নিযুক্ত রাথিবেন। সাধু বৌদ্ধ আপনার চিত্তকেও কদাচ অনার্ত রাথিবেন না, মঙ্গল ভাবনা দ্বার্য তিনি তাঁহার চিত্তকে আছোদিত করিয়া রাথিবেন। বৃদ্ধ বলেন:—

বৌদ্ধনীতি মানবকে পাপ হইতে নিব্নত্ত করিয়া কল্যাণের পথে আহ্বান করিয়াই ক্ষান্ত হয় নাই, মানবকে অতন্ত্রিত হইয়া পুণ্য কর্ম সাধন করিতে বলিতেছে। বুদ্ধ বলিতেছেন:—

অভিখরেথ কল্যাণে পাপা চিত্তং নিবাররে।
দক্ষং হি করাতো পুঞ্ঞং পাপস্মিং রমতী মনো॥
কল্যাণলাভের জন্ম তোমরা অতি ত্বায় ধাবমান হও, পাপ
হইতে মনকে নিবৃত্ত কর। <u>আলভের সহিত পুণ্যকর্ম করিলে</u>
মন পাপে রত হইয়া থাকে।

বৃদ্ধদেব বাহ্ অনুষ্ঠানক্রিয়াকলাপের উপকারিতার বিশ্বাস করিতেন না; প্রাণহীন শ্রদ্ধাহীন পূণ্য কার্য্যও তেমনি তিনি অকল্যাণকর মনে করিতেন। যতক্ষণপর্যান্ত আমরা অমুরাগের সহিত পুণ্যকার্য্য না করি, ততক্ষণপর্যান্ত সেগুলি আমাদের নিকট মুখকর ও কল্যাণকর হয় না। এইজন্ত পুণ্যকর্ম পুনঃ পুনঃ শ্রদ্ধাপুর্বাক করিতে হয়। তাহা হইতেই ঐ পুণ্যামুষ্ঠানগুলির প্রতি আমাদের হৃদয়ের স্বাভাবিক প্রবণতা জন্মিয়া থাকে। বৃদ্ধ বলিতেছেন—

> পুঞ্ঞঞে পুরিসো করিরা করিরাথেনং পুনপ্পূনং। তম্হি ছন্দং করিরাথ স্থাে পুঞ্ঞস্স উচ্চরা ॥

ষদি কোন ব্যক্তি পুণ্যকর্ম করে, তাহা হইলে সে যেন ইহা পুনঃ পুনঃ করে—যেন ইহাতে তাহার অনুরাগ জন্মায়; কারণ পুণ্যসঞ্চর স্থাকর।

পুণ্যামুষ্ঠানকে আমাদের সহজ করিয়া ফেলিতে হইবে, কর্ত্ব্য-বোধে নর, অন্তের অমুরোধে নয়; নিজের মনের আনন্দে আমাদিগকে পুণ্য আচরণ করিতে হইবে। পাখী যেমন মনের আনন্দে গান গায়, ফুল যেমন সহজে ফুটিয়া উঠে, তেমনি আনন্দে তেমনি সহজে আমরা আপনাদিগকে কল্যাণ ব্রতে নিয়োজিত করিব। অভ্যাস দ্বারা পুণ্যামুষ্ঠানগুলি যথন এমন অনায়াস হইয়া উঠে, তথনই সেগুলি মঙ্গল হইয়া উঠে। বৃদ্ধ বলেন:—

ভদ্রো পি পদ্দতি পাপং যাব ভদ্রং ন পচ্চতি
যদা চ পচ্চতি ভদ্রং অথ ভদ্রো ভদ্রানি পদ্দতি॥

যাবং পুণ্যকর্ম পরিপাক প্রাপ্ত না হয়, তাবং দাধু ব্যক্তি পুণ্য
কর্মের মধ্যেও অভ্ত দর্শন করিয়া থাকেন; কিন্ত যথনি পুণ্যকর্ম
পরিপক হয়, তথনি তিনি মঙ্গল দর্শন করেন। পরিপক বন্ত যেমন
আমাদের রক্তমাংসে পরিণত হইয়া আমাদেরই অঙ্গীভৃত হইয়া
থাকে, অভ্যাস দ্বারা পুণ্যাচরণকে তেমনি আমাদের মনের
সহজ বিয়য় করিয়া ফেলিতে ইইরে। মন যথন এইরূপ স্বাভাবিক
পুণ্যপ্রভায় মণ্ডিত হইবে, তথনই আমাদের প্রত্যেক অন্তর্জান
মক্ষা হইয়া উঠিবে।

বাত্তবতার দিকে বৌদ্ধর্মের ঝোঁক থাকিলেও নীতির ক্ষেত্রে এই ধর্ম ভাবকে অতি উচ্চ আসন দিরাছে বিদ্দানীতি জোনের সহিত এই কথাই প্রচার করিয়া থাকে বে, ছুমি যাহা বল, তুমি বাহা কর, সমস্তই মন হইতে বলিবে মন হইতে করিবে। মন হইতেই ধর্ম উৎপন্ন বলিরা মন হইতেই তোমাকে হইরা উঠিতে হইবে। তুমি বে শীল গ্রহণ করিবে তাহা স্বেচ্ছার প্রবৃত্ত শীল হইবে, সে সমুদার কতগুলি বিধির অচলগণ্ডী হইরা তোমাকে চাপিরা ধরিলে চলিবে না। তুমি যে শীলকে স্বীকার করিবে তাহা স্বাধীন শীল হইবে। লোকযশঃ কিংবা অর্থলাভের জ্বস্তু তোমার শীল আচরিত হইবে না। তুমি যে মঙ্গল কার্য্যের অস্কুষ্ঠান করিবে, তাহা বিমৃঢ়ের অভ্যন্ত আচার হইলে চলিবে না, তাহা সমাগ্রজানপূর্ব্বক আচরিত হইবে। বুদ্ধদেব বলেন—

অত্তদখমভিঞ্ঞায় সদখপস্থতো সিয়া।

নিজের মঙ্গলকর কার্য্য সমাগ্রূপে জানিয়া তাহাতে নিবিষ্ট পাকা কর্ত্তবা। ভিতর হইতে মায়ুষ ভাল না হইলে, সে ভাল হওয়ায় কোনো ফল নাই বলিয়া, বৃদ্ধ বলিয়াছেন—তোমরা মনের ক্রোধ তাাগ করিয়া মনের দারা সংকর্ম সাধন করিবে। তিনি তাঁহাকেই যথার্থ স্থাংযত বলেন, যাঁহার দেহ বাক্য এবং মন এই তিনই স্থাংযত বলেন, যাঁহার দেহ বাক্য এবং মন এই তিনই স্থাংযত। তিনি বলেন, প্রেম দারা ক্রোধ, মঙ্গল দারা অমঙ্গল, নিঃস্বার্থতা দারা স্বার্থ এবং সত্য দারা মিথ্যা জয় কর। যে অপকার করে তাহার প্রতি ক্রোধ না করিয়া প্রেম দান কর। যে অপকার করে তাহার প্রতি ক্রোধ না করিয়া প্রেম দান কর। যে বৃত্ত অপকার করে, তাহার তত্র উপকার কর। সংগ্রামে যে লক্ষ লোককে জয় করে দে প্রকৃত বিজয়ী। যে তোমার শক্র সে তোমার কি অপকার করিছে পারে গুতারার তোমার গ্রুকতর অনিষ্ট করে তোমার কি অপকার করিছে পারে গুতারার তামার গ্রুকতর অনিষ্ট করে তোমারই বিপশ্বগামী

বুদ্ধের জীবন ও বাণী

মন। স্থতরাং, তোমার চঞ্চল মন, যাহা সর্বাদা পরিভ্রমণ করিয়া থাকে, তাহাকে সংযত কর, বহু কল্যাণ হইবে। সংযত মনই স্থুখ আনয়ন করে। পাপ ও পুণ্য সমস্তই তোমার নিজক্বত। অন্ত কেহ তোমাকে পবিত্র করিতে পারিবে না।

বৃদ্ধ বলেন, মনকে নিঙ্কলুষ করিতে হইলে (১) প্রাণীহত্যা করিও না, (২) যাহা তোমাকে দেওয়া হয় নাই, তাহা তুমি গ্রহণ করিও না, (৩) ব্যভিচার করিও না, (৪) মিথ্যা কহিও না, (৫) স্থরাপান করিও না; এবং (১) তোমার দৃষ্টি সাধু কর (২) তোমার সঙ্কল্প সাধু কর (৩) তোমার বাক্য সাধু কর (৪) তোমার ব্যবহার সাধু কর (৫) তোমার জীবিকা অর্জ্জন সাধু কর (৬) তোমার সর্ব্বচেষ্টা সাধু কর (৭) তোমার চিস্তা সাধু কর (৮) সাধুখ্যানে তোমার চিত্ত দমাহিত কর।

নির্বাণপথের যাত্রীকে বৃদ্ধ বলিতেছেন—

- (১) তুমি যে পুণ্য লাভ করিয়াছ তাহা রক্ষা করিবার চেষ্টা কর।
- (२) নব নব পুণ্যলাভের চেষ্টা কর।
- (৩) পূর্ব্বের সঞ্চিত পাপ অবিলম্বে ত্যাগ কর।
- (৪) নৃতন পাপ তোমাকে আক্রমণ না করে,তজ্জ্ঞ সতর্ক হও।
 উপরিউক্ত প্রথম পাঁচাট নৈতিক নিষেধকে আফুষ্ঠানিক বৌদ্ধগণ
 "পঞ্চশীল" বলেন। তাঁহারা "পঞ্চশীল", "অষ্টশীল" বা "দশুশীল" গ্রহণ
 করিয়া থাকেন। শীলকে তাঁহারা নির্বাণলাভের পাথের বলিয়া
 ক্রানেন। তাঁহারা শীলপালন ঘারা কল্যাণলাভ করেন বলিয়া
 শীলকে "মহামঙ্গল," "কুশল" প্রভৃতি নাম দিয়াছেন।

নামুবের হানরে যে পাপ, যে চঞ্চলতা জনিয়া উঠিয়া তাহাকে

সত্যের সাক্ষাৎকার লাভ হইতে বঞ্চিত করিয়া থাকে, বুদ্ধদেব মানব-মনের সেই মলিনতাকে "অবিছা" নাম দিয়াছেন। সকল মলিনতা হইতে এই অবিছাকে ডিনি নিক্নষ্টতম মলিনতা বলিয়াছেন।

ততো মলা মলতরং অবিজ্ঞা পরমং মলং।

এতং মলং পহত্বান নিম্মলা হোথ ভিক্থবো॥

অপর নলিকতা অপেক্ষা অধিকতর মলিনতা আছে; অবিছাই সেই নলিনতা। ছে ভিক্ষ্গন, তোমরা সেই মলিনতা ত্যাগ করিয়া নির্দ্দল হও। এই মলিনতা বা অবিছাকে বিনাশ করিতে পারিলেই মামুষের মন শুদ্ধ অপাপবিদ্ধ হয় এবং তথনই মানব সতোর সাক্ষাৎকার লাভ করিয়াধন্ত হয়।

উত্তরকালে মহাপুরুষ বিশুও ঠিক ঐ কথাটি ঘোষণা করিয়াছেন "Blessed are the pure in heart for they shall see God"—অর্থাৎ, নির্মান-ছানয় ব্যক্তিরা ধন্তা, কারণ তাঁহারাই স্থাবের দেখা পাইবেন।

বৌদ্ধ গৃহ ও গৃহী

ভগবান্ বৃদ্ধ বলিলেন—হে গৃহী, তুমি তোমার গৃহকে মঙ্গলের উজ্জ্বল আলোকে প্রানীপ্ত কর তোমার গৃহের সর্বাদিক মঙ্গল দারা স্কর্মিত কর; প্রাণহীন বাহ্য ক্রিয়াকলাপ দারা ইহা রক্ষিত হুইতে পারে না।

হে গৃহী, পিতামাতার সেবা কর, তাঁহাদের সম্পত্তি রক্ষা কর, দর্বতোভাবে তাঁহাদের উত্তরাধিকারী হইবার যোগ্য হও. তাঁহারা পরলোকে গমন করিয়া থাকিলে শ্রদ্ধার সহিত তাঁহাদিগকে শ্বরণ কর, তাহা হইলেই তোমার গৃহের একদিক স্থরক্ষিত হইবে। বিনি তোমার জ্ঞাননেত্র উন্মীলিত করিলেন, সেই গুরুকে দেখিবামাত্র দণ্ডারমান হইও, তাঁহার সেবা করিও, আদেশ পালন করিও, তাঁহার অভাব মোচন করিও এবং তিনি যে উপদেশ দান করিবেন, তাহা মনোযোগপুর্ব্বক শ্রবণ করিও; তাহা হইতে তোমার গৃহের অন্য একটি দিক মঙ্গলে রক্ষিত হইবে। যিনি তোমার সহধর্মিণী, সহকর্মিণী, সহভোগিনী সেই স্ত্রীকে সম্মান দেখাইও, তাঁহার সহিত কখনো বিখাস্থাতকতা করিও না, তিনি যাহাতে তোমার প্রতি শ্রদ্ধাসম্পন্ন হন তাহার চেষ্টা করিও, তাঁহাকে বুল্লাল্কার দান করিও এবং তোমার আত্মজ পুত্র কন্তাদিগকে পাপ কর্ম হইতে বিরত রাখিও।। ধর্ম, বিজ্ঞান ও শিল্প শিক্ষা দিও, তাহাদিগকে আপন ক্ষপত্তির উপযুক্ত উত্তরাধিকারী করিও; তাহা হইতে তোমার গৃহের অপর একটি

দিক মঙ্গল হারা স্থরক্ষিত হইবে। ঘাঁহারা তোমার হিতৈষী আত্মীয় স্বন্ধন ও বন্ধু, তাঁহাদের সহিত সদালাপ করিও, তাঁহা-দিগকে উপহার দিও, তাঁহাদের হিতসাধন করিও, তাঁহাদিগকে আপনার তুল্য জ্ঞান করিও, নিজের ধন সম্পদের একাংশ তাঁহা-मिशतक मान कतिछ, ठाँशामिशतक विश्वशामी इहेट मिछ ना, দরিদ্র হইয়া পড়িলে তাঁহাদিগকে আশ্রয় দিও, তাহাদের পরিজন-গণের সহিত সদম ব্যবহার করিও; তাহা হইলে তোমার গৃহের একটি দিক মঙ্গলে রক্ষিত হইবে। পরার্থে যাঁহারা আপনাদিগকে উৎসর্জন করিয়াছেন, যাঁহাদের কল্যাণ কামনা নিরপেক্ষভাবে সর্বজীবের প্রতি বর্ষিত হইতেছে, সেই সাধুসজ্জনদিগকে তুমি काश्मरनावारका रमवा कतिल, जांशामिरक यस वस मान कतिल. শ্রদাপূর্বক তাহাদিগকে ইণ্যহে অতিথিরূপে বরণ করিয়া লইও; তাহা হইলে তোমার গ্রহের আর একটি দিক মহামঙ্গলের প্রভায় রক্ষিত হইবে। দেহের দারা মনের দারা যাহারা তোমার সেবা করে. তোমার সন্তোষবিধানের জন্য বাহারা সর্বাদা তৎপর রহিয়াছে, তুমি সেই দাসদাসীদিগকে কর্ম্ম ভাগ করিয়া দিও: অন্ন দিয়া বেতন দিয়া পারিতোষিক দিয়া তাহাদিগকে প্রতিপালন করিও: আপনি যে স্থাহ দ্রব্য আহার কর তাহার স্বংশ তাহাদিগকে বণ্টন করিয়া দিও, মাঝে মাঝে তাহাদিগকে কর্ম্ম হইতে অবসর দিয়া সম্ভষ্ট রাখিও এবং তাহারা রুগ্ন হইলে তাহা-দিগকে ঔষধ পথ্য দান করিও; তাহা হুইলে তোমার গৃছের অপর একটি দিক মঙ্গলমণ্ডিত হইয়া স্থারন্ধিত হইবে।

त्क विलियन, -- दर शृशी, यिनि धर्मात्क जान वानित्वन, जिनिहे

বিজয়ী হইবেন, যিনি ধর্মকে ঘুণা করিবেন, তিনিই পরাভূত হইবেন। হর্জন যাহার প্রিয়, যে ব্যক্তি সাধুজনের আচরণ বর্জন করিয়া ছর্জনের অমুসরণ করে, তাহার পরাভব স্থনিশ্চিত। জনস্রোতের সঙ্গে যে জন আপনাকে ভাসাইয়া দিয়া তন্ত্ৰিতভাবে উদ্যমহীন বীৰ্য্যহীন জীবন যাপন করে এবং যে ব্যক্তি ক্রোধপরায়ণ তাহাকে পরাভব স্বাকার করিতেই হয়। যে ব্যক্তি ঐশ্বর্য্যের অধিকারী হইয়াও বৃদ্ধ জনকজননীর ভরণ পোষণ করে না তাহার পরাভব অবশ্যম্ভাবী। সাধুসজনকে যে ব্যক্তি মিথ্যাদ্বারা প্রতারিত করে, তাহাকেই পরাভূত হইতে হয়। যে আত্মন্তরি ব্যক্তি অশেষ ধনধান্যের অধিকারী হইয়াও সমস্ত স্থথসেব্য পদার্থ একাকী ভোগ করে, তাহার পরাভব নিশ্চিত। ধনের গর্বে, কুলের অভিমানে এবং বংশের গৌরবে যে ব্যক্তি অন্ধ হইয়া আত্মীয়দিগকে দ্বণা করিয়া থাকে, তাহারি পরাভব ঘটিয়া থাকে। যে ব্যক্তি ব্যাভিচারে. মহুপানে এবং অক্ষক্রীড়ায় প্রমন্ত, সে পরাভূত হইবেই। তাহারই পরাভব হইবে. যে আপনার ধর্মপদ্ধীর প্রতি বিরক্ত, অন্তের স্ত্রীর প্রতি অমুরক্ত। যে ব্যক্তি আপনার অন্ন সম্পত্তিতে অতৃপ্ত হইয়া সাম্রাজ্যের অধিকার কামনা করে তাহাকেই পরাভব স্বীকার করিতেই হয়।

গৃহের সর্বাদিক যেমন মঙ্গলের দ্বারা স্থরক্ষিত করিবার জন্ত বুদ্ধদেব গৃহীকে আদেশ করিলেন, তেমনি তিনি তাঁহার আপনার অস্তর বাহির উভয়দিক পুণ্য পবিত্রতার মঙ্গলবর্শ্বে আচ্ছাদিত করিতে উপদেশ দান করিয়াছেন। তিনি গৃহীকে কহিলেন—হে গৃহী, তোমাকে যখন গৃহধর্ম পালন করিতে হইবে, তুমি কোনো- ক্রমে ভিক্ষর ত্রত সমাক্ প্রতিপালন করিতে পারিবে না, তুমি বাহাতে সাধু গৃহস্থ হইতে পার, আমি তাহার জন্ম তোমাকে নিম-লিখিত ত্রত গ্রহণ করিতে বলিতেছি—

ৈ তুমি কদাচ জীবহত্যা করিও না, করাইও না কিংবা অপরের জীবহত্যার অমুমোদন করিও না। সবল, দুর্ব্বল সর্ব্বপ্রাণীর হিংসা হুইতে বিরত হও।

া যাহা তোমাকে দেওয়া হয় নাই, তাহা স্বয়ং কিংবা অন্তের সহায়তায় অপহরণ করিও না। সর্ব্বপ্রকার চৌর্য্য হইতে বিরক্ত হও।

জ্ঞানী ব্যক্তি ইন্দ্রিয়ের অসংঘন জলস্ত অঙ্গার তুলাজ্ঞান করিয়া বর্জন করিয়া থাকেন। যদি তুমি তোমার প্রবৃত্তির উপর সম্পূর্ণ জয়ী হইতে অসমর্থ হও, তাহা হইলেও কদাচ ব্যভিচার করিও না। তুমি মিথ্যা কহিও না, অভ্যকে দিয়া মিথ্যা বলাইও না। মিথ্যা-ভাষণের পক্ষ সমর্থন করিও না, সর্ক্রিধ মিথ্যার সংশ্রব হইতে মুক্ত থাকিবে। সদ্ধর্শের প্রতি তোমার যদি কিছুমাত্র অন্থ্রাগ থাকে, তাহা হইলে স্থরাপান করিও না, অভ্যকে পান করিতে দিও না, অভ্যের পানের অন্থ্যোদন করিও না। স্থরাপানে উন্মন্ত হইয়া নির্ক্রোধেরা নানা পাপাচরণ করিয়া থাকে, অভ্যকে ইহা পান করাইয়া উন্মন্ত করিয়া তোলে; পাপের বাসভূমি এই স্থরাপান এবং তজ্জনিত প্রমন্ত্রতা অসজ্জনেরই প্রিয়, তুমি ইহা পরিবর্জন কর। তুমি মাল্য ধারণ, স্থগদ্ধদ্রব্য ব্যবহার এবং স্প্রকোমল শ্র্যায় শয়ন করিও না।

वृक्ष कहिलान,-एह शृही, भन्नम मन्नन नाज कतिराज इंहेरन,

বুদ্ধের জীবন ও ৰাণী

তুমি বৃদ্ধকে সন্মান করিও, কদাচ পরশ্রী-কাতর হইও না; ধর্মে তোমার আফলাদ হউক, ধর্মে তোমার প্রীতি হউক, ধর্মজ্ঞান-লাভের জন্ম তোমার পিপাসা হউক, ধর্মেই তুমি স্থিত হও, ধর্মের প্রতিকূলে কোন বিতথা তুলিও না, যাহাতে ধর্মে কলঙ্কম্পর্শ করিতে পারে, এমন কোনো আচরণ কথনো করিও না। অসত্য ভাষণ ত্যাগ করিয়া শোভন বাক্যালাপে দিন যাপন করিও। যিনি তোমার গুরু, যথাকালে তাঁহার সমীপে গমন করিও। সর্ব্ধপ্রকার গৃষ্টতা ত্যাগ করিয়া তোমার শ্রদ্ধাবনত চিত্ত সর্ব্ধদা তাঁহার সমূথে স্থাপন করিও। যাহা মঙ্গল তাহা করিও এবং তাহা পুন: পুন: শ্ররণ করিয়া অভ্যাস করিয়া লইও। তুমি ভগুতা ক্ষক্ষতা, লোভ, মোহ অহজারাদি বর্জ্জন করিয়া দৃচ্চিত্তে প্রসর্ভাবে দিন যাপন কর। সদ্ধর্মে তোমার চিত্ত যদি নন্দিত হয়, তুমি শান্তি প্রেম ও ধ্যানের মধ্যেই অবস্থান করিতে পারিবে।

বৌৰজীবন

হৃংথের অন্তিত্ব একটি মহাসত্য। শানবজীবনের অপরিহার্য্য অনস্ত হৃংথ যথন সিদ্ধার্থের প্রজ্ঞাগোচর হইল, তথন তিনি ভোগৈর্যর্যের প্রতি বীতশ্রদ্ধ হইয়া ভিক্ষুত্রত গ্রহণ করেন। তিনি দেখিয়াছিলেন, সাধারণ মানবকে অশেষ হৃংথ ভোগ করিতে হয়। একটি হৃংথের অবসান হইতে না হইতেই দ্বিতীয় একটি হৃংথের উত্থান হইতেছে। উত্তাল তরঙ্গমালার তুল্য হৃংথপরস্পরা একটির পর আর একটি মানবকে আক্রমণ করিতেছে; তাহার সংগ্রামের বিরতি নাই।

সিদ্ধার্থের মনে প্রশ্ন উথিত হইল, এই হৃংথের মূলীভূত কারণ কি ? মানব আত্মশক্তি দারা এই হৃংথরালি নিংশেষে নির্মাকরণ করিতে পারে কি না ? কি উপায় অবলম্বন করিলে এই হৃংথের নির্ত্তি হইতে পারে ?

সাধারণ মানব আপন ব্যক্তিছের নিগৃঢ় তাৎপর্য্য আপনি অবগত নহে; ঐহিক জীবনযাত্রার শেষে সে যে কোন্ পরিণামে উদ্ভীর্ণ হইবে তাহা কখনো তাহার কল্পনায়ই উদিত হয় না; তাহার প্রত্যেক কার্য্য, প্রত্যেক বাক্য, প্রত্যেক চিন্তা কোন্ পরিণামের সৃষ্টি করিতেছে, সে তাহা অবগত নহে; তাহার বর্ত্তমান ব্যক্তিছ

ছ:খ, ছ:খের উদ্ভব, ছ:খের নিবৃদ্ধি এবং ছ:খনিবৃদ্ধির উপায় এই চারিটি
 বৌদ্ধশালে চতুরাধ্যসভ্য নামে উক্ত হইয়। থাকে।

কেমন করিয়া সম্ভব হইল, সেই রহশুসম্বন্ধেও সে সম্পূর্ণ অজ্ঞ।
আপনাকে আপনি না জানিয়া মানব আপনার সন্তা রক্ষা করিবার
নিমিত্ত নিরস্তর সংগ্রাম করিতেছে। অন্ধ যেমন আপনার গস্তব্যপথ দেখিতে পায় না, তথাপি দণ্ড হস্তে কোনরূপে যাতায়াত করে,
মানবও তদ্ধপ অন্ধভাবে জীবনপথে চলিতে থাকে। সন্তা রক্ষা
করিবার জন্ম এই সংগ্রামে মানব যেমন অশেষ হৃঃখ পাইয়া থাকে,
তেমনি স্থল স্থাও লাভ করিয়া থাকে। জীবন এই স্থথ হৃঃথের
সংমিশ্রণ। শশিকলায় যেমন হ্রাস ও বৃদ্ধি আছে, তরঙ্গে যেমন
উত্থান ও পতন আছে, জীবনে তেমনি স্থাও হৃঃখ রহিয়াছে।

হংথের অন্তিত্বসম্বন্ধে কাহারো সন্দেহ করিবার কোন হেতু
নাই। সমগ্র বিশ্বজীবন হইতে আপনাকে বিচ্ছিন্ন করিরা মানব
যথন আপনার ক্ষুদ্র সীমাবিশিষ্ট সত্তা রক্ষা করিবার জন্ত সংগ্রাম
করে, তথন তাহাকে হঃখভোগ করিতেই হয়। সমগ্র জগতে
সংযোগবিরোগের যে অমোঘ বিধান বিছমান আছে, দেব মানব
কেহই সেই বিধান অতিক্রম করিতে পারিবেন না। যে শক্তিসমূহের সমবায়ে একটি স্বতন্ত্র সত্তার উদ্ভব হইল, একদিন-নাএকদিন সেই শক্তিপুঞ্জ বিশ্লিষ্ট হইয়া পড়িবেই। যে মূহুর্ত্তে
একটি সত্তার স্পৃষ্টি হইল, সেই মূহুর্ত্তেই তাহার উপর জরাব্যাধিমৃত্যুর
ক্রিয়া আরম্ভ হইল। মানবের সত্তা সীমার দ্বারা আবদ্ধ; যেথানে
সীমা, সেইথানেই অবিজ্ঞা; যেথানে অবিজ্ঞা, সেইথানেই ছঃখ।

মানব যথন একটি স্বতন্ত্র সন্তা লাভ করে, তথন তাহার মন ও পঞ্চ জ্ঞানেন্দ্রির এই ছরটি মৃক্ত দার দিয়া রাহিরের বিশ্ব প্রকৃতি তাহার উপর প্রভাব বিস্তার করিয়া থাকে: ইহারই ফলে মানবের মনে বেদনার সঞ্চার হয় এবং ঐ বেদনা নানা ভৃষ্ণার আকারে আপনাকে প্রকাশ করে। মানব তাহার এই ভৃষ্ণার দাবী কিছুতেই সম্পূর্ণরূপে পূরণ করিতে পারে না;—মন প্রেয় বলিয়া যাহা চার তাহা সকল সময়ে পায় না, এবং অপ্রিয় বলিয়া যাহা বর্জন করিতে চার, তাহাও সময়ে সময়ে তাহাকে গ্রহণ করিতে হয়।

ভৃষ্ণার রসদ যোগাইতে এই অসমর্থতাই মানবের যাবতীর ছঃথের মূলীভূত কারণ। যে মানব আপনাকে আপনি সমাগ্জাত নহে, তাহার ভৃষ্ণা লতার স্থায় ক্রমশঃ বিস্তৃত হইয়া পড়ে। মেঘবর্ষণে ভৃণরাজি যেমন দিন দিন বর্দ্ধিত হয়, ভৃষ্ণাভিভূত ব্যক্তির হঃথও তেমনি দিন দিন বৃদ্ধিপ্রাপ্ত হইয়া থাকে। জালবদ্ধ শশকের স্থায় ভৃষ্ণাপরিবৃত ব্যক্তি পঞ্চ ইক্রিয় ও পঞ্চ বিষয় এই দশ-প্রকার শৃদ্ধানে সংযুক্ত থাকিয়া বারংবার হঃথ পাইয়া থাকে।

অবিভাবশে মানব আপনাকে বিশ্ব হইতে স্বতন্ত্র বলিয়া মনে করিয়া থাকে, কিন্তু সে এই অনন্ত বিশ্বরূপ মহাসাগরের একটি ক্ষণস্থায়ী বৃদ্বৃদ্মাত্র। স্বভাবতঃই তাহার মনে হয়, যেন সে ভূত কালের, বর্ত্তমান কালের ও ভবিষ্যৎকালের চেতন অচেতন সকল পদার্থ হইতে স্বতন্ত্র। এই বোধের বশবর্তী হইয়াই সে তাহার ক্ষ্ম ব্যক্তিত্বের প্রীতিসাধনের জন্ত নিয়ত চেষ্টা করিয়া থাকে; অথচ সংগ্রামের ফলে তুচ্ছ স্থথোপকরণ লাভ করিয়া তাহার ভৃষ্ণা শাস্ত না হইয়া বৃদ্ধিপ্রাপ্তই হয়; এই প্রকারে সে বৃহত্তর ছঃখ এবং উগ্রতর নৈরাশ্রের সম্মুখীন হইতে থাকে।

ক্ষিপ্রবেগে অর্থ ছুটাইরা সমতল ভূমির উপর দিরা সার্থি শকটারোহণে অগ্রসর হইতে হইতে প্রতিমূহর্ক্তেই তাহার প্রচণ্ড গতি অম্ভব করিতেছে, বলদর্শিত অখও পদপীড়িত পৃথিবী হইতে আপনাকে শ্বতম্ব বলিয়া মনে করিতেছে; কিন্তু অত্যুচ্চ প্রাচীরের উপরে দণ্ডায়মান এক প্রহরী ইহাদের শ্বতম্ব সন্তা আদৌ লক্ষ্য করিতেছে না, সে দেখিতেছে একটি অথগু পদার্থ পৃথিবীর উপরে নড়িতেছে; বায়ুবেগে আন্দোলিত কেশর যেমন অশেরই দেহাংশমাত্র, উক্ত অথগু পদার্থটি তদ্রপ ধরণীরই অংশমাত্র। তেমনি যিনি জ্ঞানের উচ্চ চূড়ায় আরোহণ করেন, তিনিই পূর্ণ সত্যের সাক্ষাৎকার লাভ করিয়া থাকেন।

মানব যতদিন আপনার প্রীতিকামনায় তুচ্ছ স্থথভোগের অয়েষণ করিবে এবং আপনার ক্ষুদ্র ব্যক্তিত্বকে ফাঁপাইয়া-ফুলাইয়া তুলিবে, ততদিন দে কোনোক্রমে হৃংথের হাত এড়াইতে পারিবে না। আর যথন তাহার রাগদ্বোদি থাকিবে না, চিন্ত শাস্ত হইবে, তথনই ধর্ম সম্যক্ উপলব্ধি করিয়া অলৌকিক আনন্দ লাভ করিবে।

মহাপুরুষ বুদ্ধের জীবন মানবকে এই কথাই বলিতেছে—হে
মানব, যে ক্ষুদ্র অহংবৃদ্ধি তোমাকে বিশ্ব হইতে পৃথক্ রাথিয়াছে,
ঐ ভেদবৃদ্ধি তোমার প্রার্থনীয় নহে; বৃদ্ধি স্থির করিয়া তুমি শীল
গ্রহণ কর; মঙ্গলত্রতসাধনের বিমল আনন্দ লাভ করিলে ক্রমশঃ
তোমার সকল হুংথের ধ্বংস হইবে। পুলিত তরুর ভায় তুমি
রাগদেবাদি-মান কুস্থমগুলি ত্যাগ কর। বোধকে জাগরিত
করিয়া তুমি আপনাকে প্রসারিত করিলেই সকল হীনতার, সকল
কুদ্রতার উদ্ধে উঠিয়া দেশকালের অতীক্ত বিশ্বের সহিত ঐক্য
অমুভব করিবে। এই ঐক্যায়ভূতিই তোমার প্রার্থনীয়। এই

বোধই সকল সত্যের সার। সঙ্কৃচিত হইও না, নির্ভরে অগ্রসর হইতে থাক, তুমি কল্যাণকর নির্বাণ লাভ করিতে পারিবে।

হে মানব, সকল সংশয় ছিন্ন করিয়া তুমি সার সভ্যের অমুসন্ধানে প্রবৃত্ত হও, ঐ সত্যের বীজ তোমারি অস্তরে প্রছয়় আছে। তোমার ক্ষ্পুদ্র সন্তামভূতি কি কথনো তোমাকে বিমল আনন্দ দান করিয়াছে ? তুমি কোন্ বস্তুর জন্ত সংগ্রাম করিতেছ ? স্বাস্থ্য সম্পদ্ অথ শাস্তি সাফল্য থ্যাতি হয়ত তোমার কাজ্জিত বিষয় হইবে; কিন্তু ইহারা কি তোমাকে শাশ্বত আনন্দ দান করিতে পারে ? জরা ও ব্যাধি তোমার স্বাস্থ্যের বিনাশসাধনের জন্ত প্রত্যহ যুদ্ধ করিতেছে; যাবং তুমি চিত্তে শাস্তিলাভ করিতে না পারিবে, তাবং সম্পদ্ ভোগ অথ শক্তি সাফল্য থ্যাতি কিছুতেই তোমাকে বিমল আনন্দ দান করিতে পারিবে না। ক্ষুপ্র অথভোগের বন্ধনগুলি ছিন্ন করিয়া তুমি যথন সত্যের বিমল জ্যোতির সাক্ষাৎকার লাভ করিবে, তথন দেখিতে পাইবে তুমি যে কল্যাণ লাভ করিয়াছ তাহা কত গভীর, কত পরিপূর্ণ, কেমন অনস্ত-প্রসারী।

হে নির্বাণকামী মানব, তোমার চিত্ত-অশ্বকে সংযত করিতেই হইবে। নচেৎ নদীর স্রোত যেমন কুলজাত নলকে পুনঃ পুনঃ বক্র করিয়া থাকে, কামলালসা তেমনি তোমাকে বারংবার আক্রমণ করিয়া পীড়িত করিবে। মূল অচ্ছিন্ন থাকিলে রক্ষ যেমন পুনর্বার অন্ধ্ররিত হয়, তেমনি হক্ষার মূল উৎপাটিত না হইলে ছঃখ পুনঃ পুনঃ আসিবেই। তুমি উর্ণনাভের স্থার কুদ্র জাল রচনা করিয়া তাহারই মধ্যে আপনাকে আবদ্ধ করিয়া রাথিয়াছ, মণ্ড,কের স্থায় কুপকেই সর্বাধ্ব মনে করিতেছ;

একবার কৃপ হইতে উর্দ্ধে উঠিলেই অনস্ত ব্রহ্মাণ্ড প্রত্যক্ষগোচর হইবে। তুমি ওঠ, জাগরিত হও; স্বার্থত্যাগ করিয়া পরার্থে জাগরিত হও; ক্ষুদ্রতা ত্যাগ করিয়া বিরাটকে গ্রহণ কর; আপনার মধ্যে ক্ষুদ্র আপনাকে অয়েষণ না করিয়া সর্ব্বজীবের ও সর্ব্বভূতের মধ্যে আপনার বৃহৎ মৃত্তি প্রত্যক্ষ কর।

হে ধর্মপথের যাত্রী, তুমি তোমার প্রীতিকে বাধাহীন সীমাহীন করিয়া সর্কদেশে সর্কালন প্রসারিত কর। তুমি ইহ জীবনেই আপনার বিরাট্যতা অহুভব করিতে পার, ইহাই তোমার শ্রেষ্ঠ গৌরব; তুমি স্বয়ং আপনার প্রদীপস্বরূপ হইয়া, আত্মশক্তি দারা চরম কল্যাণ লাভ করিতে পার, ইহাই তোমার পরম গৌরব। যে দিন বিমল বোধি লাভ করিয়া তুমি ধন্ত হইবে সে দিন তোমার স্বার্থ বিশ্বজনের স্বার্থ হইবে, সে দিন তোমার কল্যাণ বিশ্ববাসীর কল্যাণ হইবে।

ইহ জীবনেই আপনার বিরাট্সত্তা অমুভব করিয়া নির্বাণামৃতলাভ সম্ভবপর বলিয়া বৌদ্ধসাধু জীবনকে অতি মৃল্যবান্ বলিয়া মনে
করেন । স্থুখ ছংখ আনন্দ নিরানন্দ এমন কি মৃত্যুপর্যান্ত অগ্রাহ্য
করিয়া সর্বাভূতের মঙ্গলসাধনে তিনি অকুন্তিতচিত্তে আপনাকে অর্পন
করিয়া থাকেন; কারণ তিনি অমুভব করিয়া থাকেন যে, তিনি
বিচ্ছিন্ন নহেন, সমস্তের সহিত নিগৃঢ় যোগে সংযুক্ত এবং সর্বাভূতের
মঙ্গলই তাঁহার মঙ্গল। আপনার ক্ষুদ্রসন্তার সম্পূর্ণ বিসর্জন এবং
বিরাট্সন্তার!মধ্যে অবস্থানই বৌদ্ধজীবনের শ্রেষ্ঠ পরিণতি।

বৌদ্ধকর্ম

এইরূপ ক্থিত আছে, বিমল বোধিলাভ ক্রিয়া ভগবান্ বুদ্দেব বলিয়াছিলেন—

অনেকজাতিসংসারং সন্ধাবিশৃসং অনিবিবসং।
গহকারকং গবেসন্তো তুক্থা জাতি পুনপ্লুনং॥
গহকারক! দিট্ঠোহসি, পুন গেহং ন কাহসি
সববা তে ফাস্থকা ভগ্গা গহক্টং বিসংজ্ঞিতং।
বিসন্ধারগতং চিত্তং তণ্হানং থয়মন্থাগা।

গৃহকারকের সন্ধান করিয়া তাহাকে না পাইয়া কতবার জন্ম-গ্রহণ করিলাম, কত সংসার পরিভ্রমণ করিলাম; পুন: পুন: জন্ম-গ্রহণ করিয়া কি হঃথই পাইলাম! হে গৃহকারক, এবার তোমার দেখা পাইয়াছি, এবার আর গৃহরচনা করিতে পারিবে না, তোমার সকল তম্ভ ও গৃহভিত্তি ভগ্ন হইয়াছে, আমার বিগতসংস্কার চিত্তের সকল তৃষ্ণা ক্ষয়প্রাপ্ত হইয়াছে।

এই বাণীটির মধ্যে স্মুম্পন্ত দেখিতে পাই, একই গৃহকারক জীবের জন্মান্তরের মধ্য দিরা স্রোতোর্যপে প্রবহমাণ এবং এই গৃহকারক মানবের মহাবোধির প্রত্যক্ষ গোচর হইলেই, গৃহের সাজ্তনরজাম চূর-মার হয় এবং গৃহকারকের সকল ক্ষমতা পরাহত হইরা বায়। গৃহকারকের প্রতিষ্ঠাভূমি সংস্কার ও তৃষ্ণা; কারণ সংস্কারের ও তৃষ্ণার ক্ষম হইলে তাহার আর পাদক্ষেপের স্থানপর্যক্ত থাকেনা।

অভিধর্ম এই গৃহকারের নাম দিয়াছেন কর্ম। বাহিরের কিয়াগুলি বা ব্যাপারগুলি কর্ম নহে। আমি শক্রকে বধ করিলাম, এই হননব্যাপার কর্মা নহে, ইহা সাধন করিয়া যে সংস্কারের উৎপত্তি হইল, তাহাই কর্মা বা উক্ত সংস্কারের অন্তর্নিহিত গৃঢ়শক্তি কর্মা। রূপ বেদনা সংজ্ঞা সংস্কার ও বিজ্ঞান ইহাদের মধ্যে যে শক্তি অবস্থান করিয়া ইহাদিগকে বৃনিয়া অপূর্ব্ব ব্যক্তিত্বের জাল রচনা করে, কর্মা সেই শক্তি। বৌদ্ধেরা এই ব্যক্তিবের নিরপেক্ষ অন্তিম্ব স্থীকার করেন না। স্থ্যরশ্মি ও বৃষ্টির কণা যেমন মনোন্মাহন ইক্রধম্ম রচনা করে, সেইরূপ রূপবেদনাদি স্কন্মই আশ্চর্যা ব্যক্তিবের সৃষ্টি করিয়া থাকে; বস্তুতঃ ব্যক্তিবের একটি স্বতন্ত্র অন্তিম্ব নাই। ছই স্থানের অন্তর্বর্তী বায়্প্রবাহ ঐ ছই স্থানের চাপের তারতম্য দ্র হইবামাত্র যেমন বিশ্ববায়্র সহিত মিলিয়া যায়, আমাদের ব্যক্তিব্রও বাসনার বিলোপ ঘটিবামাত্র তেমনি বিশ্বসন্তার সহিত মিলিত হইয়া যায়।

ব্যক্তিত্বের বা অহংএর পরমার্থতঃ কোন অন্তিত্ব নাই। রূপাদি পঞ্চ স্বন্ধের হেতুই ব্যক্তি। ইহার অন্তিত্বের প্রকৃতি যেমনই হউক, এই ব্যক্তিই ছংথ ভোগ করেন, সংসারে বিচরণ করেন এবং এই ব্যক্তিরই নির্মাণ হইয়া থাকে; স্থতরাং ছংথই বল, সংসারই বল, আর নির্মাণ ই বল, ব্যক্তি ইহাদের মূলে থাকিয়া এইগুলিকে নিয়মিত করেন; কিন্তু ব্যক্তি যে কর্ম্ম করেন, তিনি সেই কর্মের হেতু নহেন, কর্মাই তাহার উপর প্রভূত্ব করিয়া থাকে। একটি স্ক্র স্থ্রে যেমন শত শত কুস্থমের মধ্য দিয়া আপনাকে প্রবাহিত করিয়া বিচ্ছিন্ন ও স্বত্তম্ব কুস্থমগুলিকে একটি মালার পরিণত করে, তেমনি তুর্ণিরীক্ষা কর্মশক্তি বিভিন্ন মুহুর্ত্তের, বিভিন্ন দিনের, বাল্য যৌবন প্রোচ বার্দ্ধক্য প্রভৃতি বিভিন্ন অবস্থার এবং জন্মজন্মান্তরের একই জীবের বিভিন্ন ব্যক্তিত্বের মধ্য দিয়া প্রবাহিত হইয়া ইহাদিগকে একত্ব দান করিতেছে। এই বর্ত্তমান মুহূর্ত্তে আমি যাহা আছি. তাহা, পূর্ব্ব পূর্ব্ব মুহুর্ত্তে আমি যাহা ছিলাম, তাহারই পরিণামমাত্র। আমরা হগ্ধ হইতে দধি, দধি হইতে নবনীত, নবনীত হইতে মুভ পাইয়া থাকি: কিন্তু তা' বলিয়া এইরূপ বলা চলেনা যে, যাহা হ্রগ্ধ তাহাই দধি, তাহাই নবনীত, তাহাই মৃত : অথচ হ্লমকে আশ্রয় করিয়াই দধি নবনীত ও ঘতের উদ্ভব হইয়াছে। দধি হগ্ধ নহে, আবার হগ্ধ হইতে অন্ত নহে। দ্বিত্বের উদ্ভবের সঙ্গে সঙ্গে হগ্ধছ নিরুদ্ধ হয় কিন্তু ত্র্থাত্বের ধর্ম্মপ্রবাহ উৎপত্তমান দধিত্বে বিদ্যমান থাকে। এইরূপ শিশুর যুবকের প্রোঢ়ের বুদ্ধের ব্যক্তিত্ব স্বতন্ত্র হইলেও. একই দেহকে আশ্রয় করিয়া ঐ সকল অবস্থা সংগৃহীত হইয়া থাকে। কর্ম্মের পরিণাম প্রতি মুহূর্ত্তে প্রতি দিনে আমাদের মধ্যে নব নব ব্যক্তিত্বের রচনা করিতেছে। বিহাৎপ্রবাহ যেমন দোলককে একটা নিরম্ভর গতি দান করে, কর্মপ্রবাহ তেমনি মানবজীবন লইয়া নানা ক্রিয়াপ্রতিক্রিয়ার অশেষ খেলা খেলিতে থাকে। কত যুগ-যুগান্ত কত জন্মজনাস্তর এই থেলা চলিতে থাকে. তাহার ইয়ন্তা নাই। প্রশ্ন হইতে পারে, তবে কি এই খেলার শেষ নাই ? বৌদ্ধেরা বলেন. হাা. এই খেলা ফুরাইবে বটে, কিন্তু যাবৎ তোমার অবিভা দুর না হয়, তাবং তোমাকে কর্মের প্রভূশক্তির অধীনতা অনিচ্ছায়ও স্বীকার করিতে হইবে। কিন্তু যথনই তুমি নির্মানবোধি লাভ করিবে, তথনই কর্মের সতাপ্রকৃতি, তাহার বাহ্যবিষ্ণা তোমার প্রজা-

গোচর হইবে; তথনই কর্মাই তোমাকে প্রভু বলিয়া মানিরা লইবে। কর্মের শক্তি তোমার বর্ত্তমান ও ভবিদ্যতের যোগ-সেতু। তৃঞ্চার क्य रहेरनहें এই याग-रमञ्जू जिल्ह्या यात्र, निर्व्याननाज हम এবং নব জন্মলাভের আর সম্ভাবনা থাকে না। প্নঃপ্ন: জন্ম-লাভের যাহা হেণ্ঠু বা কারণ তাহার উপরম হইলেই, আর জন্ম গ্রহণ করিতে হয় না। কর্ষণ ও বপন না করিলে যেমন শস্ত-সংগ্রহের সম্ভাবনা দূর হয়, আসক্তি বা বাসনার ক্ষয় হইলেই তেমনই জন্মলাভের সম্ভাবনা দূর হয়। বৌদ্ধের। বলেন, ঘরে প্রদীপ জালিবামাত্র যেমন অন্ধকার দ্বীভূত হয় এবং সকল দ্রব্য প্রত্যক্ষগোচর হয়, তেমনি সাধক প্রজ্ঞা লাভ করিবামাত্র তাহার হৃদয়ের অবিভার অন্ধকার দূর হয় এবং চতুরার্য্যসত্য তাহার জ্ঞানগম্য হইয়া যায়। তথন তাহার স্থির-প্রজ্ঞা একদিক হইতে মনকে দুচ্বলে আঁকিড়িয়া ধরে এবং অগুদিক হইতে ভৃষ্ণার মূল-চ্ছেদন করে। তাহার তৃষ্ণা বিনষ্ট হইবামাত্র, জন্মজন্মান্তরের कर्षार्व हिन्न रहेना यात्र। हेरा व्यनामात्मरे वृका यारेट भारत त्य, আমাদের শারীরিক, মানসিক ও বাচনিক ভালমন্দ যাহা কিছু কার্য্য, সমস্তই আমরা ভিতর হইতে তাগিদ পাইয়া করিয়া থাকি। কর্ম আমাদিগকে করিতেই হয় এবং তাহার পরিণামও অবশুদ্ধাবী। উর্জন্মিপ্ত প্রস্তরখণ্ড যেমন ভূপুঠে পড়িবেই, ভভাভভ কর্ম তেমনই नव नव मःश्वादात बन्नामान कतित्वरे। धन्नश्राम छेक रहेशाह-চিরপ্রবাসী নির্বিদ্ধে প্রত্যাগত হইলে আত্মীয়-বন্ধুরা যেমন ভাহাকে স্বাগত ব্যায়া অভ্যৰ্থনা করে, ইহলোক হইতে অপুস্ত হইবার পরও মানবের পুণ্যকর্ম তেমনি তাহাকে বন্ধর ন্তায় প্রতি-

গ্রহণ করে। শুভাশুভ কর্ম আমাদিগকে পরিণাম হইতে পরি-ণামান্তবে জন্ম হইতে জন্মান্তরে লইয়া যায়। কর্ম্মের এই প্রভূ-শক্তি ইচ্ছামাত্রেই বিনাশ করিতে পারা যায় না। প্রারম্ভেই কোন সাধকের মনে করা উচিত নহে, যেহেতু গুভাগুভ সর্ববিধ কর্মাই আমার পুন:পুন: জন্মগ্রহণের হেতু হইয়া মুক্তিলাভে বাধা প্রদান করিতেছে, দেইজ্ঞ আমি এখন হইতে পাপ পুণ্য উভয় কম্মই বর্জন করিলাম। বৌদ্ধেরা বলেন, তৃষ্ণাক্ষরের দ্বারা আপনার ব্যক্তিত্ব-বিলোপের পূর্বের একথা বলিবার অধিকার কোন সাধকেরই নাই। তিনি ঐ যে জোর করিয়া আপনার মনকে বলাইলেন, আমি পাপ পুণ্য কোন কাজই করিব না. তাহার ঐ গোড়ামি হইতেই নৃতন সংস্কারের উদ্ভব হইবে। এই গোড়ামি তাহার কর্ম হইল এবং ইহার পরিণাম তাহাকে ভূগিতে হইবেই। বেঙাচি যথন স্বাভাবিক নিয়মে বাড়িতে থাকে. তথন একদিন আপনা-আপনিই তাহার লেজ থসিয়া পড়ে, এইজন্ত কোন বল-প্রয়োগের দরকার হয় না; বরং জোর করিয়া অকালে লেজ থসাইয়া দিলে তাহার গুরুতর অনিষ্ট ঘটিবারই কথা। সাধনার ক্ষেত্রও অগ্রসর হইতে হইতে সাধক হইতে যেদিন ব্যক্তিত্ব হারাইয়া रफरनन राहेनिन जाहात ज्यात क्या हता। এই ममरा जिनि কর্মের উপর প্রভুত্ব লাভ করেন। ইহার পূর্ব্বে জোর খাটাইতে গেলে কোন স্থফল ফলিতে পারে না।

কর্ম একদিকে বেমন আমারই স্থাষ্ট, অন্তদিক হইতে এই কর্ম এআবার আমারই শ্রষ্টা। কর্মের পরাক্রম হইতে মুক্তিলাভ-ব্যাপারট সাধারণ শিক্ষণীয় বিষয় নহে, ইহা জীবন দিয়া সাধনীয় ব্যাপার। এই সাধনা-যজ্ঞে ব্যক্তিত্বকে আহুতি দিতে হইবে।
এখানে একটি প্রশ্ন স্বভাবতঃ মনে উঠিতে পারে যে, সাধনের দারা
সাধক যথন তাঁহার অহংবাধ বিল্পু করিয়া দিলেন, তথন
তাঁহার দেহ বিভ্যমান থাকে; তাঁহাকে তথন নানারপ কার্য্য
করিতে হয়। তাঁহার এই কর্মগুলি কিরূপ ? সংক্ষেপতঃ, ইহার
উত্তর এই যে, স্থিরপ্রজ্ঞ সাধকের বাহ্যক্রিয়াগুলি তৃষ্ণা-সভূত নহে;
রূপ বেদনা সংজ্ঞা সংস্কার ও বিজ্ঞানের অন্তর্নিহিত যে শক্তি
সাধারণ মানবকে কর্মো প্রণোদিত করে, সিদ্ধ সাধকের ক্রিয়াগুলি সেই শক্তি হইতে উত্তুত নহে। স্ক্তরাং, তাঁহার কাজগুলি
নৃতন কর্মের নৃতন ব্যক্তিত্বের নৃতন হুংথের স্পষ্টি করিবে না।

অজ্ঞ শিশু দর্পণে আপনার প্রতিবিম্ব দেখিয়া কাঁপিয়া উঠে;
কিন্তু যথনই সে ঐ প্রতিবিম্বকে প্রক্নতরূপে জানিতে পারে, তথনই
তাহার ভয়ের সকল কারণ দূর হইয়া যায়। কর্মের সত্যমূর্ত্তি
আমাদের জ্ঞানগম্য নহে বলিয়া, কর্মা আমাদের নিকট একটি
বিভীবিকা হইয়া থাকে; কর্মা পাপপুণাের শৃঙ্খল-হস্তে আমাদিগকে
দণ্ড-প্রস্কার দিবার জন্ম বিচারকের আসনে বিদয়া ক্রমাগত
চোথ রাঙ্গাইতেছে, কিন্তু সাধকের নিকটে এই কর্মের সমস্ত শক্তি
পরাহত হয়; কারণ কর্মাতরু যে উৎসের রসধারা গ্রহণ করিয়া
নানা শাথাপল্লবে ফলেফুলে বাড়িতে থাকে, সাধক সেই উৎসের
মূথই রুদ্ধ করেন; তাঁহার ভৃষ্ণাক্রয় হ ইবামাত্র এই কর্মাতরু ছিয়মূল
ক্রমের প্রায় ভৃতলশায়ী হইয়া থাকে। এইরূপে সাধক ভাল মন্দ
সকল কর্ম্মের বন্ধন হইতে মুক্ত হইয়া, শোকশৃষ্ঠ নির্মাল ও শুদ্ধ
হইয়া থাকেন। ভৃষ্ণার মূলছেদন করিয়া সাধক তথন

অনাগারীক হইলেন, অর্থাৎ যে গৃহকারক তাঁহাকে জন্মজন্মান্তর
নানা সংসারে ঘুরাইয়া অশেষ হৃঃথ দিয়াছিলেন, তিনি সেই গৃহকারকের গৃহভিত্তি ও সাজসরঞ্জাম চুর্ণবিচূর্ণ করিয়া ফেলিলেন।
বৌদ্ধ-সাধক জানেন, শারীরিক, মানসিক ও বাচনিক কোন হৃষ্ট
কর্মা করিলে, তাহাকে অবশুস্তাবিরূপে তাহার ফলভোগ করিতে
হইবে। চক্র যেমন ভারবাহী গর্দ্ধভের পদান্ধ অমুসরণ করে,
হৃঃথও তেমনি হৃদ্ধতকারীর অনুসরণ করিয়া থাকে। বৌদ্ধ-কর্মা
নির্মাম, তাহার দয়া নাই, স্নেহ নাই। স্থমার্জিত দর্শণ যেমন
নির্মা, তাহার দয়া নাই, কর্মও তেমনি যথাযথ ফল প্রসব
করিয়া থাকে।

কেহ কেহ মনে করেন, বৌদ্ধধর্ম ঈশ্বরের বা ব্রন্ধের আসনে কর্মকে স্থাপন করিয়াছেন। কিন্তু ভাবিয়া দেখিলে মনে হয়, এই ধর্ম মানবাত্মাকে সকলের উচ্চ আসনে স্থান দিয়াছেন। যেহেতু সাধন দারা মানব কর্মের উপর প্রাধান্ত লাভ করিতে পারেন; একথা অসঙ্কোচে বলা যাইতে পারে যে, মানব আপনার অদৃষ্ট, আপনার পরিণাম আপনিই রচনা করিয়া থাকেন। মানব আপনিই আপনার শৃদ্ধল গড়িয়া থাকেন এবং আপনার শক্তিতেই শৃদ্ধল ভাঙ্গিয়া মুক্তি অর্জন করেন। বৌদ্ধর্মে মানবের বন্ধনমুক্তির একাধিপত্য মানবকে দান করিয়া মানবাত্মাকেই চরম গৌরব প্রদান করিয়াছেন।

বৌদ্ধসাধনা

একদিকে ভাগবিলাদের আতিশ্যা, অপরদিকে ছঃসহ ক্ষত্ত সাধন এই তুইরের মাঝখানে মুক্তির একটি উদার রাজবর্ম প্রসারিত আছে। আড়াই হাজার বংসর পূর্ব্বে ভগবান্ বৃদ্ধদেব সাধনার এই মধ্যপথটি আবিদ্ধার করেন। মৃগদাবে তিনি তাঁহার পিপাস্থ ভক্তদিগকে বলিয়াছেন—বংসগণ, ক্ষত্ত সাধনা দারা মুক্তির অবেষণ করিও না, অথবা ভোগবিলাদের আতিশয়ের মধ্যে আত্মবিশ্বত হইও না। মংশুমাংস-ত্যাগ, অচেলকত্ব, মন্তকমুগুন, ক্ষটাবন্ধনারণ, বিভূতিলেপন, হোমপ্রভৃতি দারা আমাদের মনের কলুব দূর হইতে পারে না। যাহার মোহ দূর হয় নাই, তাহার পক্ষে বের্দ্ধাঠ, দান, যাগ্যজ্ঞ, কঠোর তপস্থা, সমস্তই নিক্ষল।

ক্রেণ, অমিতাচার, গোড়ামি, প্রতারণা, অহঙ্কার, বেষ, ইত্যাদি কুপ্রবৃত্তি চিন্তকে মলিন করে; মংস্তমাংসাদি-ভোজনে মন অপবিত্র হয় না। পূর্ব্বোক্ত উভয়প্রকার বাড়াবাড়ির মধ্যবর্ত্তী সাধনমার্গের কথা আমি তোমাদিগকে বলিব। শরীরকে অসহ ক্রেশদান করিয়া অহিচর্ম্মসার করিলে সাধক নানারপ হর্বল চিন্তায় ও সংশয়ে আকুল হইয়া উঠেন। উক্তরূপ কঠোর তপশ্চর্ম্যা হারা ইন্দ্রিয়বিজয় দ্রের কথা, পার্থিব সাধারণ জ্ঞান অর্জ্জন করাও সম্ভবপর হয় না। যিনি তৈলের পরিবর্ত্তে জ্বণ দিয়া বাতি পূর্ণ করিবেন, তিনি কেমন করিয়া আলোক লাভ করিবেন ? পচা

কাৰ্চ দারা আগুন জালাইবার চেষ্টা নিশ্চয়ই ব্যর্থ হইবে। অতএব কৃচ্ছ সাধনা ক্লেশদায়ক, অনাবশুক এবং নিফল।

যতদিন মান্থবের অহংকার দ্র না হয়, যতদিন ইহলোকের কিংবা পরলোকের স্থতোগের প্রতি তাহার মনের আকর্ষণ থাকে, ততদিন তাহার তপশ্চর্যা পণ্ডশ্রমমাত্র। যিনি অহংকারকে জর করিতে পারিয়াছেন, তিনি স্বর্গমর্জ্যের কোনো স্থতোগই কামনা করেন না। শরীরের প্রয়োজন মিটাইবার জন্ম পরিমিত পানাহারে তাঁহার মন কদাচ কল্বিত হইবে না।

পদ্ম সরোবরের মাঝখানেই বাস করে, কিন্তু জল তাহার দল-গুলিকে সিক্ত করিতে পারে না।

পক্ষান্তরে, যাবতীয় ইন্দ্রিয়পরায়ণতাই শরীর ও মনকে তুর্বল করে। ইন্দ্রিয়পরায়ণ ব্যক্তি প্রবৃত্তির দাস। ইন্দ্রিয়ের স্থ-তৃপ্তির আকাজ্ফা মামুষকে মন্ত্রয়াত্বহীন ও নীচ করিয়া থাকে।

তাই বলিয়া যুক্ত পান ও আহার অকল্যাণকর নহে। শরীরকে
সুস্থ সবল রাথা একান্ত কর্ত্তব্য। শরীর সবল না হইলে কেমন
করিয়া আমরা জ্ঞানের বাতি জালাইব এবং মনকে বলিষ্ঠ ও
নির্মাল করিয়া তুলিব ? ভিক্ষুগণ, ইহাই মধ্যমার্গ। সর্ব্বদা
উভরবিধ আতিশয্য হইতে দ্রে থাকিবে।

তথাগত কহিলেন—যিনি হংথের অন্তিম্ব, ইহার উৎপত্তির কারণ এবং নিবৃত্তির উপায় সত্যভাবে উপলব্ধি করিয়াছেন, তিনিই মুক্তির সরলপথ অবলম্বন করিয়াছেন। সম্যক্ দৃষ্টি তাঁহার আলোক-বর্ত্তিকা, সম্যক্ সংকল্প তাঁহার পথপ্রদর্শক, সম্যক্ বাক্য তাঁহার পথিমধ্যন্থিত প্রতিষ্ঠানক্ষেত্র। তাঁহার গতি সরল, কারণ তাঁহার ব্যবহার বিশুদ্ধ। বিশুদ্ধ অর গ্রহণ করিয়া তিনি
বিমল আনন্দ লাভ করেন, কারণ সাধুজীবিকা তাঁহার অবলম্বন।
সাধু প্রচেষ্টাই তাঁহার পাদক্ষেপ, কারণ তিনি কদাচ সংযমকে
অতিক্রম করেন না। সম্যক্ শ্বৃতি তাঁহার নিঃশ্বাস, কারণ সাধুচিস্তা
শ্বাসপ্রখাসের ন্যায় তাঁহার নিকট সহজ হইয়া থাকে। সম্যক্
শ্যান তাঁহার শান্তি, কারণ জীবনের গভীরতত্বসমূহের মনন ও
শ্যান দ্বারা তিনি শান্তি লাভ করিয়া থাকেন।

বুদ্ধবাতের অর্থ, আপনার ভিতরের বৃহৎ সত্যসম্বন্ধে বোধলাভ। সাধারণ জ্ঞান দারা মান্নুষ যাহা জ্ঞানে, তাহা থণ্ড জ্ঞান। কিন্তু মান্নুবের অধ্যাত্মদৃষ্টি যথন খুলিয়া যায়, তথন খণ্ডজ্ঞানের প্রাচীর ভাঙ্গিয়া যাইবামাত্র সমর্গ্রের মূর্ত্তি তাহার নিকট প্রকাশিত হয়। এই দৃষ্টি মান্নুবের যতদিন না প্রকৃতিত হয়, ততদিন সে ব্যক্তিত্বের সংকীর্ণ অন্ধকারময় গণ্ডীর মধ্যে বাস করে।

ভগবান বৃদ্ধদেব যে সাধনপ্রণালীর কথা বলিলেন, তাহার স্থূল
মর্ম্ম—আমিছের প্রসার দারা আপনার ভিতরকার বৃহৎ সত্যকে
জানা; অথবা ব্যক্তিগত জীবনকে একেবারে বিশ্বজীবনের সহিত
একীভূত করিয়া দেওয়া।

সাধনা দারা অধ্যাত্মদৃষ্টি লাভ হইলে, আন্তররাজ্যের যে রহস্ত মান্থবের কাছে প্রকাশিত হয়, তাঁহাকে ব্রহ্মই বল, আল্লাই বল, হোলিগোষ্টই বল, ধর্মকায়ই বল, আর যে-কোন নামই দাও না, মূলে কোন প্রভেদ হইবেই না; একই নিগৃঢ় সত্যকেই স্ফিত করিবে।

ভগবান্ বুদ্ধদেবের উপদেশ হইতে আমরা যাহা বুঝি, তাহাতে

ইহা স্পষ্টই মনে হয় য়ে, তিনি সাধনা দ্বারা শরীর ও মন ছইকেই বলিষ্ঠ ও নির্মাণ করিতে বলিয়াছেন। দেহকে আমরা বেমন মনের বহিরাবরণ বলিতে পারি, তেমনি মনকেও দেহের স্ক্রে সন্তা বলিলে ভুল হইবে না। বাহিরে জীবের য়ে সন্তা দেহরূপে প্রকাশ পায়, ভিতরে সেই অয়ভুভিকেই মন বলিতে পায়া য়য়। ব্যক্তির সমগ্র সন্তা এই ছইয়ের সমষ্টি। এই জয় এক দিকে দেহকে য়েমন পবিত্র রাথিতে হইবে, অপর দিকে প্রবৃত্তির ধূলিজাল ধূইয়া-মুছিয়া মনটিকে দর্পণভূল্য স্বচ্ছ করিতে হইবে। মনকে পবিত্র রাথিতে হইলে প্রতিপদে কঠিন সংযমের প্রয়োজন বলিয়াই বৃদ্ধদেব নৈতিক অয়শাসনগুলির উপর এতটা জোর দিয়াছেন। তিনি য়াগযজ্ঞক্রিয়াকাণ্ডের অসারতা ঘোষণা করিয়া এই কথাটিই বারবার বলিয়াছেন য়ে, আয়্মশক্তি দ্বারা ইন্সিয়দমন কর এবং আপনাকে কল্যাণকর্ম্মে দান করিয়া চরম শ্রেম্ব লাভ কর।

জীব একটি নির্মাণ উজ্জ্বণ মন লইয়া পৃথিবীতে জন্মগ্রহণ করে, ইহাই সম্ভবপর বলিয়া মনে হয়। নানা কারণে পরিবেষ্টনের প্রভাব যথন মনের সামঞ্জন্য নষ্ট করিয়া দেয়, তথনই তাহার উপরে প্রবৃত্তির নানা জঞ্জাল স্তু পীভূত হইয়া উঠে; মান্ধুষের মনটা তথন নানা প্রবৃত্তির তাড়নায় প্রবল তরঙ্গের মধ্যস্থিত ক্ষুদ্র তরণীর মত ক্রমাগত আন্দোলিত হইতে থাকে। গীতায়ও উক্ত হইয়াছে—

ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোহন্থবিধীয়তে।
তদস্য হরতি প্রজ্ঞাং বায়ুর্নাবমিবাস্তসি॥
বায়ু যেমন প্রমন্ত কর্ণধারের নৌকাকে জলে নিক্ষিপ্ত করে, তেমনি
মন যদি অবশীভূত ইন্দ্রিয়ের অমুগমন করে, তাহা হইলে এ

ইন্দ্রিরের লালসা মনের প্রজ্ঞা হরণ করে। বৃদ্ধদেব মামুষের এই অবস্থাকেই অজ্ঞানতার অবস্থা বলিয়াছেন।

এই অবিভার বশে মানুষ 'অহং'কেই সত্য বলিয়া মনে করে; চিরসতা, চিরমঙ্গাকে বিশ্বত হইয়া যায়। এই অস্থায়ী অহং এবং স্থায়ী সত্য এই ছইয়ের প্রভেদ স্থাপাঠ বুঝিতে হইবে। সাধক যে সত্যকে লাভ করিতে চান, সেই সত্য অবিনশ্বর, দেহের স্থায় ইহার জন্ম-মৃত্যু আদি-অস্ত নাই। তিনি যথন তাঁহার ভিতরের সত্তাকে ক্ষুদ্র অহংজ্ঞান হইতে বিমুক্ত করেন, তথন ইহা স্বছ্ছ হীরকথণ্ডের স্থায় সত্যের বিমল আলোকে উদ্ভাসিত হইয়া উঠে; তিনি তথন প্রত্যেক পদার্থের ভিতরে সত্যকেই প্রত্যক্ষ করেন। বৃহৎ সত্যের সহিত সাধকের এই মিলনই মুক্তি বা নির্বাণ। বৌজ্বসাধনা যে উপায়ে এই অহংকে বিলোপ করিতে বলে, তাহা একমাত্র "নেতি নেতি" নহে; সাধক এক দিক দিয়া আপনাকে সক্কৃতিত করিবেন, আবার অন্তাদিক দিয়া আপনাকে সর্ক্ত্তের মধ্যে প্রসারিত করিয়া দিবেন।

ভগবান্ বুদ্ধদেব সমগ্র মানবজাতিকে সংখাধন করিয়া কহিয়াছেন, তোমরা

- ১। বধ করিও না।
- ২। অপহরণ করিও না।
- ৩। ব্যভিচার করিও না।
 - ৪। মিথাা কহিও না।
- ে ৫। স্থরাপান করিও না।

খুল দৃষ্টিতে এই পাঁচটি শীল সাধারণ নৈতিক নিষেধ বলিয়া

বিবেচিত হইবে সন্দেহ নাই। কিন্তু এই নিয়মপালন দারা সাধককে বে গভীর সংযম স্বীকার করিতে হয়, তাহা দারা হাদয় গভীর বললাভ করে। ধানবচরিত্রের নীচবৃত্তিগুলি যথন প্রশমিত হয়, তথন ভিতরে বিবিধ কল্যাণকর সদ্গুণ জন্মিতে থাকিবেই। হিংসার্থিতি ত্যাগ করিয়া মানব যথন অক্রোধী হয়, তথন ধীরে ধীরে তাহার হাদয়ে জীব-প্রীতির সঞ্চার হইতে থাকে। ধনের প্রতি মায়্রবের যথন অতিমাত্র লুক্কতা অন্তর্হিত হয়, তথনই তাহার দাক্ষিণ্যবৃত্তি জন্মিতে থাকে। কামলালসা হইতে মৃক্তিলাভ করিয়া মায়্রবের চিত্ত যথন নির্মাণ হইয়া উঠে, তথনই নিঃস্বার্থ প্রেম তাহার হাদয় অধিকার করিতে পারে। শীল অচ্ছিদ্র ও অথও হইলেই অধ্যাত্মবোধের সঞ্চার হয়। স্বতরাং বৃদ্ধদেবের এই শীলগুলি একমাত্র বাহির হইতে নহে, ভিতর হইতেও মায়্রবকে কল্যাণের প্রথম অগ্রসর করিয়া দিবে।

গৃহী ও সন্ন্যাসী প্রত্যেক বৌদ্ধকেই বহুসংখ্যক সরল, সহজ্ঞ,
ধর্ম্মনীতি মানিরা চলিতে হর। বৃদ্ধদেবের এই স্বতঃসিদ্ধ শীলগুলি
মানবের অন্তর্নিহিত নৈতিক বীর্য্যকে উদ্বোধিত করিবার পক্ষে
আমুক্ল্য করিয়া থাকে। এইগুলিই মঙ্গলবের্মের এবং নির্বাণলাভের সোপান। তিনি কতকগুলি শীলকে বিশেষ করিয়া
মহামঙ্গল আখ্যা দিয়া বলিয়াছেন:—

- (ক) অসতের সেবা নাকরা, সজ্জনের সেবাও সঙ্গ এবং পূজার্হের পূজা।
- (থ) সাধনার অমুকৃল ক্ষেত্রে বাস, পূর্ব্বক্কত পুণ্যের বৃদ্ধি-চেষ্টা,শীল-পালনে ও পুণ্যকার্য্যে আপনাকে সম্যগ্রূপে নিযুক্ত করা।

220

ь

व्रक्तन जीवन ७ वांगी

- (গ) বছসত্য, শিন্ন ও বিনয়শিক্ষা এবং উত্তম বাক্যকথন।
- (प) পিতামাতার সেবা, স্ত্রীপুত্রের হিতসাধন, অব্যাকুল কর্ম।
 - (ও) দান, অনবছ, কর্ম্ম ও জ্ঞাতিবর্গের হিতসাধন।
 - (চ) পাপে অরতি, মছপানে বিরতি এবং ধর্মসাধনে উদ্ভম।
 - (ছ) গৌরব, বিনয়, তৃষ্টি ও ক্বতজ্ঞতা।
 - (জ) ক্ষমা, প্রিয়বাক্য, সাধুদর্শন।
 - (ঝ) ব্রহ্মচর্য্য, তপশ্চর্য্যা ও আর্য্য সত্যদর্শন।
- (ঞ) লোকনিন্দায় অচাঞ্চল্য, শোকে তাপে হৃদরের স্থৈয়।

সর্বপ্রকার হৃঃথ হইতে মুক্তি লাভ করিবার জন্ম কি গভীর সংবারের এবং মঙ্গলপ্রতের প্রতি কি গভীর অনুরাগ আবশুক, তাহা সহজেই অন্থমিত হইতে পারে। বৌদ্ধসাধক যাগ্যজ্ঞক্রিরাকাণ্ডে বিশ্বাস করেন না, তাঁহার প্রোহিত নাই, উদ্ধারকর্ত্তা গুরু নাই। সাধনার পথে তিনি সম্পূর্ণ একাকী, মান্ত্র্য বড়জোর তাঁহাকে পথটি দেখাইয়া দিতে পারেন, এইমাত্র। একমাত্র আত্মাক্তিতে সমগ্রপথ বহিয়া তাঁহাকে চরম লক্ষ্যে পাঁহছিতে হইবে। মৃত্যুম্বায় ভগবান্ বৃদ্ধ তাঁহার উপস্থায়ক আনন্দকে সম্বোধন করিয়া বলিয়াছেন—ভাই আনন্দ, আমার জীবনের আশী বৎসর অতীত হইল, আমার দিন ফুরাইয়াছে, আমি এক্ষণে চলিলাম; দেখ, আমি এককাল নির্ভরে নিজের উপর নির্ভর করিয়া চলিয়াছি। তোমরাও আত্মনির্ভর শিক্ষা কর। তোমরা নিজেরাই নিজের প্রদীপ হও, নিজেরাই নিজের নির্ভর-দণ্ড হও। সত্যের আশ্রম

গ্রহণ কর। আপনি ভিন্ন অন্ত কাহারও উপর কখনো নির্ভর করিও না।

বৌদ্ধনাধনার যেমন "না"-রের দিক আছে, তেমনি ইহার
একটি আশ্চর্যা "হাঁ"-রের দিকও আছে। নির্বাণকামী সাধক
ছঃথের প্রেরণার যেমন জীবের শরীরকে ব্যাধিমন্দির, কণ্স্থারী, ছঃথমর ও জন্মমৃত্যুর অধীন মনে করেন, তেমনি তাঁহাকে
ভাবিতে হইবে, জীবমাত্রেই তুল্য, কোনো জীবই ঘুণার পাত্র নছে,
সকলকেই সমান প্রীতি করিতে হইবে। সাধককে বিশ্বব্রহ্মাণ্ডের
দেবমানব, জীবজন্ত সকলের স্থাকামনা করিতে হইবে, শক্রমিত্র
সকলেরই কল্যাণ-ভাবনার তাঁহার হাদর পূর্ণ থাকিবে। সকলে
রোগ শোক ব্যাধি মৃত্যু হইতে মুক্তিলাভ করুক, এই শুভচিন্তা
তাঁহার প্রতিদিনের ভাবনা হইবে।

হঃখীর হঃথে সাধকের হাদয় করুণায় দ্রব হইবে, স্থার স্থাও ভাঁহার চিত্ত নন্দিত হইবে। তিনি ভাবিবেন.

> দিট্ঠা বা যে চ অদিট্ঠা যে চ দূরে বসন্তি:অবিদূরে। ভূতো বা সম্ভবেদী বা সবেব সন্তা ভবন্ত স্থথিত'তা॥

কি দৃষ্ট কি অদৃষ্ট, কি দ্রবাদী কি নিকটবাদী, কি ভ্তকালের কি ভবিদ্যৎকালের, যে কোন প্রাণী হউক না কেন—সকলে স্থী হউক। মৈত্রী, করুণা, মুদিতা, অন্তভ, উপেকা বৌদ্ধ সাধকের এই পঞ্চ প্রকারের ভাবনা ভাবিতে মুইবে।

বৌদ্ধসাধনাকে আমরা জ্ঞানমূলক প্রেমের সাধনা বলিতে

পারি। কোশলরাজ্যে মনসাক্তং গ্রামে আত্রকাননে ভগবান্ বৃদ্ধ এক সমরে প্রচারে নিযুক্ত ছিলেন। এই সমরে ভরদাজ ও বশিষ্ঠ-নামক হুই ব্রাহ্মণ-কুমার তাঁহার নিকট ধর্মরহস্থ মীমাংসার জ্ঞা গমন করেন। তিনি যুবক্দয়কে বলিলেন—তথাগতের ধর্ম-সাধনার প্রারম্ভে প্রেম; প্রেমেই এই সাধনার উন্নতি ও গতি এবং প্রেমেই এই সাধনার পরিণতি। * *

তথাগত তাঁহার প্রীতিপূর্ণ মন ব্রহ্মাণ্ডের চারিদিকে প্রসারিত করিয়া দিয়া থাকেন। এইরূপে তাঁহার উর্দ্ধ অধঃ পূরঃ পশ্চাৎ সর্ব্ব স্থানই প্রীতির রুসে পূর্ণ হইয়া উঠে।

বিশ্বপ্রেম বা বিশ্বমৈত্রী বৌদ্ধদর্শনে অতি উজ্জ্বলয়পে অভিব্যক্ত হইয়াছে। বৌদ্ধদর্শনে প্রশ্ন উত্থাপিত হইল, ভিক্ কিপ্রকারে মৈত্রীযুক্ত চিত্তের দ্বারা দিক্সমূহকে প্রকাশিত করিয়া বিহরণ করিবনে? উত্তরে উক্ত হইয়াছে,—লোকে যেমন কোন এক হৃদয়ঙ্গম প্রিয়ব্যক্তিকে দর্শন করিয়া মৈত্রী করিয়া থাকে, এইয়প সমস্ত জীবকে মৈত্রীর দ্বারা প্রকাশিত করিতে হইবে। অভিধর্মণিটকে মৈত্রী-ভাবনা এইয়প বর্ণিত হইয়াছে—সাধক ভাবিবেন, সমস্ত জীব বৈরীরহিত হইয়া, বাধারহিত হইয়া, স্থী হইয়া নিজেকে পরিচালিত করুক! সমস্ত প্রাণী, সমস্ত ভূত, সমস্ত ব্যক্তিও জন্মগ্রাহী বৈররহিত হইয়া বাধারহিত হইয়া স্থী হইয়া নিজেকে পরিচালিত করুক! সমস্ত স্ত্রী, সমস্ত প্রুম্ব, সমস্ত আর্য্য, সমস্ত জানার্য্য, সমস্ত দেব, সমস্ত মন্ত্র্যা ও সমস্ত্র_ নরকাদিন্থিত জীব বৈররহিত হইয়া বাধারহিত হইয়া নিজেকে পরিচালিত করুক।

বৌদ্ধনাধকের ধ্যানের বিষয় চারিটি। প্রথম—নির্জ্জনে ধ্যান করিয়া চিত্ত হইতে সর্ব্ধপ্রকার পাপলালসা-বিমোচন। দ্বিতীয়— পবিত্র আনন্দ ও স্থথের ধ্যানের দ্বারা চিত্তসমাধান। তৃতীয়— আধ্যাত্মিক বিষয়ের ধ্যান দ্বারা চিত্তবিনোদন। চতুর্থ—চিত্তকে স্থথ ও তৃঃথের উর্দ্ধে উন্নত করিয়া পবিত্রতা ও শাস্তির মধ্যে বিহার।

বৌদ্ধনাধকের লক্ষ্য বৃদ্ধত্বলাভ। তিনি জানেন, অজ্ঞানতারূপ কুহেলিকায় মন আবৃত বলিয়াই আমরা স্বার্থপর; চরম-লক্ষ্যসম্বন্ধে অজ্ঞ বলিয়াই আমরা প্রবৃত্তির দাস; সকলের সহিত মূল ঐক্য-সম্বন্ধে অজ্ঞান বলিয়াই আমরা ক্রোধ হিংসা দ্বেষ প্রভৃতি প্রকাশ করিয়া থাকি।

বৌদ্ধনাধনা জ্ঞানের দিকে এতটা ঝোঁক দিয়াছে বলিয়া কেহ কেহ ইহাকে নীরদ একবেঁরে জ্ঞানের সাধনা বলিয়া থাকেন। বোধিলাভ যে সাধনার চরম লক্ষ্য তাহাকে জ্ঞানের সাধনা বলা কিছুমাত্র অত্যক্তি নহে। কিন্তু এই সঙ্গে ইহাও বলা কর্ত্তব্য যে, বৌদ্ধসাধনার উত্তব, প্রয়াণ ও পরিণতি প্রেমে। প্রেমের পরিব্যাপ্তিই বৌদ্ধসাধুর প্রতিদিনের সাধনা, তাঁহার মনন ও ধ্যান হইতেই ইহা বোঝা যাইতে পারে।

অঙ্গুরনিকায়ে প্রথম নিপাতে দ্বিতীয়বর্গে বৃদ্ধদেব বলিতেছেন— হে ভিক্ষ্পণ, আমি অন্ত এক ধর্মণ্ড দেখিতেছি না বাহার প্রভাবে অমুৎপন্ন কামছেন্দ অর্থাৎ কামাভিলাষ উৎপন্ন না হর বা উৎপন্ন কামছেন্দ প্রহীণ অর্থাৎ বিনষ্ট হয়। হে ভিক্ষ্পণ, জ্ঞান-পূর্ম্বক শরীরের অনিত্যতা চিন্তা করিলে অমুৎপন্ন কামছেন্দ উৎপন্ন

বুদ্ধের জীবন ও বাণী

হয় না এবং উৎপন্ন কামছেন্দ প্রহীণ হয়। হে ভিক্সুগণ, আমি অন্ত একধর্মও দেখিতেছি না, যাহার প্রভাবে অন্তংপন্ন ব্যাপাদ অর্থাৎ হিংসা এবং পরের অনিষ্টকামনা ইত্যাদি উৎপন্ন হয় না, কিংবা উৎপন্ন ব্যাপাদ প্রহীণ হয়। হে ভিক্সুগণ, জ্ঞানপূর্বকি মৈত্রী-চিন্ত-বিমৃক্তি মনন করিলে অন্তংপন্ন ব্যাপাদ উৎপন্ন হয় না এবং উৎপন্ন ব্যাপাদ বিনষ্ট হয়, অর্থাৎ মন যথন সর্ব্বপ্রাণীর প্রতি মৈত্রীময় হয়, তথন কামাভিলাষ, পরের অহিতচিন্তা ও ওদ্ধত্য প্রভৃতি দূর হইয়া থাকে।

বৌদ্ধনাধনা

(দ্বিতীয় প্রস্তাব)

বৌদ্ধনার গোড়াকার কথা অবিভার সহিত সংগ্রাম।
বোধিক্রমতলে মহাপুরুষ বৃদ্ধ যে দিন সাধনায় সিদ্ধি লাভ করিলেন,
সেদিন মানবজীবনের কোন্ হুজ্জের রহস্য তাঁহার নিকট উদ্ঘাটিত
হইল ? তিনি তাঁহার নবলন প্রজ্ঞানুষ্টির দ্বারা দেখিলেন—
অবিদ্যা হইতে সংস্কার, সংস্কার হইতে বিজ্ঞান, বিজ্ঞান হইতে
নামরূপ, নামরূপ ইইতে বড়ায়তন, বড়ায়তন হইতে স্পর্শ, স্পর্শ
হইতে বেদনা, বেদনা হইতে তৃষ্ণা, তৃষ্ণা হইতে উপাদান, উপাদান
হইতে ভব, ভব হইতে জন্মলাভ হয়। এই জন্ম হইতেই মানব
রোগ শোক জরা ব্যাধি মৃত্যু ও হুংথের বন্ধণা ভোগ করিয়া
থাকে।

মানবের এই মহন্দু:থের অন্তিত্ব, ইহার উৎপত্তির কারণ এবং
নির্ভির উপায়-নির্দারণেই মহাপুরুষ বুদ্ধের প্রতিভা প্রকাশ
পাইরাছে। অবিদ্যাকেই তিনি মূলব্যাধি বলিয়া নির্দেশ করিয়াছেন।
এই অবিদ্যার বিনাশ হইলেই ইহ-জীবনেই মানব নির্বাণ লাভ
করিতে পারেন। বুদ্ধদেব ধল্পদে বলিয়াছেন—অবিজ্ঞা পরমং
মলং।

তিনি সাধককে সম্বোধন করিয়া বলিতেছেন:—এতং মলং প্রহান নিম্মলা হোথ ভিক্থবো। হে ভিক্স্গণ, এই মলিনতা ত্যাগ করিয়া নির্মাল হও। এই অবিদ্যার বিনাশের জন্যই তিনি অন্ত আর্য্য মার্গ নির্দেশ করিয়াছেন। ইহারই সহিত সংগ্রামের জন্য সাধক মৈত্রী করুণা ও মুদিতা ভাবনা অবলম্বন করেন; এই জন্যই তিনি মানব-জীবনের অপরিহার্য্য ছংখ এবং সমগ্র প্রাণীর মূল ঐক্য চিন্তা করিয়া থাকেন। শীলগ্রহণেরও তাৎপর্য্য ঐ নিরুষ্টতম মলিনতার বা অবিদ্যার বিনাশ।

অংশতঃ এই অবিভাকেই পরাভূত করিয়া সাধক যথন সাধনার ক্ষেত্রে প্রবেশ করেন, তথনও পাপপ্রলোভনের নানামূর্ত্তি ধরিয়া এই অবিভাই তাঁহাকে নানা দিক হইতে আক্রমণ করিয়া থাকে। সাধক জানেন, অবিভা তাঁহাকে বিশ্ব হইতে বিমৃক্ত করিয়া ক্ষুদ্র "অহং" এর সংকীর্ণ প্রাচীর মধ্যে আটক করিয়া রাথিয়াছে; মাঝে মাঝে চকিতের ভায় তিনি তাঁহার আপনার সেই বৃহৎ সন্তা অমুভব করেন বটে, কিন্তু সাধারণতঃ তিনি তাঁহার ক্ষুদ্র সন্তাকেই সত্য বলিয়া মনে করেন। অবিভার বণে প্রবর্তকের মনে এই সমরে কথনো কথনো ক্রীয় অবাদিত আগ্রমার্শের প্রতি অবিশাস

বুদ্ধের জীবন ও বাণী

জন্মিয়া থাকে; আবার কথনো সদ্ধর্ম ও শুভ প্রচেষ্টার উপর শ্রদ্ধা হারাইরা, তিনি একাস্ত অধীর হইরা উঠেন। এই সংশর-. দোহল্যমান চিত্ত লইরাই তাঁহাকে সম্মুথের বিদকে অগ্রসর হইতে হয়। তিনি অনলস হইরা—

অভিথ্থরেথ কল্যাণে পাপা চিত্তং নিবারয়ে— মনের পাপ ধুইয়া-মুছিয়া কল্যাণের দিকে প্রাণপণে ধাবিত হইতে থাকেন। তাঁহার ভভ উজ্ঞম এবং তাঁহার দূঢ়তা একটির পর একটি করিয়া সংশয়-গ্রন্থিগুলি উন্মোচন করিতে থাকে। তাঁহার সাধনপথে বাধার অন্ত নাই: ভোগলালসা ঐহলৌকিক এবং পারলোকিক স্থথেচ্ছা ও অহংকার তাঁহার সন্মুথে স্থদূঢ় প্রাচীর-রূপে উপস্থিত হয়। তিনি শীলপালনে ও ধর্মপ্রচেষ্টায় অবিচলিত থাকিয়া, ইহাদের সহিত সংগ্রাম করিতে করিতে সম্মুখের দিকে অগ্রসর হইতে থাকেন। দিনের পর দিন তাঁহার অধ্যবসায়ের প্রভাবে ক্রমশঃ বাধাগুলি ভূমিসাৎ হইতে থাকে। প্রতিদিন তিনি তাঁহার স্বাভাবিক সাধু বৃত্তিগুলির প্রস্কুরণের চেষ্টা করেন, নব নব সদত্তণ-অর্জনের জন্ম তাঁহার প্রচেষ্টা রহিয়াছে। তিনি আপনার ভিতরে আপনি জাগরিত থাকিয়া অভ্যন্ত পাপগুলি প্রকালন ক্রিয়া ক্রমশঃ নির্মালতর হইতে থাকেন, এবং নিজের মনকে সাধু চিন্তার দারা আরুত করিয়া পাপের আক্রমণ-পথে নিত্য-নিয়ত বাধা প্রদান করেন।

এইরূপ কঠোর সংগ্রামের মধ্যদিয়া বৌদ্ধসাধক যে অবিভাকে আংশিক পরাস্ত করিয়া সাধনার ক্ষেত্রে প্রবেশ লভি করিয়াছিলেন, পরিশেষে সেই অবিভার মূলোৎপাটন করিয়া বোধিলাভ করেন। এই সময়ে সাধক আপনার কুদ্র সত্তা বিশ্বসত্তার সহিত মিলাইয়া দিয়া আপনার সত্যমূর্ত্তি দেখিতে পান।

এই যে সাধনপ্রণালীর কথা বলা হইল, ইহার মধ্যে এক হিসাবে কোনো নৃতনত্বই নাই। পূর্ব্ব-পূর্ববর্তী আচার্য্যগণ থণ্ডভাবে প্রকারান্তরে ইহা স্বীকার করিয়া গিয়াছেন। এই সাধনায় যেমন কঠোর তপশ্চর্যা নিক্ষল বলিয়া উক্ত হইল; সংযম-বন্ধনমুক্ত ভোগবিলাসও তেমনি নিন্দিত হইল। বৌদ্ধসাধন-প্রণালী প্রেমহীন শুক্ষজ্ঞান নহে; অথবা জ্ঞানহীন বিক্কৃত প্রেম বা ভাবোন্মাদ নহে। বৌদ্ধসাধনা যোগ ও ভোগের সামঞ্জন্ত; জ্ঞান ও প্রেমের সময়য়। সংক্ষেপে বলিতে হইলে বলা যায়—যাহা কিছু অকল্যাণ তাহার বর্জ্জন, যাহা কিছু মঙ্গল তাহার গ্রহণ, এবং মনকে সর্ব্বপ্রকার বাধা হইতে মুক্ত করিয়া দিয়া সর্ব্বত্র ইহার পরিব্যাপ্তি; ইহাই বৌদ্ধমাধনা।

বৌদ্ধধর্ম দার্শনিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত। সেই ভিত্তি স্থাদ্ কিনা পণ্ডিতমণ্ডলী তাহার বিচার করিতে পারেন। কিন্তু এই ধর্মের শীল ও মৈত্রী মানবহৃদয়ে চির-প্রতিষ্ঠা লাভ করিয়াছে। জ্ঞানয়পে এই ধর্মের তত্ত্ব সাধকের হৃদয়ে যে ভাবে বিরাজ্প করিয়া থাকে, করুক; এই ধর্মের যে অংশ সমগ্র জাতির এবং সমস্ত জীবের সেবার ও কল্যাণ-সাধনে প্রেমের মঙ্গলমূর্ত্তি ধরিয়া বাহিরে অভিব্যক্ত হইয়া থাকে, তাহার মনোহারিত্ব অস্বীকার করিবার উপার নাই। বৌদ্ধ সাধু জগতের মধ্যে সর্ব্বপ্রথমে আতপক্লিষ্টকে পাদপচ্ছায়া, ত্বিত পাছকে পথের মধ্যস্থলে জ্ঞলাশর ও বিশ্রাম-ভবন, অসহার রোগীকে সেবালয় এবং রোগার্ত্ত জীবকে

চিকিৎসালয় দান করিয়াছেন। বৌদ্ধ সাধুদের অসামান্ত স্বার্থত্যাপ সংযম, দয়া ও প্রেমের দৃষ্টান্ত পাঠকমাত্রেরই চিত্ত বিশ্বয়রসে অভিষিক্ত করে, সন্দেহ নাই।

বৌদ্ধ সাধকের চরম লাভ নির্বাণ। যে সাধনপ্রণালীর মধ্য দিয়া তিনি তাঁহার লক্ষ্যে উপনীত হন, তাহা আলোচনা করিলে মনে হয়, নির্বাণ বিশুদ্ধ জ্ঞানের ও বিশুদ্ধ প্রেমেরই চরম পরিণতি; ইহা নাস্তিবাচক শৃত্যতা নহে। এই সাধনার নির্বাণ, সমস্ত কুপ্রবৃত্তির নির্বাণ—কুদ্র আমিত্বের নির্বাণ—হিংসা-ছেম প্রভৃতি পাপলালসার প্রদীপ্ত শিখার চিরনির্বাণ। আর এক দিক হইতে বলা য়য়, নির্বাণ—পাপপ্রবৃত্তির নির্বাণ, প্রেমের নহে—কুদ্র সন্তার নির্বাণ, বৃহৎ সন্তার নহে—অকল্যাণের নির্বাণ, কল্যাণের নহে।

নির্বাণকে দার্শনিকগণ নানারূপে ব্যাখ্যা করিয়া থাকেন এবং তাঁহারা প্রত্যেকেই নিজ নিজ মত সমর্থন করিবার জন্ত নানা যুক্তি দেখাইয়া থাকেন। নির্বাণ যদি বৌদ্ধদর্শনের শৃন্ততা হয়, তাহা হইলেও ইহা এক অনির্বাচনীয় পরম পদার্থ। সেই শৃন্ততা শনান্তি" নহে; তাহা "অন্তি" "নান্তি" হয়েরই অতীত, তাহা বাক্য মনের অনধিগম্য তাহা অক্ষর অপ্রমেয় ও গন্তীর। এই শৃন্ততাকে যদি পরমান্মা, ব্রহ্ম, বিশ্বসন্তা, পূর্ণতা, Everlasting yea বা এই শ্রেণীর অন্ত কোনো একটা নাম দেওয়া হয়, তাহা হইলে গুরুতর ত্রম হয় বলিয়া মনে হয় না। যে শৃন্ততা একেবারেই নান্তি তাহা এমন কিছু লোভনীয় নহে যে ইহারই জন্ত সাধক প্রোণপণ সংগ্রাম করিবেন। জ্ঞানমূলক "নেতির" দ্বারা বৌদ্ধসাধক

আপনার ছোট অহংকে সংকুচিত করেন; তিনি "উস্প্রকেম্ব মম্প্রেম্থ বিহরাম অমুস্ম্রক।"—আসক্ত মমুদ্যদের মাঝখানে অনাসক্তভাবে বিচরণ করেন; তিনি বিশুদ্ধ জ্ঞানের দ্বারা— "জিঘছা পরমা রোগা সন্ধারা পরমা হুথা" লোভকে পরম রোগ এবং সংস্কারকে পরম হুংথ জানিয়া পরম স্থথ নির্বাণ লাভ করেন। আর একদিক দিয়া তিনি তাঁহার অন্তর সত্তাকে মৈত্রীভাবনাদ্বারা ভূলোকে হালোকে ম্বর্লাকে পরিব্যাপ্ত করিয়া দিয়া থাকেন। বৌদ্ধসাধনা যথার্থরূপে ব্রিতে হইলে এই হুইটি দিকই ভাবিয়া দেখিতে হইবে।

অন্তিম শ্যায় মহাপুরুষ বৃদ্ধ এই সাধনার যে প্রণালী ব্যাখ্যা করিয়াছেন মহাপরিনিব্বান স্কত্তে তাহা বর্ণিত আছে। ইহাতে তিনি চারিটি ধ্যান, চারিটি ধর্ম-প্রচেষ্টা, চারিটি ঋদ্ধিপাদ, পাঁচটি নৈতিক বল, সাতটি বোধ ও আটটি পথ নির্দেশ করিয়াছেন। তাঁহার প্রদর্শিত এই সাধনা বিশুদ্ধ জ্ঞান ও প্রেমেরই সাধনা। উরগবগ্রে মেন্ডাস্কত্তে সাধকের মৈত্রী ও কল্যাণ ভাবনার যে বর্ণনা রহিয়াছে তাহা অতীব চিত্তম্পর্শী। তথায় বলা হইয়াছে যে সাধক শান্তিপদ নির্দ্ধাণ লাভ করিতে চাহেন; তিনি কর্ত্তরাপালনে কুশল, সরল, বিনীত ও নিরভিমান হইবেন; তাঁহার অভাব অল্লই থাকিবে, অল্লেই তিনি সম্ভন্ত হইবেন, তাঁহার কোনো ছর্ভাবনার ছেতু থাকিবে না, তিনি জিতেন্দ্রিয়, সদ্বিবেচক, অপ্রগল্ভ ও অনাসক্ত হইবেন; তিনি ক্রত্ত্ব। তিনি জ্বত্ত গাপও আচরণ করিবেন না, তিনি জাবিবেন সকল জীব স্কুখী ও নিরাপদ্ হউক। তিনি ভাবিবেন, সবল ছর্ম্বল, ছোট বড়, চুই অদুষ্ট, দূরবর্ত্ত্বী সমীপবর্ত্ত্বী,

ভূতকালের ভবিঘৎকালের সকল প্রাণী স্থণী হউক; তিনি কাহাকেও বঞ্চনা করিবেন না, কাহাকেও ঘুণা করিবেন না, অথবা ক্রোধের বশবর্ত্তী হইয়া কাহারও অহিত চিস্তা করিবেন না; জননী যেমন নিজের আয়ু দ্বারা একমাত্র পুত্রের জীবন রক্ষা করেন, তিনিও তেমনি সকল প্রাণীর প্রতি অপরিমেয় প্রীতি রক্ষা করিবেন; জগতের উর্দ্ধে নিমে চতুর্দ্দিকে তিনি তাঁহার হিংসাশৃষ্ঠ বৈরশৃষ্ঠ বাধাশৃষ্ঠ অপরিমেয় প্রীতি ব্যাপ্ত করিয়া দিবেন; দাঁড়াইতে, বিদতে, চলিতে, ভইতে, যাবং না নিদ্রিত হইয়া থাকেন তাবং, তিনি এই মেত্রীভাবনায় নিবিষ্ট থাকিবেন। চিত্তের এই অবস্থাকেই সর্ব্বোৎক্রষ্ট বলা হইয়াছে। বৌদ্ধশাস্ত্র ইহাকে ব্রন্ধবিহার বা সাধুজীবন আখ্যা দিয়াছেন। বৌদ্ধশাধনার শিরোভাগে এই অনির্ক্তনীয় মৈত্রী ও মঙ্গল বিরাজিত। এই সাধনা মানবকে পরিণামে বিনাশের মধ্যে লইয়া যাইতে পারে না। পূজ্যপাদ কবিবর শ্রীফুক্র রবীক্রনাথ ঠাকুর মহাশয় একপত্রে লিখিয়াছেনঃ—

বুদ্ধদেবের আদল কথাটা কি, সেটা দেখতে গেলে তাঁর শিক্ষার মধ্যে যে অংশটা নিগেটিভ সেদিকে দৃষ্টি দিলে চল্বে না, যে অংশ পজিটিভ সেইথানে তাঁর আদল পরিচয়। যদি হঃথ দূরই আদল কথা হয়, তা'হলে বাদনালোপের দ্বারা অন্তিত্ব লোপ করে দিলেই সংক্ষেপে কাজ শেষ হয়; কিন্তু মৈত্রীভাবনা কেন ? এর থেকে বোঝা যায় যে ভালবাদার দিকেই আদল লক্ষ্য। আমাদের অহং আমাদের ভালবাদা স্বার্থের দিকে টানে, বিশুদ্ধ প্রেমের দিকে আনন্দের দিকে নয়। এইজন্ত অহংকে লোপ করে দিলেই সহজে সেই আনন্দলোক পাওয়া যাবে। "পূর্ণিমা" বলে "চিত্রায়" একটা

কবিতা আছে; তাতে আছে একদিন সন্ধার সময়ে নৌকায় ব'মে সৌন্দর্যাতত্বসম্বন্ধে একটি বই পড়তে পড়তে ক্লান্ত ও বিরক্ত হয়ে যাই বাতি নিবিয়ে দিলুম অমনি নৌকার সমস্ত জানলা দিয়ে জ্যোৎস্মার ধারা এসে আমার কক্ষ প্লাবিত করে দিলে। ঐ ছোট বাতি আমার টেবিলে অল্ছিল বলে আকাশভরা জ্যোৎস্না ঘরে প্রবেশ করতেই পারে নি। বাহিরে যে এত অজস্র সৌন্দর্য্য ভূলোক হ্যালোক আচ্ছন্ন করে অপেক্ষা করছিল তা আমি জানতেও পারি নি। অহং আমাদের সেই রকম জিনিষ: অত্যন্ত কাছের এই জিনিষ্টা আমাদের বোধশক্তিকে চারিদিক থেকে এমনি আচ্চন্ন করে রেখেছে যে অনন্ত আকাশভরা অজস্র আনন্দ আমরা বোধ कतिराज्ये भाति नारे। এই जरः दुकू रामिन निर्वतान रात जमनि অনির্বাচনীয় আনন্দ এক মুহুর্ত্তে আমাদের কাছে পরিপূর্ণরূপে প্রত্যক্ষ হবেন। সেই আনন্দই যে ব্রদ্ধের লক্ষ্য তা' বোঝা যায় যথন দেখি তিনি লোকলোকাস্তরের জীবের প্রতি মৈত্রীবিস্তার করতে বলচেন। এই জগদ্বাপী প্রেমকে সত্যরূপে লাভ কর্তে গেলে নিজের অহংকে নির্মাপিত কর্তে হয়, এই শিক্ষা मिट्ट वृक्तरमव अवजीर्ग **इ**हेशाहित्मन ; नहेत्न मासूस विश्वक আত্মহত্যার তত্ত্বকথা শোনবার জন্ম তাঁর চারদিকে ভিড় করে আসত না।

মহাবগ্ণে ষষ্ঠথণ্ডে লিচ্ছবি-দেনা-নায়ক নিগ্রন্থ সাধু সিংহের সহিত মহাপুরুষ বুদ্ধদেবের একটি আলোচনা বিন্তারিত বর্ণিত আছে। সেই প্রসঙ্গে বুদ্ধ তাঁহার সাধনার ছইদিকই স্কুম্পষ্টভাবে দেখাইয়া দিয়াছেন। অতি সংক্ষেপে তাহার সারমর্ম্ম এই——হে সিংহ, আমি ক্রিয়াবাদ অথাকার করি ইহা সত্য, কারণ আমি
শিক্ষা দিয়া থাকি কোনো সাধক যেন বাক্যে, কার্য্যে বা চিস্তার
এমন কোনো ক্রিয়া করেন না যাহা অকল্যাণকর কিংবা যাহা মনে
অকল্যাণ ভাব জন্মাইয়া দেয়।

হে সিংহ, আমি ক্রিয়াবাদ প্রীকার করি ইহাও সত্য কারণ আমি শিক্ষা দিয়া থাকি সাধক যেন বাক্যে কার্য্যে বা চিন্তায় এমন ক্রিয়াই করেন যাহা কল্যাণকর কিংবা যাহা মনে কল্যাণের ভাব ক্রুয়াইয়া দেয়।

হে সিংহ, আমি উচ্ছেদবাদ ঘোষণা করি ইহা সত্য; কারণ আমি অহংকার কামাভিলাষ কু-ভাবনা ও ত্রান্তির উচ্ছেদ ঘোষণা করি। কিন্তু আমি ক্ষমা প্রেম দাক্ষিণ্য ও সত্যের উচ্ছেদ ঘোষণা করি না।

হে সিংহ আমি বাক্যে কার্য্যে ও চিন্তার অধর্ম্মাচরণ জুগুপ্সিত বা ঘণিত বলিয়া মনে করি।

হে দিংহ, আমি অহংকার, কামাভিলাষ, কুভাবনা ও ভ্রান্তির বিনয় অর্থাৎ অপনয়ন ঘোষণা করি; কল্যাণভাবের অপনয়ন ঘোষণা করি না।

হে সিংহ, আমি হৃদয়ের অকল্যাণভাবের তপ অর্থাৎ দাহন ঘোষণা করি, কল্যাণভাবের দাহন ঘোষণা করি না।

বুদ্ধের উল্লিখিত উক্তি হইতে আমরা স্পষ্টই বুঝিতে পারি যে বৌদ্ধ-সাধনা, বিশুদ্ধ আত্মহত্যার সাধনা নহে 1 বৌদ্ধসাধক আপনার অহংকার কামাভিলাষ হইতে মুক্তিলাভ করিয়া যে শাস্তিপ্রদ নির্বাণ লাভ করেন, সেই অবস্থাটিই সাধনার সর্বোচ্চ অবস্থা কি না জোর করিয়া তাহা বলা চলে না। অধ্যাত্মতন্ত্র-সন্ধর্মে বৃদ্ধের নিস্তর্কতা আলোচনা করিয়া কেহ কেহ মনে করেন, যে মানববৃদ্ধি আধ্যাত্মিকতার যে উচ্চতম অবস্থা কয়না করিতে পারে, তাহার বাহিরে অতি উচ্চতম অবস্থাও আছে ইহা স্বীকার করিতেই হইবে। বৃদ্ধের অনস্ত-প্রসারী আধ্যাত্মিক দৃষ্টি নির্বাণের সীমাহীন আকাশ ভেদ করিয়া পরপারে উত্তীর্ণ হইয়াছিল, তাঁহার নিস্তর্কাই ইহার একটি প্রমাণ। তিনি তাঁহার অনুগত ভক্ত ও সাধারণ লোকের দৃষ্টির সন্মুথে শান্তি ও কল্যাণের আকর নির্বাণ-লোক উপস্থাপিত করিয়া সম্ভন্ট ছিলেন; সে লোক অতিক্রম করিয়া কোন লোক রহিয়াছে তাহা বলেন নাই।

বুদ্ধের এই নির্ব্বাণ সাধনার একটি চমৎকার বিশেষত্ব আছে। তিনি সাধকের সন্মুথে একটি স্থনির্দিষ্ট পথ চিত্রিত করিয়া দিরাছেন, সাধক এই পথে একমাত্র আত্মশক্তির উপর নির্ভর করিয়া চলিবেন বটে, কিন্তু তাঁহাকে কোথাও অনিশ্চিতত্বের মধ্যে পড়িয়া ঘুরিয়া মরিতে হইবে না। সাধকের চলিবার বলিবার ভাবিবার ধ্যান করিবার মনন করিবার, সময় বিষয়গুলি স্থনির্দিষ্ট এবং ধারাবাহিক-রূপে স্থবিশুন্ত। কল্যাণপথগামী সাধককে যতথানি ইঙ্গিত করিলে তিনি তাঁহার লক্ষ্যস্থানে উত্তীর্ণ হইতে পারেন তিনি তাঁহাকে ততথানিই ইঙ্গিতে জানাইয়াছেন। রোগীকে তিনি ঔষধ দিয়াছেন, হয়ত অনাবশুক বোধে তাহাকে তাহার ব্যাধির মূলকারণটি বলেন নাই। জিজ্ঞাসিত হইয়াও বৃদ্ধদেব অনেক হজের তত্ত্বের রহশুসম্বন্ধে নিরুত্তর ছিলেন; তাঁহার সেই নিস্তব্ধতা নিন্দুক্দলের আক্রমণের একটি বিষয় হইয়াছে সন্দেহ নাই। তাঁ

বলিয়া এই সাধনার চরমলক্ষ্যকে কোনোক্রমে পরিমিত বলা চলে না। নিরবশেষ আত্মতাগ করিয়া যে লাভ তাহাই পরম লাভ। স্কতরাং বৌদ্ধসাধক সাধনায় সিদ্ধিলাভ করিয়া পরম শ্রেয়ো লাভ করেন, ইহা ধ্রুব নিশ্চিত।

বৌদ্ধ সাধকের আদর্শ

জীবের অপরিহার্য্য হংথ মহাপুরুষ বৃদ্ধের চিত্ত করুণায় দ্রব করিয়াছিল। তিনি যে আঠাঙ্গিক সাধনমার্গ আবিষ্কার করিয়াছেন সেই সাধন প্রণালী হংথ নিবৃত্তিরই সাধনা। সাধনায় সিদ্ধিলাভ করিয়া প্রজ্ঞাদৃষ্টিদ্বারা শোকশল্যের সংস্থান অবগত হইয়াই তিনি সর্ব্বজীবের হিতার্থ এই পথ নির্দ্দেশ করিয়াছেন।

নির্বাণলাভের জন্ম বাঁহাদের চিত্ত ব্যাকুল হইয়া উঠে সেই সকল ধর্মপ্রাণ ব্যক্তিদের মধ্যে তিনশ্রেণীর সাধক দৃষ্ট হইয়া থকে। ইহাদের একদল তথাগতের বাণী শিরোধার্য্য করিয়া তাঁহারই নির্দ্ধারিত পথে বিহরণ করেন। হঃথের অন্তিম্ব, উত্তব, নির্ন্তি এবং নির্ন্তির উপায় এই চতুরার্য্য সত্য সম্যক্ উপলন্ধি করিয়া নির্বাণ লাভই তাঁহাদের একমাত্র লক্ষ্য। ইহারা "শ্রাবক" নামে অভিহিত হইয়া থাকেন।

দ্বিতীর শ্রেণীর সাধকগণও বিশুদ্ধ জ্ঞানের দারা শান্তিপদ নির্বাণ লাভের নিমিত্ত তথাগতের প্রদর্শিত পদ্বা অবলম্বন করেন। জন্মহেতু জীবকুল জরাব্যাধি ও মৃত্যুর যাতনা ভোগ করিতেছে,



বৃদ্ধ পরিত্রাজক

এইজন্ম অবিষ্ঠা হইতে কার্য্য কারণ পরম্পরায় কির্মপে জীবের উদ্ভব হইল ইহারা প্রজ্ঞাদারা তাহারই উপলব্ধি করিয়া নির্মাণ লাভ করিয়া থাকেন। ইহারা "প্রত্যেক বৃদ্ধ" নামে আখ্যাভ হইয়া থাকেন।

অপর শ্রেণীর সাধকগণ "বৃদ্ধত্ব" ও "সর্বজ্ঞত্ব" লাভের জন্ত পূর্ব্বপূর্ব্ব বৃদ্ধদের স্থায় নির্ব্বণসাধনায় প্রবৃত্ত হইয়া থাকেন। বিশ্বপ্লাবিনী করুণার প্রেরণায় ইহারা বিশ্ববাসী দেবমানবের স্থকল্যাণ কামনায় নির্ব্বাণসাধনা করিয়া থাকেন। ইহারা "বোধিসত্ত-মহাসত্ব" আথ্যা প্রাপ্ত হইয়া থাকেন।

উল্লিখিত তিন শ্রেণীর সাধকই নির্বাণ সাধনার নিরত হইলেও প্রাবক ও প্রত্যেক বৃদ্ধদের সাধনার সহিত বোধিসন্থদের সাধনার আকাশ পাতাল প্রভেদ লক্ষিত হইয় থাকে। বোধিসন্থ কথনো সংসারের কলকোলাহল হইতে দ্রে নিভূত শৈলগুহায় প্রবেশ করিয়া দেহের নর্মরতাধ্যান করেন না, আপনার স্থথ ও আপনার কল্যাণের জন্ম তিনি বিলুমাত্র উৎকন্তিত নহেন; অবিমিশ্র শাস্তির লোভে তিনি নির্জ্জনতার সন্ধান না করিয়া, সর্বজীবের নির্বাণ-সাধনার নিমিন্ত সংসারের কোলাহলের মধ্যেই প্রবেশ করেন। যাহারা অবিভার বশে পুনঃ পুনঃ জন্মগ্রহণ করিয়া হৃঃথ ভোগ করিতেছে, তিনি তাঁহার সমগ্র শক্তি তাহাদের হিতার্থে উৎসর্গ করেন, তাহাদের নিকটে নির্বাণের অমৃত্যমন্ত্রী বাণী প্রচার করিয়া থাকেন।

আপনার হিতার্থে আপনার ছঃধ নির্ত্তির নিমিত্ত শ্রাবক ও প্রত্যেক বুদ্ধগণ কঠিন সাধনায় প্রবৃত্ত হন। তাঁহাদের সাধনা

S

বুদ্ধের জীবন ও বাণী

প্রেমমূলক নহে, অনস্ত জীবের অশেষ হৃংথ তাঁহাদের চিস্তার বিষয়ীভূত হইতে পারে না, স্থতরাং তাঁহারা বাসনার উচ্ছেদ সাধন করিয়া নির্বাণ লাভ করিয়া থাকেন। এই নির্বাণ, বাসনার নির্বাণ মাত্র, প্রেম করণা ও দাক্ষিণ্যের চরম অভিব্যক্তি নহে। কারণ ইহারা সাধনার শেষে যে সার্থকতা লাভ করিলেন সমহৃংখী মানব তদ্ধারা বিশেষ উপকৃত হইল না; সিদ্ধি লাভের পরে তাঁহারা পাপভারাক্রান্ত সাধারণ নরনারীর সহিত মিশিতেও সংকোচ বোধ করিয়া থাকেন। তাঁহাদের ধারণা এই যে, সর্বজীবের নির্বাণ সাধনা তাঁহাদের ক্ষুদ্র জ্ঞান ও শক্তির অতীত।

কিন্তু নোধিসন্ধ আপনাকে বুদ্ধেরই স্থলাভিষিক্ত বলিয়া অন্তত্তব করেন, তিনি একাকী সংসার সমুদ্র অতিক্রম করিয়া স্থথী নহেন; তিনি বলেন—"আমি বৃদ্ধন্ত ও সর্ব্বজ্ঞন্থ লাভ করিয়া স্বয়ং যেমন সংসার সমুদ্র পার হইব, তেমনি সমস্ত দেবমানবকে পরপারে বহন করিয়া লইবার জন্ত প্রাণপণ সংগ্রাম করিব। যথন দেখিতেছি, আমার প্রতিবেশী আমারই ছায় হংসহ হংথের বোঝা বহন করিতেছে তথন আমি কেবল মাত্র আপনারই হংথ দূর করিবার জন্তু বাস্ত হইব কেমন করিয়া ?" এই নিমিন্ত তিনি সকল জীবের হংথের ভার আপনার শিরে গ্রহণ করিয়া অসাধ্য সাধনে প্রবৃত্ত হইয়া থাকেন।

এই অসমসাহসিক সাধক কোন্ ভাবনার দারা প্রণোদিত হইয়া এই সাধনসমরে অবতীর্ণ হইয়া থাকেন? তিনি ভাবেন— অবিভার বশে জীবকুল অহোরাত্র পাপাচরণে নিরত রহিয়াছে এবং তাহারই ফলে অশেষ ক্লেশ ভোগ করিতেছে। তাহাদের তুর্গতি বর্ণনাতীত। তাহারা তথাগতকে স্বীকার করে না, তাঁহারা
মঙ্গলকর উপদেশ গ্রাহ্ম করে না, সাধকদের প্রতিও তাহাদের
শ্রদ্ধা নাই। এই ভাবনার প্রথম অভ্যুদ্যে বোধিসত্ত্বের চিত্ত শোকান্ধকারে আছেল হয়; সেই শোক মন্দীভূত হইবামাত্রই
জীবের সেবার জন্ম তাঁহার হৃদয়ে অবিচলিত সাধু সন্ধন্ন জাগিয়া
উঠে, তিনি তথন সকল জীবের অবিভার বোঝা গ্রহণ করিয়া
সকলের জন্ম নির্বাণ সাধনায় প্রবৃত্ত হইয়া থাকেন; তাঁহার
বোঝা যতই ভারী হউক না কেন, সন্ধন্নের স্কৃদ্দ বঁশ্মে সমার্ত
হৃদয় কদাচ দ্মিয়া যায় না। তাঁহার প্রজ্ঞা তাঁহার করুণা তাঁহার
মৈত্রী তাঁহার স্কৃতি সমস্তই অনস্কজীবের হিত্সাধনে উৎস্ট।

কি ব্রত গ্রহণ করিয়া উদ্বৃদ্ধতিত্ত নবীন বোধিসম্ব সাধনায়
প্রবৃত্ত হইয়া থাকেন সপ্তম শতান্দীর বৌদ্ধগ্রহকার শান্তিদেব
তৎপ্রণীত বোধিচর্যাবতার গ্রন্থে তাহার বিস্তারিত বর্ণনা প্রদান
করিয়াছেন। তথায় উক্ত হইয়াছে যে, বোধিসম্ব এইরূপ সক্ষর
করেন:—বৃদ্ধদের আরাধনা করিয়া, তাঁহাদের শরণাপায় হইয়া,
স্বকৃত পাপ স্বীকার করিয়া আমি যে পুণ্য অর্জ্জন করি তাহা
জীবের হিতে ও বোধিলাভের আরুক্ল্যে বায়িত হউক। যাহারা
কুধার্ত্ত আমি তাহাদের অয়, মাহারা;ভূষিত আমি তাহাদের পানীয়
হইতে ইচ্ছা করি। আমি আমাকে আমার বর্ত্তমান ও জন্মজন্মান্তরের তাবী সত্তাকে জীবকল্যাণে উৎসর্গ করিলাম।
পূর্ব্ববর্ত্তী বৃদ্ধগণ যে ভাবের বশবর্ত্তী হইয়া ব্রত গ্রহণ করিয়াছিলেন,
আমি আপনাকে তাঁহাদের নিকটে অশেষ ঋণী মনে করিয়া সেই
ভাবের অমুবর্ত্তী হইয়া সমগ্র জীবের নির্ব্ধাণ সাধনায় প্রবৃত্ত হইলাম।

বোধিসত্ত্বের এই নির্ব্বাণ সাধনা উচ্ছেদ মূলক নহে, তিনি এক দিকে আপনার ভোগ বাসনা সম্পূর্ণ বিসর্জন করিয়া যেমন श्वार्थभूनक ष्रश्रातक मङ्कृतिक करत्रन, ष्रापत मिरक करूनात्र विशनिक হইয়া, মৈত্রী ভাবনা দ্বারা আপনাকে লোক লোকান্তরে ব্যাপ্ত করিয়া দিয়া থাকেন। তিনি ধ্যানপরায়ণ হইয়াও করুণ-হাদয়, বিনয়ী ও সহিষ্ণ। তাঁহার সকল কর্মা, সকল চেষ্টা এবং সকল ধ্যানের মূলে জীবের প্রতি অপ্রমের সহামুভূতি বিভ্যমান রহিয়াছে। অবশ্য ব্রতগ্রহণ করিবামাত্রই বোধিসন্থ সর্ব্বপাপ হইতে মুক্তি লাভ করিয়া থাকেন কেহ যেন ভ্রমেও এমন কথা মনে না করেন। পাপ প্রলোভনের হস্ত হইতে উদ্ধার লাভের নিমিত্ত তাঁহাকে শীল গ্রহণ করিতে হয় সত্য, কিন্তু তিনি জানেন যে পরার্থে আপনাকে সর্বতো-ভাবে অর্পণ করিবার জন্মই তিনি শীল গ্রহণ করিলেন। জীবের প্রতি করুণা রক্ষা করিবার নিমিত্ত তিনি অসীম ক্ষান্তিকে তাঁহার চিত্তের ভূষণ করিয়া লইয়াছেন। কোন ছর্ব্বিনীত নিষ্ঠুর ব্যক্তি তাঁহাকে আঘাত করিলেও তিনি ক্রন্ধ হইবেন না : মনে করিবেন. আমি যথন দেহধারী জীব তথন আমাকে দৈহিক উৎপীড়ন সহিতেই হইবে। আঘাতকারী ব্যক্তি আমার শক্র নহে. বৃদ্ধ-গণেরই ক্যায় পরম মিত্র: আঘাত করিয়া সে আমাকে সহিষ্ণৃতা ও ক্ষমাশীলতা শিক্ষা করিবার স্থযোগ প্রদান করিয়াছে; নিস্পাপ इरेवात निमिल् जामारक এर ७० छरें हित जिश्काती रहेरा रहेरत। যাহারা আমার সহিত শত্রুতাচরণ করে তাহাদের প্রতি কুদ্ধ না হইয়া আমি তাহাদিগকে রূপা করিব। বুদ্ধর্গণ যেমন অবিচলিত চিত্তে মুক্তির চিন্তা করিয়াছেন আমিও তাহাই করিব।

বৌদ্ধ সাধকের আদর্শ

সাধনা দারা বোধিসন্ধ দিব্যদর্শন দিব্যশ্রবণ প্রভৃতি অলৌকিক ঋদি লাভ করিয়া থাকেন এবং তিনি শ্রেষ্ঠতম মঙ্গল ও শাস্তি লাভ করিয়াও ক্বতার্থ হন। কিন্তু ব্যক্তিগত লাভালাভের প্রতি তাঁহার দৃষ্টি কোন কালেই নিবদ্ধ নহে। তিনি পরম পাপীর উদ্ধার সাধনের নিমিত্ত অকুষ্ঠিত চিন্তে নরকের হুর্গমতম প্রদেশে গমন করেন। তাঁহার সমস্ত তেজাবীর্য্য, সমস্ত উত্তম, সমস্ত চেষ্টা জীবপ্রীতির রসপ্রশ্রবণ হইতে উৎসারিত। বোধিসন্থ বৃদ্ধাণের আয় সম্যক্ সন্থদ্ধ নহেন। জীবহিত সাধনের উৎসাহের আধিক্য তাঁহার কার্য্যে কত ক্রটী কত খলন পতন দৃষ্ট হইবে। কিন্তু তাঁহার কোন অপরাধই স্বার্থপরতা দারা কলুবিত নহে, জীবপ্রেমের দ্বারা সংস্পৃষ্ট। কিন্তু সকল খলন পতন সন্থেও বোধিসন্থ বিশ্বের উদার রাজবন্ম দিরা পরিপূর্ণ আদর্শের দিকে তীব্র গতিতে অগ্রসর হইতেছেন।

বৌদ্ধ সাধকের নির্বাণ

সাধনায় সিদ্ধিলাভ করিয়া বৌদ্ধ সাধক যথন রাগদ্বেশৃষ্ঠ ও প্রশাস্তিতি হন তথন তাঁহার মনের অবস্থা কিরূপ হয় ? বাসনার নাশ সংস্কারের নাশ অবিভার নাশ হইবার পরে তিনি কি অবস্থায় জীবিত থাকিবেন ? ধন্মপদে উক্ত হইয়াছে:— যাঁহার দেহে রাগদ্বোদি কিছুই নাই, যাঁহার চিত্ত শান্তিলাভ করিয়াছে, যিনি ধর্ম্ম সম্যক্রপে উপলব্ধি করিয়াছেন সেই ভিক্ষুর অমান্ত্রী রতি অর্থাৎ আনন্দ হয়।

আমরা সাধারণ মান্ন্য যাহা কিছু করিয়া থাকি আত্মন্থ কামনাই তাহার মূলে বিভমান রহিয়াছে। আমাদের সর্ক্রিধ কর্মাচেষ্টা এই স্বার্থপরতা হইতেই উভূত হইয় থাকে। স্থতরাং আমরা যথন শুনি যে আমাদের ক্ষুদ্র "অহং" মিথ্যা, আমাদের স্বার্থপরতা মিথ্যা, সাংসারিকতা মিথ্যা তথন আমরা একান্ত সন্ধৃতিত হই। সঙ্গোচের কারণ এই যে আমাদের মনে এইরপ একটি দৃঢ় প্রত্যের বন্ধমূল আছে যে আমাদের মেহপ্রীতি দয়া মায়া সমস্ত আনন্দরসের উৎস অহংবোধের অভ্যন্তরে নিহিত আছে। যদি আমার এই অহংবোধটির বিলোপ ঘটে তবে আর রহিল কি ? কিন্তু যাঁহারা দিব্যদৃষ্টি লাভ করিয়া মানবপ্রকৃতির গুঢ় রহস্ত প্রত্যক্ষ করিয়াছেন তাঁহারা অবিচলিত কণ্ঠে ঘোষণা করিয়া থাকেন যে মানবের কুদ্র অহংবোধের বিলোপ ঘটিলেই বিশ্বব্যাপী আনন্দ তাঁহার নিকটে অবারিত হয়।

যে ব্যক্তি স্বার্থপর, অজ্ঞানতাপ্রযুক্ত "আমি" ও "আমার"

এই লইয়াই ব্যস্ত-প্রতিবেশীকে, সর্বমানবকে বিশ্বসংসারকে সে ভালবাসিবে কেমন করিয়া ? এই অজ্ঞানতা কিংবা অবিহ্যা উচ্চ প্রাচীরের স্থায় চারিদিক হইতে তাহার দৃষ্টি রোধ করিয়া রাখে। ক্রেদীর ন্যায় এই কারাগারের মধ্যে সে বাস করে. কারাবাসের অসহা ত্রঃখ সে অমুভব করে. কত সময়ে ত্রঃসহ ত্রুংথে অধীর হয়, কিন্তু তথাপি ঘুরিয়া-ফিরিয়া ঐ কারাবেষ্টনের মধ্যেই তাহার দিন কাটিয়া যায়। এই আত্যন্তিক তঃথের নিবৃত্তিই একনাত্র বৌদ্ধ সাধনার নহে. সর্বদেশের সকলপ্রকার সাধনার প্রধান লক্ষ্য। বাঁহারা আপন আপন জীবনের সাধনাদ্বারা বিশ্ববাসীকে এই তঃথ নিবৃত্তির উপার দেখাইয়া দিয়াছেন তাঁহারাই সর্বদেশে মহাপুরুষ বলিয়া পূজিত হইতেছেন। তাঁহারা মহাসত্ত্ব বা মহাপুরুষ, কেননা তাঁহারা ক্ষুদ্রতার, অবিভার কিংবা অহংকারের প্রাচীর ভাঙ্গিরা ফেলিয়া আপনাকে সর্ব্ব মানবের প্রমাগ্রীয় করিয়া দিয়াছেন। মহাসাধকদিগের বাণী বিভিন্ন হয় হউক, সাধনার প্রণালী বিচিত্র হয় হউক, কিন্তু তাঁহাদের সাধনার মূল এবং তাহার পরিণতি অভিন্ন। অত্যন্ত চুঃথই সকলকে সাধনায় প্রবৃত্ত করিয়াছে এবং সিদ্ধি লাভ করিয়া সকলেই শুদ্ধসত্ত্ব হইয়া ত্রুংথের হাত হইতে অব্যাহতি লাভ করিয়াছেন। সিদ্ধি লাভ করিবার পরে মহাপুরুষ আর বন্ধজীব নহেন, মুক্তজীব। তথন তাঁহার স্বার্থমূলক আমিত্বের বিলোপ ঘটে বলিয়া তিনি আত্মত্বথ কামনায় কিছুই করেন না, যাহা কিছু করেন সমস্তই সর্বহিত কামনায় সম্পাদিত হইয়া থাকে। যাহাতে সকলের কল্যাণ যাহাতে সকলের স্থুখ, প্রশান্তচিত্ত মহা-পুরুষ তাহাই করিয়া থাকেন। অবিখার হস্ত হইতে মুক্তি লাভ করিরা তিনি যথন দিব্যচকু দারা ধর্মদৃষ্টি দারা সমস্ত প্রত্যক্ষ করেন তথনই জীবের প্রতি প্রেমে করুণায় তাঁহার হাদয় পূর্ণ হইরা উঠে। এই প্রীতি এই করুণা সাধারণ মানবের নাই বলিরা ধন্মপদ ইহাকেই "অমাম্মনী রতি" বলিরা থাকিবেন।

ধ্যানপ্রভাবে সাধকের চিত্ত যথন প্রশাস্ত হয়, এবং বৈরাগ্য-বলে তাঁহার মন যথনি নির্বিকার হয়—তথনই নিত্য সত্যের সহিত তাহার সাক্ষাৎকার ঘটে; অর্থাৎ জ্ঞান স্থাের উদরে তথন অবিতার অন্ধকার বিদূরিত হয়। এই সময়ে বৌদ্ধ সাধক চারিটি আর্য্য সত্য প্রত্যক্ষ করেন। তিনি তথন স্বস্পষ্ট বৃঝিয়া থাকেন. হংথ কি ? হংথ কেমন করিয়া উৎপন্ন হয় ? হংথের নিবৃত্তি কিরূপ ? এবং হু:খ দূর করিবার উপায় কি ? যে ব্যক্তি নিম ভূমিতে বিচরণ করে চারিদিকের সংকীর্ণ সীমা তাহার দৃষ্টি রোধ করিয়া রাখে, কিন্তু যথনই সে অত্যুচ্চ পর্বতের শৃঙ্গদেশে দণ্ডায়মান হয় তথনই তাহার দৃষ্টির প্রসার বর্দ্ধিত হয়। সাধনার ক্ষেত্রে একথা সত্য। মানব যতদিন জরা ব্যাধি মৃত্যুর লীলাভূমির মধ্যে বিচরণ করেন ততদিন অহংকারের গণ্ডী তাঁহার দৃষ্টি আবদ্ধ করিয়া রাখিবেই কিন্তু যথন তিনি ধ্যানের উচ্চ চূড়ায় আরোহণ করিয়া নিম্নক্ষেত্রে এই সকলের দিকে দৃষ্টি নিক্ষেপ করেন তথনই এই জরাব্যাধির মৃত্যুর সত্য রূপ তাঁহার জ্ঞানগম্য হইরা থাকে। যিনি হু:থের মধ্যে নিমজ্জিত, হু:থের জালা তিনি অমুভব করেন সত্য, কিন্তু হৃঃথের খাটি চেহারা তিনি -দেখিতে পান না। সাধক তৃ:থের উদ্ধে উন্নীত হইয়াই তৃ:থের সত্যমূর্ত্তি দর্শন করেন। ইহাই তাঁহার নির্বাণ লাভ।

স্থুলতঃ বৌদ্ধ সাধকের নির্ব্বাণ, বাসনার নির্ব্বাণ—সংস্কারের নির্বাণ, হঃখের নির্বাণ। কিন্তু এই নির্বাণ কেবলমাত বিনাশ নহে,—কারণ মানব ভ্রান্তির হাত হইতে অব্যাহতি লাভ করিয়াছেন মাত্র; সাধনার পূর্ব্বে তিনি নিম্নভূমিতে অবস্থিত ছিলেন বলিয়া যাহা তাঁহার প্রত্যক্ষগোচর ছিল না, সাধনা দ্বারা উর্দ্ধে অবস্থিত হইয়াছেন বলিয়া তাহা সত্যরূপে তাঁহার দৃষ্টি আকর্ষণ করিয়াছে এইনাত্র। বৈজ্ঞানিক তাঁহার আলোক যন্ত্র ঘুরাইয়া-ফিরাইয়া যথন একথানি পটের উপরে আলোকপাত করেন তথন তাহার উপরে নানা চিত্র প্রতিবিম্বিত হইয়া থাকে, অনস্ত আকাশে স্বালোকপাত করিলে প্রতিবিম্ব দৃষ্টিগোচর হয় না। মানবের আমিত্বও এইরূপ একথানি সমীপবর্ত্তী স্থূল পটমাত্র, উহারই উপরে নানা হঃখবেদনার ছবি প্রতিবিশ্বিত হইয়া থাকে. কিন্তু তাহার বুদ্ধি যথন সুল আমিত্বকে অতিক্রম করিয়া অসীমে মিশিয়া যায় তথন আর তাহার হুঃখ বোধ থাকে না। এইরূপ আমিত্বের বিলোপ ঘটিলেই সাধক ছঃখ হইতে मुक्ति लाভ करतन। ইहाই निर्काण। এই निर्काणक क्विनमाज বিনাশ বলা চলে না; কারণ সাধকের চিত্ত আমিত্বের সীমা হইতে মুক্তি লাভ করিয়া অসীমের মধ্যে নিমজ্জিত হইল। সমস্ত বাধা ও বিকার দ্রীভূত হওয়ায় তাঁহার চিত্ত এখন সর্বাঙ্গীন স্বাধীনতা লাভ করিল, ইহাই মুক্তি ইহাই নির্মাণ, ইহা বিনাশ নহে।

বৌদ্ধণার্শনিকগণ নানাদিক দিয়া নানাভাবে নির্ব্বাণ রহস্ত আলোচনা করিয়াছেন, সেই উচ্চ তত্ত্ব আমাদের আলোচনার বিষয় নহে। নির্ব্বাণপ্রাপ্ত সাধকের অবস্থা কিরুপ হয় তাহাই আমাদের আলোচ্য বিষয়। ধন্মপদ বলেন,—সাধক বুদ্ধির স্থৈয় সম্পাদন

বুদ্ধের জীবন ও বাণী

করিয়া, শীলাদি আচরণ পালনে নিপুণ হইয়া স্থানুভব করিতে করিতে হৃঃথের ধ্বংস করিয়া থাকেন। আবার মহাপুরুষ বুদ্ধের সাধনার যে মনোহর বিবরণ ললিতবিস্তরে বিবৃত আছে তাহাতেও গ্রন্থকার মহাপুরুষের মুথে এই বাণী বলাইয়াছেন:—

মৈত্রীবলেন জিত্বা পীতো মেহ শ্মিন্নমৃতমণ্ডঃ। করুণাবলেন জিত্বা পীতো মেহ শ্মিন্নমৃতমণ্ডঃ। মুদিতাবলেন জিত্বা পীতো মেহ শ্মিন্নমৃতমণ্ডঃ! ভিন্না ময়াহৃবিতা দীপ্তেন জ্ঞানকঠিনবজ্ঞেণ।

এই বোধিমূলে বসিরা মৈত্রীবলে জয় লাভ করিরা আমি অমৃত রস পান করিতেছি, করুণাবলে জয়লাভ করিয়া আমি অমৃত রস পান করিতেছি, মুদিতা বলে জয়লাভ করিয়া আমি অমৃত রস পান করিতেছি। প্রদীপ্ত জ্ঞানরূপ কঠিন বজ্ঞে আমি অবিভাকে ছেদন করিয়াছি।

এই যে সিদ্ধি, ইহাতে যেমন মৈত্রী করুণা ও মুদিতা আছে
অন্ত দিকে তেননি আমিন্ববিহীন পরিশুদ্ধ জ্ঞান আছে। এই সিদ্ধি
লাভ করিয়াই সাধক "অমান্ত্রমী রতি" লাভ করিয়া থাকেন।
তাঁহার চিত্ত আমিন্ববিহীন শুদ্ধ বিশুদ্ধ জ্ঞানলোকে বিহরণ করে
এমন নহে; সমস্ত জগতে যাহা কিছু কল্যাণ যাহা কিছু স্বথ
তাহারই অন্তগত হওয়ায় সাধকের চিত্ত পরিপূর্ণ আনন্দের মধ্যে
প্রবিষ্ট হয়।

भ प्रशासिक समय दे । अस्ति अस्ति अस्ति । अस्ति अस्ति अस्ति ।

গ্রন্থকার প্রণীত

শিখগুরু ও শিখজাতি

সম্বন্ধে কয়েকটী অভিমত

মডারন্ রিভিউ বলেন:—

The book is admirably planned and is not marred by preconceived notions. It is happily free from all bias—especially is it not disfigured by that anteforeign feeling to which some enthusiastic latter day authors are prone when they speak of the Maratha and the Sikh community in the days of their glorious independence. This is the sheer blindness of a certain section of our public men; they want the European spirit in every department of thought and action and yet are perversely railing against that very influence which is required to shape and mould our social polity.

All the leading Sikh Gurus have been distinctly sketched. The language is quite modern, is simple and chaste, is not at all shotted with Sanscritist phraseology and the narrative flows on unimpeded

by prejudice or predilection.

The introduction is the chief feature. * * * .

The rise, growth and fall of the Sikh power have been traced with a master's hand and the real causes of its decay have been analysed with unsurpassable skill. The main point on which Babu Robindra Nath has laid great stress is the fact that the religious teachings of the first Gurus should not have been allowed to be diverted to earthlier political purposes, the spark of spiritual fervour should not have been used in igniting the faggots of military enthusiasm whose intense glows

certainly spread over the particular community for a while but left the rest of the country untouched, unmoved, unquickened, left it, as it was before, buried in sloth, selfishness and frigid indifference. The Sikh reformers made a huge mistake when they turned the spirit, current into the degraded channels of martial ambition and renown the stream which brokeforth and issued from the snow-clad heights and sweetened the lives of men, became choked amidst the base sands.

All sincere students of literature must welcome such works. They indicate that the historic spirit, the historic attitude, the historic vision which Indian writers never possessed before has been born.

ভারতী বলেন :---

গ্রের ভাষা স্থন্দর হাদয়গ্রাহী ও প্রাঞ্জল, বিভালয়ের ছাত্রগণের পক্ষে এমন উপযোগী ইতিহাস গ্রন্থ বঙ্গভাষায় অল্লই
আছে। ইহা শুধু ইতিহাসের কল্পাল নহে, লেথকের সহাদয়তাশুনে বর্ণিত বিষয়গুলি যেন চোথের সম্মুথে ফুটিয়া উঠিয়াছে।
ইতিহাস গ্রন্থ রচনায় শরৎবাবু নৃতন পপ্থা অবলম্বন করিয়াছেন।
গ্রন্থথানিতে বেশ একটি ধারাবাহিকতা আছে, ইহার অংশগুলি
স্বতম্ব বা বিচ্ছিল্ল নহে, ইহাই তাহার ইতিহাস গ্রন্থের বিশেষম্ব।
বর্জমান গ্রন্থথানি আরো উপাদের হইয়াছে গ্রন্থের প্রারম্ভের ববীক্র
বাব্র ভূমিকা সমাবেশে। স্কুচিন্তিত ভূমিকাথানি পাঠ করিলে
ইতিহাস কাহাকে বলে তাহার বিশদ আভাস পাঞ্রান্থর। শিথ
ও মারাঠাজাতির উথান-পতনের কারণ নির্দেশ, ভারতীয় আদর্শের
স্বাতয়্রানির্ণয় প্রভৃতি বিষয়গুলি কবিবরের ভূমিকায় বেশ স্কুম্পাইভাবে
বিবৃত হইয়াছে। এমন জ্ঞানগভীর রচনা বছদিন পাঠ করি

নাই। গ্রন্থের ছাপা, বীধাই বেশ মনোজ্ঞ হইরাছে। গুরু নানক, গুরু গোবিন্দ, সের সিংহ, রণজিৎ সিংহ, খঙ্গা সিংহ, অমৃতসরের শুর্ণ মন্দির প্রভৃতি বহু চিত্র গ্রন্থে সরিবিষ্ট হইরাছে।

অধ্যাপক শ্রীযুক্ত বিনয় কুমার সরকার বলেন :--

বাঙ্গালা দেশে ইতিহাস সাহিত্য যে অবস্থায় রহিয়াছে তাহাতে আমাদের বিচিত্র জাতীয় জীবনের সর্ব্বাঙ্গীন ও কার্য্যকারণ সম্বন্ধন্দক ইতিহাস প্রণয়ন অসম্ভব মনে করি। এখন বিশেষ বিশেষ অধ্যায়ের জন্ম বিদেশীয় ঐতিহাসিক প্রণীত বিভিন্ন গ্রন্থাবালী হইতে প্রধান প্রধান তথ্যগুলি সঙ্কলন করিয়া সামঞ্জন্ম বিধান করিতে পারিলেই আমাদের অভাব কথঞ্চিত পূরণ হইতে পারে। আপনার ইতিহাস রচনা কার্য্যে আমাদের এই অভাব যে পূরণ হইতেছে সে বিষয়ে কোন সন্দেহ নাই। যে সকল বিভালয়ে নাতৃভাষার সাহায্যে ইতিহাসাদি শিক্ষা প্রদানের ব্যবস্থা আছে তাহাদের কর্ভূপক্ষেরা এবং শিক্ষাম্বরাগী অভিভাবকগণ আপনার পুস্তুক সাদরে ব্যবহার করিবেন—এইরূপ আমার বিশাস।

আপনার পুস্তকে ঐতিহাসিকোচিত সংযম, ও উচ্ছ্বাস প্রবণতার অভাব দেখিয়া আনন্দিত হইয়াছি। আপনার প্রয়াসে বাঙ্গালা সাহিত্য একথানি বাক্যাড়ম্বরশৃন্ত, তথ্যপূর্ণ ও ধারাবাহিক ইতিহাসগ্রন্থ লাভ করিল। শিক্ষার্থিগণের পক্ষে ইহা শিক্ষাপ্রদ হইবে।

শিবাজী ও মারাঠাজাতি

সম্বন্ধে কয়েকটি অভিমত

ভারতী বলেন-

স্থথের বিষয় বঙ্গীয় সাহিত্যসেবিগণের দৃষ্টি ইতিহাসের প্রতি আরুষ্ট হইয়াছে। কিন্তু অধিকাংশ লেখক প্রায়ই ইতিহাসের বাহ বস্তু, রক্ত মাংস লইয়াই ব্যস্ত ; অধিকাংশ গ্রন্থ তাই খ্রীষ্টান্দে, যুদ্ধ বিগ্রহের বর্ণনায় পরিপূর্ণ। অবশ্র এ কথা বলিতেছি না যে ঐতিহাসিক ঘটনা বা তারিখের কোন মূল্য নাই। ঐতিহাসিক তথ্যের মূল্য যথেষ্ট, কারণ ঐ সকল ঘটনার অন্তরালে যে শক্তি কাজ করিতেছে তাহার রহস্ত ভেদ না হইলে আমরা ইতিহাসের অভ্যন্তরীণ প্রাণটুকুর সন্ধান পাই না। বর্ত্তমান গ্রন্থথানি রাণাডে লিখিত Rise of the Mahratta Power ও কাথেন গ্রাণ্টডফের ইতিহাস অবলম্বনে লিখিত। কিন্নপে একটি জাতি গঠিত হয়. কোন কোনু শক্তি ও ঘটনা দ্বারা তাহার অভ্যুত্থান ও পতন হয়, কিরুপে একটা জাতির ব্যবস্থাবিধি, আচার ব্যবহারের মধ্য দিয়া জাতীয় জীবন প্রবাহিত হয়, রাষ্ট্রীয় শাসন প্রণালী, অধিকার বিধি প্রবর্ত্তিত, পরিবর্ত্তিত ও পরিণত হয়, ইহাই ইতিহাসের কল্পাল (constitutional history); মারাঠাগণ কিরূপে সহসা মাথা তুলিরা দাড়াইল,—কিরূপে বিভিন্ন দলগুলি সম্মিলিত হইল, কিরূপে শিবাজী মারাঠাদিগের এই অভ্যুদয়ে আপনার ঐশীশক্তি নিয়োজিত করিয়া রাষ্ট্রীয় স্বাধীনতার প্রতিষ্ঠা করিলেন; নিরক্ষর শিবাজীর প্রতিভা কোন কোন উপায়ে প্রকৃষ্ট প্রকাশের সথ পাইল;— বিচ্ছিন্নতার মধ্যে ঐক্য আবিষ্কার করিয়া, থণ্ডিত অংশগুলিকে সংযোজিত করিয়া কিরূপে এক সমগ্র জাতি গঠন করিল, এই গ্রাছে তাহাই বিশদ ভাবে আলোচিত হইয়াছে। কেবল রাষ্ট্রীয় ইতিহাস
লইয়া শরংবাবু গ্রন্থথানিকে নীরস করিয়া তোলেন নাই। ঐতিহাসিক তথ্যেরও যথোচিত আলোচনা করিয়াছেন; আফজলথার
হত্যা বর্ণন প্রসঙ্গে তিনি শিবাজী চরিত্রের ত্ররপনেয় কলম্ব মোচনে
সফল হইয়াছেন। এই গ্রন্থে কবিবর রবীক্রনাথ একটী উপাদেয়
ভূমিকা লিথিয়া দিয়া মারাঠা ইতিহাসের বিশেষত্ব ও বৈচিত্র্য অতি
প্রাঞ্জল ভাবে বুঝাইয়া দিয়াছেন। ঐতিহাসিক সাহিত্যবিভাগে এই
কুদ্র গ্রন্থথানি যথেষ্ট আদরের সামগ্রী। ভরসা করি, সাধারণ্যে
ইহার বিশেষ সমাদর হইবে।

প্রসিদ্ধ ঐতিহাসিক অধ্যাপক শ্রীযুক্ত যতুনাথ সরকার, এম্ এ, মহোদয় লিখিয়াছেন—

শিবাজী ও মারাঠাজাতি পড়িলাম। আপনার প্রয়াস প্রশংসনীয়। আপনি শুধু ঘটনা বিস্থাস করিয়াই ক্ষান্ত হন না, মারাঠা ইতিহাসের উপদেশগুলি বুঝাইয়া দিয়াছেন। মারাঠাজাতি কিরুপে বড় হইল, কেন তাহাদের পতন হইল, নেতাদের চরিত্র ও শাসন প্রণালী এবং তাহার ফল, জাতির উপর দেশের ভৌগোলিক অবস্থার ও অতীতের প্রভাব,—এ সমস্ত বিষয় আলোচনা করিয়া আপনার বইথানিকে পূর্ণাঙ্গ ও উপদেশপ্রদ করিয়া তুলিয়াছেন ইহাই প্রকৃত ঐতিহাসিকের কর্ত্তব্য। বইথানি ছোট বটে, কিন্তু আমার বোধ হয় ইহাকে শিক্ষায় ব্যবহার করা যাইতে পারে। প্রথমে ছেলেদিগকে এই বই হইতে মারাঠাইতিহাস মোটামুট শিথাইয়া, পরে অন্ত বড় গ্রন্থ হুইতে গর ও বর্ণনা শুনাইয়া ছাত্রদের জ্ঞান সহজেই বিস্তীর্ণ এবং পুস্তিকার উপদেশ আরও গভীর ও ব্যাপক করিয়া দেওয়া যাইতে পারে।

প্রবাসী বলেন---

বহু জ্ঞাতব্য নৃতন তথা ইহাতে পাওয়া ঘাইবে। মহাআ শিবাজীর মহৎচরিত্রে নৃতন আলোকপাত হইন্নাছে। ইহাতে শিবাজীর রাজত্ব, তাঁহার বংশধরদিগের বৃত্তান্ত ও পেশোয়েদিগের শাসন সংক্ষেপে বর্ণিত হইয়াছে। এই গ্রন্থে একটি দেশের প্রকৃত ইতিবৃত্ত একটি নেশন সংগঠনের চেষ্টার ইতিহাস পাওয়া যাইবে। দেশের রাষ্ট্রশক্তি উদ্বৃদ্ধ হইয়া যে সাম্রাজ্য সংস্থাপন করে তাহাই প্রকৃত নেশনের ইতিহাস, তাহার স্থ্রপাত মারাঠারাই করিয়াছিলেন। এই শুভপ্রচেষ্টা কেন নিম্ফল হইল তাহারও কারণ এই পুস্তকে নির্দেশ করা হইয়াছে। এই পুস্তকের উপাদেয়তা বৃদ্ধি হইয়াছে কবিবর শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুরের ভূমিকা থাকাতে। তিনি সংক্ষিপ্ত ভূমিকায় অতি স্থলর ভাবে দেখাইয়া-ছেন জাতীয় ইতিহাস কাহাকে বলে, কি অবস্থায় নেশন গঠিত হয়, মারাঠাজাতির বিশেষত্ব কোথায় এবং তাহাদের সহিত শিবাজীর কি সম্পর্ক। এই গ্রন্থ বালকদিগের গৃহ পাঠ্য করা উচিত। অভিভাবকগণ বিবেচনা করিবেন, কারণ বিম্থালয়ে ইতিহাস পাঠনা ত উঠিয়া গেল, যাহা বা হইবে তাহা বিদেশীয় ইতিহাস, বিলাস অত্যাচারের ইতিবৃত্ত আমাদের জাতীয় কথার স্থান তাহাতে নাই। সম্প্রতি কতকগুলি ইতিহাস গ্রন্থ বাংলায় প্রকাশিত হইল। ইহা অতি স্লব্দণ। এক্ষণে পাঠক সাধারণ ইহার সমাদর করিলেই মঙ্গল। সমালোচ্য গ্রন্থের ছাপা কগজ পরিষ্কার।

প্রাপ্তিস্থান—ইণ্ডিয়ান পাবলির্গিং হাউস ২২নং কর্ণওয়ালিস ষ্ট্রীট কলিকাতা।

মহিয়াড়ী সাধারণ পুস্তকালয়

নির্দ্ধারিত দিনের পরিচয় পত্র

বৰ্গ সংখ্যা	নিষ্কারিত দি(পরি	রের পরিচয় প্র গ্রহণ সংখ্যা ····	
এই পু্্ গ্রন্থাগারে অবং জ্বিমানা দিত্তে	ষ্টকথানি নিম্নে নি গ্যুফেরত দিতে হইট	অংশ সংখ্যা	বা ভাহার পূর্ব্বে ১ টাকা হিসাবে
भिक्तांति किन	নির্দ্ধারিত দিন	নিৰ্দ্ধারিত দিন	নির্দ্ধারিত দিন
66 D.			-
D MAY 2004			
6 AUG 2004			
	!		

এই পুস্তকথানি বাক্তিগভভাবে অথবা কোন ক্ষমতা-প্রদত্ত